CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

2-3

आम्नाय-ग्रन्थालय,
भरतमिलाप, कचौड़ी
वाराणसी-5

आम्नाय-ग्रन्थालय,
भरतमिलाप, कचौड़ी
वाराणसी-5

-ग्रन्थालय
ौड़ी, वाराणसी-५

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

L. C. Sharma

आम्नाय—ग्रन्थालय,
नवनिर्मित, करौंदी
वाराणसी-5

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

आम्नाय-ग्रन्थालय,
पातनिधि, [illegible]
वाराणसी-5

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

आम्नाय–ग्रन्थालय,
भरतनिधि, करौंदी
वाराणसी-5

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

आम्नाय—ग्रन्थालय,
भरतनिधि, करौंदी
वाराणसी-5

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

মনের বাসনা পূর্ণ অচিরাতে হয় ।
দেবকীনন্দনদাস এই লোভে কয় ॥
ইতি শ্রীদেবকীনন্দন-দাস-বিরচিত
শ্রীশ্রীবৈষ্ণব-শরণ সমাপ্ত ॥

শ্রীশ্রীনাম-সংকীর্ত্তন ।

জয়জয় শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥
জয়জয় শচীসুত গৌরাঙ্গসুন্দর ।
জয় নিত্যানন্দ পদ্মাবতীর কোঙর ॥
জয়জয় সীতানাথ অদ্বৈতগোসাঞি ।
যাঁহার কৃপাতে পাই চৈতন্য-নিতাই ॥
জয়জয় গদাধর প্রেমের সাগর ।
গৌরাঙ্গের প্রিয়োত্তম পণ্ডিতপ্রবর ॥
শ্রীবংশীবদন জয় গৌরপ্রিয়োত্তম ।
শ্রীবাসপণ্ডিত জয় জয় ভক্তগণ ॥
সভাকার পদরেণু শিরে রহু মোর ।
যাহার প্রভাবে নাশে কলি মহাঘোর ॥
জয়জয় গুরুগোসাঞি শরণ তোঁহার ।
যাঁহার কৃপাতে তরি এ ভব-সংসার ॥
জয়জয় রসিকেন্দ্র স্বরূপগোসাঞি ।
প্রভুর নিকটে যাঁর অত্যন্ত বড়াই ॥
জয় রূপ সনাতন ভট্ট-রঘুনাথ ।
শ্রীজীব গোপালভট্ট দাস-রঘুনাথ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জয়জয় নীলাচলচন্দ্র জগন্নাথ।
মো-পাপীরে কৃপা করি কর আত্মসাথ॥
জয় শ্রীগোপালদেব ভকতবৎসল।
নবঘন জিনি তনু পরম উজ্জ্বল॥
জয়জয় গোপীনাথ প্রভু প্রাণ মোর।
পুরীগোসাঞি লাগি যাঁর নাম 'ক্ষীরচোর'॥
জয় রাধে জয় কৃষ্ণ জয় বৃন্দাবন।
জয়জয় শ্রীরাসমণ্ডল সর্ব্বোত্তম॥
শ্রীরাস-নাগরী জয় জয় নন্দলাল।
জয়জয় মোহন শ্রীমদনগোপাল॥
জয়জয় বংশীবট জয় শ্রীপুলিনা।
জয়জয় শ্রীকালিন্দী জয় শ্রীযমুনা॥
জয় রে দ্বাদশবন কৃষ্ণলীলাস্থান।
তাল-বন খাজুর-বন ভাণ্ডীর-বন নাম॥
জয়জয় বেল-বন খদির বহুলা।
জয়জয় কুমুদ-কাম্য-বনে কৃষ্ণলীলা॥
জয়জয় নিভৃত নিকুঞ্জ রমাস্থান।
জয়জয় শ্রীবনাদি ভদ্র-বন নাম॥
জয়জয় শ্যামকুণ্ড জয় ললিতাকুণ্ড।
জয়জয় রাধাকুণ্ড প্রতাপ-প্রচণ্ড॥
জয়জয় মানসগঙ্গা জয় গোবর্দ্ধন।
জয়জয় দানঘাট-লীলা সর্ব্বোত্তম॥
জয়জয় বৃষভানুপুরনামে গ্রাম।
যথায় সঙ্কেত—রাধাকৃষ্ণলীলাস্থান॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জয়জয় বিমলাকুণ্ড জয় নন্দীশ্বর।
জয়জয় কৃষ্ণকেলি পাবনসরোবর॥
জয়জয় রোহিণীনন্দন বলরাম।
জয়জয় রাধাকৃষ্ণ স্বয়ং রসধাম॥
জয়জয় মধুবন মধুপানস্থান।
যাহাঁ মধুপানে মত্ত হৈলা বলরাম॥
জয়জয় রামঘাট পরম নির্জ্জন।
যাহাঁ রাসলীলা কৈলা রোহিণীনন্দন॥
জয়জয় নন্দঘাট জয়াক্ষয়বট।
জয়জয় চীরঘাট যমুনা-নিকট॥
জয়জয় বৃষভানু অভিমন্যু জয়।
কৃষ্ণপ্রাণতুল্য শ্রীদামাদি জয়জয়॥
জয়জয় পৌর্ণমাসী বলি যোগমায়া।
রাধাকৃষ্ণলীলা কৈলা কায়া আচ্ছাদিয়া॥
জয় শ্রীমরলী বংশী ত্রিলোকাকর্ষিণী।
কৃষ্ণাধরে স্থিতা নিত্য আনন্দরূপিণী॥
জয়জয় ললিতাদি সর্ব্বসখীগণ।
যাঁসভার প্রেমাধীন শ্রীনন্দনন্দন॥
জয়জয় বৃন্দাবন কৃষ্ণপ্রিয়তম।
রাধাকৃষ্ণ লীলা কৈলা অতি মনোরম॥
জয়জয় ব্রজগোপশ্রেষ্ঠ নন্দরাজ।
জয়জয় ব্রজেশ্বরী—শ্রেষ্ঠা গোপীমাঝ॥
জয়জয় সর্ব্বশ্রেষ্ঠ শ্রীবৃন্দাবন।
বেদ-অগোচর স্থান কন্দর্পমোহন॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জয়জয় রত্নবেদী রত্নসিংহাসন।
জয়জয় রাধাকৃষ্ণ সঙ্গে সখীগণ॥
শুনশুন ওরে ভাই! করিয়ে প্রার্থনা—।
ব্রজে রাধাকৃষ্ণলীলা করহ ভাবনা॥
এইসব রসলীলা যে করে স্মরণ।
শিরে ধরি বন্দি আমি তাঁহার চরণ॥
আনন্দে বলহ হরি ভজ বৃন্দাবন।
শ্রীগুরু-বৈষ্ণব-পদে মজাইয়া মন॥
শ্রীগুরু-বৈষ্ণব-পাদপদ্ম করি আশ।
নামসঙ্কীর্ত্তন কহে নরোত্তম দাস॥ ১॥
জয় রাধে জয় কৃষ্ণ জয় বৃন্দাবন।
শ্রীগোবিন্দ গোপীনাথ মদনমোহন॥
শ্যামকুণ্ড রাধাকুণ্ড গিরি-গোবর্দ্ধন।
কালিন্দী যমুনা জয় জয় মহাবন॥
কেশীঘাট বংশীবট দ্বাদশ-কানন।
যাহাঁ সব লীলা কৈল শ্রীনন্দনন্দন॥
শ্রীনন্দ-যশোদা জয় জয় গোপগণ।
শ্রীদামাদি জয় জয় ধেনুবৎসধন॥
জয় বৃষভানু জয় কীর্ত্তিকাসুন্দরী।
জয় পৌর্ণমাসী জয় আভীরনাগরী॥
জয়জয় গোপীশ্বর বৃন্দাবন-মাঝ।
জয়জয় কৃষ্ণসখা বটু দ্বিজরাজ॥
জয় রামঘাট জয় রোহিণীনন্দন।
জয়জয় বৃন্দাবনবাসী যত জন॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জয় দ্বিজপত্নী জয় নাগকন্যাগণ।
ভক্তিতে যাঁহারা পাইল গোবিন্দচরণ॥
শ্রীরাসমণ্ডল জয় জয় রাধাশ্যাম।
জয়জয় রাসলীলা সর্ব্বমনোরম॥
জয়জয়োজ্জ্বলরস সর্ব্বরস-সার।
পরকীয়াভাবে যাহা ব্রজেতে প্রচার॥
শ্রীজাহ্নবীপাদপদ্ম করিয়া শরণ।
দীন কৃষ্ণদাস কহে নামসঙ্কীর্ত্তন॥ ২॥
ধাওল নদীয়ালোক গৌরাঙ্গ দেখিতে।
আনন্দে আকুল চিত না পারে চলিতে॥
চিরদিনের গোরা চাঁদ-বদন হেরিয়া।
দুঃখিত চকোর আঁখি রহল মাতিয়া॥
হেরিয়া ভকতগণ আনন্দে বিভোর।
জননী ধাইয়া গোরাচাঁদে করে ক্রোড়॥
মরিল-শরীর যেন পাইল পরাণ।
গৌরাঙ্গ নদীয়াপুরে বাসুঘোষ গান॥ ৩॥
হরি হে দয়াল মোর জয় রাধানাথ।
বারবার এইবার লহ নিজ সাথ॥
বহু যোনি ভ্রমি নাথ! লইনু শরণ।
নিজগুণে কৃপা কর অধমতারণ॥
জগতকারণ তুমি জগতজীবন।
তোমা ছাড়া কার নহি হে রাধারমণ॥
ভুবনমঙ্গল তুমি ভুবনের পতি।
তুমি উপেক্ষিলে নাথ! কি হইবে গতি॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভাবিয়া দেখিনু এই জগত-মাঝারে।
তোমা বিনা কেহ নাই এ দাসে উদ্ধারে ॥ ৪ ॥

হরি হরয়ে নমঃ কৃষ্ণ যাদবায় নমঃ।
যাদবায় মাধবায় কেশবায় নমঃ ॥
গোপাল গোবিন্দ রাম শ্রীমধুসূদন।
গিরিধারী গোপীনাথ মদনমোহন ॥
শ্রীচৈতন্য-নিত্যানন্দ শ্রীঅদ্বৈত সীতা।
হরি গুরু বৈষ্ণব ভাগবত গীতা ॥
শ্রীরূপ সনাতন ভট্ট-রঘুনাথ।
শ্রীজীব গোপালভট্ট দাস-রঘুনাথ ॥
এই ছয়-গোসাঞের করি চরণ বন্দন।
যাহা হৈতে বিঘ্নাশ অভীষ্ট-পূরণ ॥
এই ছয় গোসাঞি যাঁর—মুই তাঁর দাস।
তাঁসভার পদরেণু মোর পঞ্চগ্রাস ॥
তাঁদের-চরণসেবি-ভক্তসনে বাস।
জনমেজনমে হয় এই অভিলাষ ॥
এই ছয় গোসাঞি যবে ব্রজে কৈলা বাস।
রাধাকৃষ্ণ-নিত্যলীলা করিলা প্রকাশ ॥
আনন্দে বলহ হরি ভজ বৃন্দাবন।
শ্রীগুরু-বৈষ্ণব-পদে মজাইয়া মন ॥
শ্রীগুরু-বৈষ্ণব-পাদপদ্ম করি আশ।
নামসঙ্কীর্ত্তন কহে নরোত্তমদাস ॥ ৫ ॥

ইতি শ্রীনামসংকীর্ত্তন সম্পূর্ণ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

[illegible] ग्रन्थालय,
[illegible], भदैनी
वाराणसी-5

শ্রীশ্রীকৃষ্ণের অষ্টোত্তরশত নাম।

জয়জয় গোবিন্দ গোপাল গদাধর।
কৃষ্ণচন্দ্র কর কৃপা করুণাসাগর॥
জয়জয় গোবিন্দ গোপাল বনমালী।
শ্রীরাধার প্রাণধন মুকুন্দ মুরারি॥
হরিনাম বিনে রে গোবিন্দনাম বিনে।
বিফলে মনুষ্যজন্ম যায় দিনেদিনে॥
দিন গেল মিছা-কাজে রাত্রি গেল নিদ্রে।
না ভজিনু রাধাকৃষ্ণ-চরণারবিন্দে॥
কৃষ্ণ ভজিবার তরে সংসারে আইনু।
মিছা-মায়ায় বদ্ধ হ'য়ে বৃক্ষসম হৈনু॥
ফলরূপে পুত্র-কন্যা ডাল ভাঙ্গি পড়ে।
কালরূপে সংসারেতে পক্ষ বাসা করে॥
যখন কৃষ্ণ জন্ম নিল দেবকী-উদরে।
মথুরাতে দেবগণ পুষ্পবৃষ্টি করে॥
বসুদেব রাখি আইল নন্দের মন্দিরে।
নন্দের আলয়ে কৃষ্ণ দিনেদিনে বাড়ে॥
শ্রীনন্দ রাখিল নাম নন্দের নন্দন।
যশোদা রাখিল নাম যাদুবাছাধন॥
উপানন্দ নাম রাখে সুন্দর গোপাল।
ব্রজবালক নাম রাখে ঠাকুর রাখাল॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সুবল রাখিল নাম ঠাকুর কানাই।
শ্রীদাম রাখিল নাম রাখালরাজা ভাই॥
ননীচোরা নাম রাখে যতেক গোপিনী।
কালসোণা নাম রাখে রাধা বিনোদিনী॥
চন্দ্রাবলী নাম রাখে মোহন-বংশীধারী।
কুবুজা রাখিল নাম পতিতপাবন হরি॥
অনন্ত রাখিল নাম অন্ত না পাইয়া।
কৃষ্ণনাম রাখে গর্গ ধ্যানেতে জানিয়া॥
কণ্বমুনি রাখে নাম দেব চক্রপাণি।
বনমালী নাম রাখে বনের হরিণী॥
গজরাজ নাম রাখে শ্রীমধুসূদন।
অজামিল নাম রাখে দেব নারায়ণ॥
পুরন্দর নাম রাখে দেব শ্রীগোবিন্দ।
দ্রৌপদী রাখিল নাম দেব দীনবন্ধু॥
সুদামা রাখিল নাম দারিদ্র্যভঞ্জন।
ব্রজবাসী নাম রাখে ব্রজের জীবন॥
দর্পহারী নাম রাখে অর্জ্জুন সুধীর।
পশুপতি নাম রাখে গরুড় মহাবীর॥
যুধিষ্ঠির রাখে নাম দেব যদুবর।
বিদুর রাখিল নাম কাঙ্গালের ঈশ্বর॥
বাসুকী রাখিল নাম দেব সৃষ্টি-স্থিতি।
ধ্রুবলোকে নাম রাখে ধ্রুবের সারথি॥
নারদ রাখিল নাম ভক্তপ্রাণধন।
ভীষ্মদেব নাম রাখে লক্ষ্মীনারায়ণ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সত্যভামা নাম রাখে সত্যের সারথি ।
জাম্ববতী নাম রাখে দেব যোদ্ধাপতি ॥
বিশ্বামিত্র নাম রাখে সংসারের সার ।
অহল্যা রাখিল নাম পাষাণী-উদ্ধার ॥
ভৃগুমুনি নাম রাখে জগতের হরি ।
পঞ্চমুখে রামনাম গান ত্রিপুরারি ॥
কুঞ্জকেশী (যজ্ঞসেন) নাম রাখে বশী সদাচারী ।
প্রহ্লাদ রাখিল নাম নৃসিংহমুরারি ॥
দৈত্যারি দ্বারকানাথ দারিদ্র্যভঞ্জন ॥
দয়াময় দ্রৌপদীর লজ্জা-নিবারণ ॥
স্বরূপে তোমার হয় গোলোকেতে স্থিতি ।
বৈকুণ্ঠে বৈকুণ্ঠনাথ কমলার পতি ॥
বাসুদেব-প্রদ্যুম্নাদি-চতুর্ব্যূহ-সহ ।
মহৈশ্বর্য্যপূর্ণ হ'য়ে বিহার করহ ॥
অনিরুদ্ধ সঙ্কর্ষণ নৃসিংহ বামন ।
মৎস্য-কূর্ম্ম-বরাহাদি অবতারগণ ॥
ক্ষীরোদকশায়ী হরি গর্ভোদবিহারী ।
কারণসাগরে শক্তি মায়াতে সঞ্চারী ॥
বৃন্দাবনে কর লীলা ধরি গোপবেশ ।
সে লীলার অন্ত প্রভু নাহি পায় শেষ ॥
পূতনাবিনাশকারী শকটভঞ্জন ।
তৃণাবর্ত্ত-বক-কেশী-ধেনুক-মর্দ্দন ॥
অঘারি গোবৎসহারী ব্রহ্মার মোহন ।
গিরিগোবর্দ্ধনধারী অর্জ্জুনভঞ্জন ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কালিয়দমনকারী যমুনাবিহারী।
গোপীকুলবস্ত্রহারী শ্রীরাসবিহারী ॥
ইন্দ্রদর্পনাশকারী কুব্জামনোহারী।
চাণূর-কংসাদি-নাশী অক্রূরনিস্তারী ॥
নবীন-নীরদ-কান্তি শিশুগোপবেশ।
শিখিপুচ্ছবিভূষিত ব্রহ্ম পরমেশ ॥
পীতাম্বর-বেণুধর শ্রীবৎসলাঞ্ছনা।
গোপগোপীপরিবৃত কমল-নয়ন ॥
বৃন্দাবনবনচারী মদনমোহন।
মথুরামণ্ডলচারী শ্রীযদুনন্দন ॥
সত্যভামা প্রাণপতি রুক্মিণীরমণ।
প্রদ্যুম্নজনক শিশুপালাদি-দমন ॥
উদ্ধবের গতিদাতা দ্বারকার পতি।
ত্রিভুবনপরিত্রাতা অখিলের গতি ॥
শাম্ব-দন্তবক্র-নাশী মহিষীবিলাসী।
সাধুজনত্রাণকর্ত্তা ভূভারবিনাশী ॥
পাণ্ডবের সখা কৃষ্ণ বিদুরের প্রভু।
ভীষ্মের উপাস্যদেব ভুবনের বিভু ॥
দেবের আরাধ্য দেব মুনিজনগতি।
যোগিধ্যেয়-পাদপদ্ম রাধিকার পতি ॥
রসময় রসিক নাগর অনুপাম।
নিকুঞ্জবিহারী হরি নবঘনশ্যাম ॥
শালগ্রাম দামোদর শ্রীপতি শ্রীধর।
তারক-ব্রহ্ম সনাতন পরম-ঈশ্বর ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কল্পতরু কমললোচন হৃষীকেশ।
পতিতপাবন গুরু জ্ঞান উপদেশ॥
চিন্তামণি চতুর্ভুজ দেব চক্রপাণি।
দীনবন্ধু দেবকীনন্দন যদুমণি॥
অনন্ত কৃষ্ণের নাম অনন্ত মহিমা।
নারদাদি ব্যাসদেব দিতে নারে সীমা॥
নাম ভজ নাম চিন্ত নাম কর সার।
অনন্ত কৃষ্ণের নাম মহিমা অপার॥
শতভার সুবর্ণ গোকোটি কন্যা দান।
তথাপি না হয় কৃষ্ণনামের সমান॥
যেই নাম সে-ই কৃষ্ণ ভজ নিষ্ঠা করি।
নামের সহিত আছেন আপনি শ্রীহরি॥
শুনশুন ওরে ভাই! নামসঙ্কীর্ত্তন।
যে নাম শ্রবণে হয় পাপবিমোচন॥
কৃষ্ণনাম ভজ জীব! আর সব মিছে।
পলাইতে পথ নাই যম আছে পিছে॥
কৃষ্ণনাম হরিনাম বড়ই মধুর।
যেই জন কৃষ্ণ ভজে সে-ই সে চতুর॥
ব্রহ্মা-আদি দেব যাঁরে ধ্যানে নাহি পায়।
সে-হরি-বঞ্চিত হৈলে কি হবে উপায়॥
হিরণ্যকশিপু-উদর করি বিদারণ।
প্রহ্লাদে করিলা রক্ষা দেব নারায়ণ॥
বলিরে ছলিতে প্রভু হইলা বামন।
দ্রৌপদীর লজ্জা হরি কৈলা নিবারণ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অষ্টোত্তরশত নাম যে করে পঠন।
অনায়াসে পায় রাধাকৃষ্ণের চরণ॥
ভক্তবাঞ্ছা পূর্ণ কর নন্দের নন্দন।
মথুরায় কংস ধ্বংস লঙ্কায় রাবণ॥
বকাসুরবধ-আদি কালীয় দমন।
দ্বিজ হরি কহে এই নামসঙ্কীর্ত্তন॥

শ্রীঅষ্টোত্তরশত নাম সমাপ্ত॥

শ্রীশ্রীপ্রেমভক্তিচন্দ্রিকা।

অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥
শ্রীচৈতন্যমনোঽভীষ্টং স্থাপিতং যেন ভূতলে।
সোঽয়ং রূপঃ কদা মহ্যং দদাতি স্বপদান্তিকম্॥

শ্রীগুরুচরণপদ্ম, কেবল ভকতি-সদ্ম,
বন্দোঁ মুঞি সাবধান-মনে।
যাঁহার প্রসাদে ভাই, এ ভব তরিয়া যাই,
কৃষ্ণপ্রাপ্তি হয় যাঁহা-হনে॥
গুরুমুখপদ্মবাক্য, হৃদয়ে করিয়া ঐক্য,
আর না করিহ মনে আশা।
শ্রীগুরুচরণে রতি, এই সে উত্তম গতি,
যে প্রসাদে পূরে সর্ব্ব আশা॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চক্ষুদান দিলা যেই, জন্মেজন্মে প্রভু সেই,
দিব্যজ্ঞান হৃদে প্রকাশিত।
প্রেমভক্তি যাহা হৈতে, অবিদ্যা-বিনাশ যাতে,
বেদে গায় যাহার চরিত॥
শ্রীগুরু করুণাসিন্ধু, অধমজনার বন্ধু,
লোকনাথ লোকের জীবন।
হা হা প্রভু! কর দয়া, দেহ মোরে পদছায়া,
এবে যশ ঘুষুক ত্রিভুবন॥
বৈষ্ণব-চরণ-রেণু, ভূষণ করিয়া তনু,
যাহা হৈতে অনুভব হয়।
মার্জ্জন হয় ভজন, সাধুসঙ্গে অনুক্ষণ,
অজ্ঞান অবিদ্যা পরাজয়॥
জয় সনাতন রূপ, প্রেমভক্তিরসভূপ,
যুগল-উজ্জলরস-তনু।
যাহার প্রসাদে লোক, পাসরিল দুঃখ-শোক,
প্রকট কল্পতরু জনু॥
প্রেমভক্তিরীতি যত, নিজগ্রন্থে সুবেকত,
লিখিয়াছে দুই মহাশয়।
যাহার শ্রবণ হৈতে, পরানন্দ হয় চিতে,
যুগল-মধুর-রসাশ্রয়॥
যুগল-কিশোর-প্রেম, লক্ষবাণ যেন হেম,
হেন ধন প্রকাশিলা যারা।
জয় রূপ সনাতন, দেহ মোরে এই ধন,
সে রতন মোর গলে হারা॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভাগবতশাস্ত্রমর্ম্ম, নববিধ ভক্তি-ধর্ম্ম,
সদাই করিব সুসেবন।
অন্যদেবাশ্রয় নাই, তোমারে কহিল ভাই,
এই তত্ত্ব পরম ভজন॥
সাধু-শাস্ত্র-গুরু-বাক্য, চিত্তেতে করিয়ে ঐক্য,
সদত ভাসিব প্রেমমাঝে।
কর্ম্মী জ্ঞানী ভক্তিহীন, ইহারে করিবে ভিন,
নরোত্তম এই তত্ত্ব গাজে॥ ১॥
অন্য-অভিলাষ ছাড়ি, জ্ঞান কর্ম্ম পরিহরি,
কায়-মনে করিব ভজন।
সাধুসঙ্গে কৃষ্ণসেবা, না পূজিব অন্য দেবা,
এই ভক্তি পরম-কারণ॥
মহাজনের যেই পথ, তাতে হব অনুরত,
পূর্ব্বাপর করিয়া বিচার।
সাধন স্মরণ লীলা, ইহাতে না কর হেলা,
কায়-মনে করিয়া সুসার॥
অসৎসঙ্গ সদা ত্যাগ', ছাড় অন্য গীত রাগ,
কর্ম্মী জ্ঞানী পরিহরি দূরে।
কেবল ভকত-সঙ্গ, প্রেম-কথা রসরঙ্গ,
লীলাকথা ব্রজরসপূরে॥
যোগী ন্যাসী কর্ম্মী জ্ঞানী, অন্যদেব-পূজক-ধ্যানী,
এই লোক দূরে পরিহরি।
কর্ম্ম ধর্ম্ম দুঃখ শোক, যেবা থাকে অন্য যোগ,
ছাড়ি ভজ গিরিবরধারী॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

তীর্থযাত্রা-পরিশ্রম, কেবল মনের ভ্রম,
সর্ব্বসিদ্ধি গোবিন্দচরণ।
দৃঢ়বিশ্বাস হৃদে ধরি, মদ মাৎসর্য্য পরিহরি,
সদা কর অনন্যভজন॥
কৃষ্ণভক্তসঙ্গ করি, কৃষ্ণভক্ত-অঙ্গ হেরি,
শ্রদ্ধান্বিত শ্রবণ কীর্ত্তন।
অর্চ্চন বন্দন ধ্যান, নবভক্তি মহাজ্ঞান,
এই ভক্তি পরম কারণ॥
হৃষীকে গোবিন্দ-সেবা, না পূজিব অন্যদেবা,
এই ত অনন্যভক্তি-কথা।
আর যত উপালম্ব, বিশেষ সকলি দম্ভ,
দেখিতে লাগয়ে মনে ব্যথা॥
দেহে বৈসে রিপুগণ, যতেক ইন্দ্রিয়গণ,
কেহো কার বাধ্য নাহি হয়।
শুনিলে না শুনে কাণ, জানিলে না জানে প্রাণ,
দঢ়াইতে না পারি নিশ্চয়॥
কাম ক্রোধ লোভ মোহ, মদ মাৎসর্য্য দম্ভ সহ,
স্থানেস্থানে নিযুক্ত করিব।
আনন্দ করি হৃদয়, রিপু করি পরাজয়,
অনায়াসে গোবিন্দ ভজিব॥
কৃষ্ণসেবা কামার্পণে, ক্রোধ ভক্তদ্বেষি-জনে,
লোভ সাধুসঙ্গে হরিকথা।
মোহ ইষ্টলাভ-বিনে, মদ কৃষ্ণগুণগানে,
নিযুক্ত করিব যথা তথা॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অন্যথা স্বতন্ত্র কাম, অনর্থাদি যার ধাম,
ভক্তিপথে সদা দেই ভঙ্গ।
কিবা বা করিতে পারে, কাম ক্রোধ সাধকেরে,
যদি হয় সাধুজনার সঙ্গ ॥
ক্রোধে বা না করে কিবা, ক্রোধত্যাগ সদা দিবা,
লোভ মোহ এইত কথন।
ছয় রিপু সদা হীন, করিব মনের অধীন,
কৃষ্ণচন্দ্র করিয়া স্মরণ ॥
আপনি পলাবে সব, শুনিয়া গোবিন্দ-রব,
সিংহরবে যেন করিগণ।
(সকলি বিপত্তি যাবে, মহানন্দ সুখ পাবে,
যার হয় একান্ত ভজন ॥
না করিহ অসৎ চেষ্টা, লাভ পূজা প্রতিষ্ঠা,
সদা চিন্ত গোবিন্দচরণ।)
সকলি বিপত্তি যাবে, মহানন্দ সুখ পাবে,
প্রেমভক্তি পরম কারণ ॥
অসৎসঙ্গ কুটিনাটী, ছাড় অন্য পরিপাটী,
অন্যদেবে না করিহ রতি।
আপন আপন স্থানে, পিরীতি সভাই টানে,
ভক্তিপথে পড়য়ে বিপত্তি ॥
আপন ভজনপথ, তাহে হব অনুরত,
ইষ্টদেবস্থানে লীলাগান।
নৈষ্ঠিক ভজন এই, তোমারে কহিল ভাই !,
হনুমান তাহাতে প্রমাণ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তথাহি,—

(শ্রীনাথে জানকীনাথে অভেদঃ পরমাত্মনি।
তথাপি মম সর্ব্বস্বং রামঃ কমললোচনঃ॥)

দেবলোক পিতৃলোক,　পায় তারা মহাসুখ,
সাধু সাধু বোলে অনুক্ষণি।
যুগল-ভজন যারা,　প্রেমানন্দে ভাসে তারা,
ত্রিভুবন তাহার নিছনি॥
পৃথক আবাসযোগ,　দুঃখময় বিষভোগ,
ব্রজে বাস গোবিন্দসেবন।
কৃষ্ণকথা কৃষ্ণনাম,　সত্যসত্য রসধাম,
ব্রজজনসঙ্গে অনুক্ষণ॥
সদা সেবা-অভিলাষ,　মনে করি বিশ্বাস,
সর্ব্বথায় হইয়া নির্ভয়।
নরোত্তমদাস বোলে,　পড়িনু অসত-ভোলে,
পরিত্রাণ কর মহাশয়॥ ২॥
তুমি ত দয়ার সিন্ধু,　অধমজনার বন্ধু,
মোরে প্রভু কর অবধান।
পড়িনু অসত-ভোলে,　কাম-তিমিঙ্গিলে গিলে,
ওহে নাথ কর পরিত্রাণ॥
যাবত জনম মোর,　অপরাধে হৈনু ভোর,
নিষ্কপটে না ভজিনু তোমা।
তথাপিহ তুমি গতি,　না ছাড়িহ প্রাণপতি,
মুঞিসম নাহিক অধমা॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পতিতপাবন নাম, ঘোষণা তোমার শ্যাম,
উপেখিলে নাহি মোর গতি।
যদি হও অপরাধী, তথাপিহ তুমি গতি,
সত্যসত্য যেন পতি সতী॥
তুমি ত পরম দেবা, নাহি মোরে উপেখিবা,
শুনশুন প্রাণের ঈশ্বর।
যদি করোঁ অপরাধ, তথাপিহ তুমি নাথ,
সেবা দিয়া কর অনুচর॥
কামে মোর হত চিত, নাহি জানে নিজহিত,
মনের না ঘুচে দুর্ব্বাসনা।
মোরে নাথ অঙ্গীকুরু, তুঁহি বাঞ্ছা-কল্পতরু,
করুণা দেখুক সর্ব্বজনা॥
মো-সম পতিত নাই, ত্রিভুবনে দেখ চাই,
"নরোত্তম-পাবন" নাম ধর।
ঘুষুক সংসারে নাম, পতিত উদ্ধার শ্যাম,
নিজ দাস কর গিরিধর॥
নরোত্তম বড় দুঃখী, নাথ! মোরে কর সুখী,
তোমার ভজন-সংকীর্ত্তনে।
অন্তরায় নাহি যায়, এইত পরম ভয়,
নিবেদন করোঁ অনুক্ষণে॥ ৩॥
আন কথা আন ব্যথা, নাহি যেন যাও তথা,
তোমার চরণ-স্মৃতি মাঝে।
অবিরত অবিকল, তুয়াগুণে কলকল,
গাও যেন সতের সমাঝে॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri.

অন্যব্রত অন্যদান, নাহি করোঁ বস্তুজ্ঞান,
অন্যসেবা অন্যদেবপূজা।
হা হা কৃষ্ণ ! বলিবলি, বেড়াঙ আনন্দ করি,
মনে মোর নহে যেন দুজা॥
জীবনে মরণে গতি, রাধাকৃষ্ণ প্রাণপতি,
দুঁহার পিরীতিরস-সুখে।
যুগল-ভজন যারা, প্রেমানন্দে ভাসে তারা,
এই কথা রহু মোর বুকে॥
যুগলচরণ-সেবা, এই ধন মোরে দিবা,
যুগলেতে মনের পিরীতি।
যুগল-কিশোর-রূপ, কামরতিগণভূপ,
মনে রহু ও লীলা-কিরীতি॥
দশনেতে তৃণ ধরি, হা হা কিশোর কিশোরী,
চরণাব্জে নিবেদন করি।
ব্রজরাজকুমার শ্যাম, বৃষভানুকুমারী নাম,
শ্রীরাধিকা-নাম মনোহারী॥
কনক-কেতকী রাই, শ্যাম মরকত-কাই,
দরপ-দরপ করু চুর।
নটবর-শিরোমণি, নাটনীর শিখরিণী,
দুহুঁ গুণে দুহুঁ মন ঝুর॥
শ্রীমুখ সুন্দরবর, হেমনীলকান্তিধর,
ভাব-ভূষণ করু শোভা।
নীল-পীত-বাসধর, গৌরীশ্যাম মনোহর,
অন্তরের ভাবে দোঁহে লোভা॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আভরণ মণিময়, প্রতি অঙ্গে অভিনয়,
তছু পায় কহে নরোত্তমদাস।
নিশি-দিশি গুণ গাঙ, পরম আনন্দ পাঙ,
মনে মোর এই অভিলাষ ॥ ৪ ॥
রাগের ভজনপথ, কহি এবে অভিমত,
লোক-বেদ-সার এই বাণী।
সখীর অনুগা হঞা, ব্রজে সিদ্ধদেহ পাঞা,
এই ভাবে জুড়াবে পরাণী ॥
শ্রীরাধিকার সখী যত, তাহা বা কহিব কত,
মুখ্য সখী করিয়ে গণন।
ললিতা বিশাখা তথা, সুচিত্রা চম্পকলতা,
রঙ্গদেবী সুদেবী কথন ॥
তুঙ্গবিদ্যা ইন্দুরেখা, এই অষ্ট সখী লেখা,
এবে কহি নর্ম্ম-সখীগণ।
ইহা-সভা-সহচরী, প্রিয় প্রেষ্ঠ নাম ধরি,
প্রেমসেবা করে অনুক্ষণ ॥
(সমস্নেহা বিষমস্নেহা, না করিহ দুই লেহা,
কহিমাত্র অধিকস্নেহাগণ।
নিরন্তর থাকে সঙ্গে, কৃষ্ণকথালীলারঙ্গে,
নর্ম্মসখী এইসব জন ॥)
শ্রীরূপমঞ্জরী আর, শ্রীরতিমঞ্জরী সার,
লবঙ্গমঞ্জরী মঞ্জুলালী।
শ্রীরসমঞ্জরী সঙ্গে, কস্তুরিকা-আদি রঙ্গে,
প্রেমসেবা করে কুতূহলী ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

এসভার অনুগা হঞা, প্রেমসেবা নিব চাঞা,
ইঙ্গিতে বুঝিব সব কাজে।
রূপে গুণে ডগমগি, সদা হব অনুরাগী,
বসতি করিব সখীমাঝে ॥
বৃন্দাবনে দুই জন, চারিদিগে সখীগণ,
সময়ের সেবা-রসসুখে।
সখীর ইঙ্গিত হবে, চামর ঢুলাব তবে,
তাম্বূল যোগাব চাঁদমুখে ॥
যুগল-চরণ সেবি, নিরন্তর এই ভাবি,
অনুরাগে থাকিব সদায়।
সাধনে ভাবিব যাহা, সিদ্ধদেহে পাব তাহা,
রাগপথের এই সে উপায় ॥
সাধনে যে ধন চাই, সিদ্ধদেহে তাহা পাই,
পক্কাপক্ক মাত্র সে বিচার।
পাকিলে সে প্রেম-ভক্তি, অপক্কে সাধনরীতি,
ভকতি-লক্ষণ তত্ত্বসার ॥
নরোত্তমদাসে কহে, এই যেন মোর হয়ে,
ব্রজপুরে অনুরাগ-বাসে।
সখীগণ-গণনাতে, আমারে গণিবে তাতে,
তবহুঁ পূরিব অভিলাষে ॥ ৫ ॥

তথাহি—

সখীনাং সঙ্গিনীরূপামাত্মানং বাসনাময়ীম্।
আজ্ঞাসেবাপরাং তত্তৎকৃপালঙ্কারভূষিতাম্ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কৃষ্ণং স্মরন্ জনঞ্চাস্য প্রেষ্ঠং নিজসমীহিতম্।
তত্তৎকথারতশ্চাসৌ কুর্য্যাদ্বাসং ব্রজে সদা॥
ইতি।

যুগল-চরণ-প্রতি, পরম-আনন্দ-তথি,
রতিপ্রেমা হউক পরবন্ধে।
কৃষ্ণনাম রাধানাম, উপাসনা রসধাম,
চরণে পড়িয়ে পরানন্দে॥
মরণে শরণে প্রাণ, মধুরমধুর নাম,
বিলাস যুগল স্মৃতি সার।
সাধ্য সাধন এই, ইহা বই আর নাই,
এই তত্ত্ব সর্ব্বসিদ্ধি-সার॥
জলদ-সুন্দর-কান্তি, মধুরমধুর ভাঁতি,
বৈদগ্ধি-অবধি সুবেশ।
পীতবসনধর, অভরণ মণিবর,
ময়ূরচন্দ্রিকা করু কেশ॥
মৃগমদ-চন্দন, কুঙ্কুম-বিলেপন,
মোহন মূরতি ত্রিভঙ্গ।
নবীন-কুসুমাবলি, শ্রীঅঙ্গে শোভয়ে ভালি,
মধুলোভে ফিরে মত্তভৃঙ্গ॥
ঈষত মধুরস্মিত, বৈদগ্ধি-লীলামৃত,
লুবধল ব্রজবধূবৃন্দে।
চরণ-কমল-পর, মণিময় নূপুর,
নখমণি ঝলমল চন্দ্রে॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নূপুর-মুরলী-ধ্বনি,　　কুলবধূ মরালিনী,
　　শুনিঞা রহিতে নারে ঘরে।
হৃদয়ে বাঢ়য়ে রতি,　　যেন মিলে পতি সতী,
　　কুলের ধরম যায় দূরে॥
গোবিন্দশরীর নিত্য,　　তাঁহার সেবক সত্য,
　　বৃন্দাবনভূমি তেজোময়।
(তাহাতে যমুনাজল,　　করে নিত্য ঝলমল,
　　তার তীরে অষ্ট কুঞ্জ হয়॥
শীতলকিরণ-কর,　　কল্পতরু-গুণধর,
　　তরুলতা ষড়ঋতু-সেবা।
(পূর্ণচন্দ্রসম-জ্যোতি,　　চিদানন্দময়মূর্ত্তি,
　　মহালীলা দরশনলোভা॥)
গোবিন্দ আনন্দময়,　　নিকটে বনিতাচয়,
　　বিহরে মধুর অতি শোভা।
দুহুঁ প্রেমে ডগমগি,　　দুঁহে দোঁহা অনুরাগী,
　　দুঁহ রূপে দুঁহ মন লোভা॥
ব্রজপুর-বনিতার,　　চরণ-আশ্রয় সার,
　　কর মন একান্ত করিয়া।
অন্য বোল গণ্ডগোল,　　না শুনিহ উত্তরোল,
　　রাখ প্রেম হৃদয়ে ভরিঞা॥
পাপপুণ্যময় দেহী,　　সকল অনিত্য এহি,
　　ধন জন সব মিছা ধন্দ।
মরিলে যাইবে কোথা, না পাও তাহাতে ব্যথা,
　　নিতি কর তভু কার্য্য মন্দ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রাজার যে রাজ্যপাট, যেন নাটুয়ার নাট,
দেখিতেদেখিতে কিছু নয়।
হেন মায়া করে যেই, পরম ঈশ্বর সেই,
তাঁরে মন সদা কর ভয়॥
পাপে না করিহ মন, অধম সে পাপিজন,
তারে মন দূরে পরিহরি।
পুণ্য যে সুখের ধাম, তার না লইও নাম,
পুণ্য মুক্তি দুই ত্যাগ করি॥
প্রেমভক্তি সুধানিধি, তাহে ডুব নিরবধি,
আর যত ক্ষারনিধিপ্রায়।
নিরন্তর সুখ পাবে, সকল সন্তাপ যাবে,
পরতত্ত্ব কহিল উপায়॥
অন্যের পরশ যেন, নহে কদাচিত হেন,
ইহাতে হইবে সাবধান।
রাধাকৃষ্ণনামগান, এই সে পরম ধ্যান,
আর না করিহ পরমাণ॥
কর্ম্মী জ্ঞানী মিশ্র ভক্ত, না হবে তায় অনুরক্ত,
শুদ্ধভজনেতে কর মন।
ব্রজজনের যেই মত, তাহে হবে অনুরত,
এই সে পরমতত্ত্ব ধন॥
প্রার্থনা করিব সদা, শুদ্ধভাবে প্রেমকথা,
নাম-মন্ত্রে করিয়া অভেদ।
আস্তিক করিয়া মন, ভজ রাঙ্গা শ্রীচরণ,
পাপ হবে পরিচ্ছেদ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রাধাকৃষ্ণ-শ্রীচরণ, তাতে সব সমর্পণ,
শ্রীচরণে বলিহারি যাঙ।
তুয়া নাম শুনিশুনি, ভক্তমুখে পুনিপুনি,
পরম আনন্দ সুখ পাঙ॥
হেমগোরি-তনু রাই, আঁখি দরশনে চাই,
রোদন করিব অভিলাষে।
জলধর ঢরঢর, অঙ্গ অতি মনোহর,
রূপে গুণে ভুবন প্রকাশে॥
সখীগণ চারিপাশে, সেবা করে অভিলাষে,
পরম সে সেবা-সুখ ধরে।
এই তনে-মনে মোর, এই রসে মন ভোর,
নরোত্তম সদাই বিহরে॥ ৬॥
রাধাকৃষ্ণ করোঁ ধ্যান, স্বপনে না বোল আন,
প্রেম বিনু আর নাহি চাঙ।
যুগলকিশোর-প্রেম, লাখবাণ যেন হেম,
আরতি-পিরীতিরসে ধ্যাঁউ॥
জল বিনু যেন মীন, দুঃখ পায় আয়ুহীন,
প্রেম বিনু এইমত ভক্ত।
চাতক-জলদ-গতি, এমতি একান্ত-রীতি,
জানে যেই সেই অনুরক্ত॥
মকরন্দ ভ্রমরা যেন, চকোর চন্দ্রিকা তেন,
পতিব্রতা-জনের যেন পতি।
অন্যত্র না চলে মন, যেন দরিদ্রের ধন,
এইমত প্রেমভক্তি-রীতি॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিষয় গরলময়, তাতে মান' সুখচয়,
সে না সুখ, দুঃখ করি মান'।
গোবিন্দবিষয় রস, সঙ্গ কর তার দাস,
প্রেমভক্তি সত্য করি জান॥
মধ্যেমধ্যে আছে দুষ্ট, দৃষ্টি করি হয় রুষ্ট,
গুণকে বিগুণ করি মানে।
গোবিন্দ-বিমুখ জনে, স্ফূর্ত্তি নহে হেন ধনে,
লৌকিক করিয়া সব জানে॥
অ-জ্ঞানবিশুদ্ধ যত, নাহি লয় সত-মত,
অহঙ্কারে না জানে আপনা।
অভিমানী ভক্তিহীন, জগমাঝে সেই দীন,
বৃথা তার অশেষ ভাবনা॥
আর সব পরিহরি, পরম নাগর হরি,
সেব মন করি প্রেম-আশা।
এক ব্রজপুরবর, গোবিন্দ রসিকবর,
করহ সদাই অভিলাষা॥
নরোত্তমদাস কহে, সদা মোর প্রাণ দহে,
হেন ভক্তসঙ্গ না পাইয়া।
অভাগ্যের নাহি ওর, মিছায় হইলুঁ ভোর,
দুঃখ রহে অন্তরে জাগিয়া॥ ৭॥
বচনের অগোচর, বৃন্দাবন লীলাস্থল,
স্বপ্রকাশ প্রেমানন্দঘন।
যাহাতে প্রকট সুখ, নাহি জরামৃত্যুদুঃখ,
কৃষ্ণলীলারস অনুক্ষণ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রাধাকৃষ্ণ দুহুঁ প্রেম, শতবাণ যেন হেম,
যাহার হিল্লোল রস-সিন্ধু।
চকোর-নয়ন-প্রেম, কাম রতি করে ধ্যান,
পীরিতিসুখের দুঁহু বন্ধু॥
রাধিকা প্রেয়সীবরা, বামদিগে মনোহরা,
কনক-কেশর-কান্তি ধরে।
অনুরাগ রক্ত-শাড়ী, নীলপট্ট মনোহারী,
অঙ্গেঅঙ্গে অভরণ পরে॥
করয়ে লোচন পান, রূপলীলা দুহুঁ ধ্যান,
আনন্দে মগন সহচরী।
বেদ-বিধি-অগোচর, রতনবেদীর'পর,
সেব নিতি কিশোর-কিশোরী॥
দুর্লভ ভজন হেন, নাহি ভজ হরি কেন,
কি লাগিয়া মর ভববন্ধে।
ছাড় অন্য ক্রিয়া কর্ম্ম, নাহি দেখ বেদ-ধর্ম্ম,
ভক্তি কর কৃষ্ণপদদ্বন্দ্বে॥
বিষয় বিষম গতি, নাহি ভজ ব্রজপতি,
শ্রীনন্দনন্দন সুখসার।
স্বর্গ আর অপবর্গ, সংসার নরকভোগ,
সর্ব্বনাশ জনমবিকার॥
দেহে না করিহ আস্থা, সন্নিকটে যম শাস্তা,
দুঃখের সমুদ্র কর্ম্মগতি।
দেখিয়া শুনিঞা ভজ, সাধুশাস্ত্রমত যজ,
যুগল চরণে কর রতি॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জ্ঞানকাণ্ড কর্ম্মকাণ্ড, কেবল বিষের ভাণ্ড,
অমৃত বলিয়া যেবা খায়।
নানা যোনি সদা ফিরে, কদর্য্য ভক্ষণ করে,
তার জন্ম অধঃপাতে যায়॥
রাধাকৃষ্ণে নাহি রতি, অন্য জনে বলে পতি,
প্রেমভক্তি কিছু নাহি জানে।
নাহি ভক্তির সন্ধান, ভরমে করয়ে ধ্যান,
বৃথা তার সে ছার ভাবনে॥
জ্ঞান কর্ম্ম করে লোক, নাহি জানে ভক্তিযোগ,
নানা মতে হইয়া অজ্ঞান।
তার কথা নাহি শুনি, পরমার্থতত্ত্ব জানি,
প্রেমভক্তি ভক্তগণ প্রাণ॥
জগত-ব্যাপক হরি, অজ ভব আজ্ঞাকারী,
মধুর মুরতি লীলা কথা।
এই তত্ত্ব জানে যেই, পরম উত্তম সেই,
তার সঙ্গ করিব সর্ব্বথা॥
পরম নাগর কৃষ্ণ, তাতে হও সতৃষ্ণ,
ভজ তারে ব্রজভাব লঞা।
রসিক-ভকত-সঙ্গে, রহিব পিরীতিরঙ্গে,
ব্রজপুরে বসতি করিঞা॥
শ্রীকৃষ্ণ-ভকতজন, তাহার চরণে মন,
আরোপিয়া কথা-অনুসারে।
সখীর সর্ব্বথা মত, হইয়া তাহার যূথ,
সদা বিহরিব ব্রজপুরে॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

লীলারস কথা গান,　　যুগলকিশোর ধ্যান,
প্রার্থনা করিব অভিলাষে।
জীবনে মরণে এই,　　আর কিছু নাহি চাই,
কহে দীন নরোত্তমদাসে ॥ ৮ ॥
আন কথা না শুনিব,　　আন কথা না বলিব,
সকলি করিব পরমার্থ।
প্রার্থনা করিব সদা,　　লালসা অভীষ্ট কথা,
ইহা বিনু সকলি অনর্থ ॥
ঈশ্বরের তত্ত্ব যত,　　তাহা বা কহিব কত,
অনন্ত অপার কেবা জানে।
ব্রজপুরে প্রেম নিত্য,　　এই সে পরম সত্য,
ভজভজ অনুরাগমনে ॥
গোবিন্দ গোকুলচন্দ্র,　　পরম আনন্দকন্দ,
পরিবার-গোপ-গোপী-সঙ্গে।
নন্দীশ্বর যার ধাম,　　গিরিধারী যার নাম,
সখী-সঙ্গে তারে ভজ রঙ্গে ॥
প্রেমভক্তিতত্ত্ব এই,　　তোমারে কহিল ভাই,
আর দুর্ব্বাসনা পরিহরি।
শ্রীগুরুপ্রসাদে ভাই,　　এ সব ভজন পাই,
প্রেমভক্তি সখী অনুচরি ॥
সার্থক ভজনপথ,　　সাধুসঙ্গ অবিরত,
স্মরণ ভজন কৃষ্ণ-কথা।
প্রেমভক্তি হয় যদি,　　তবে হয় মনশুদ্ধি,
তবে যায় হৃদয়ের ব্যথা ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিষয় বিপত্তি জান, সংসার স্বপন মান',
নরতনু ভজনের মূল।
অনুরাগে ভজ সদা, প্রেমভাবে লীলাকথা,
আর যত হৃদয়ের শূল॥
রাধিকা-চরণরেণু, ভূষণ করিয়া তনু,
অনায়াসে পাবে গিরিধারী।
রাধিকা-চরণাশ্রয়, করে যেই মহাশয়,
তারে মুঞি যাঙ বলিহারি॥
জয়জয় রাধানাম, বৃন্দাবন যার ধাম,
কৃষ্ণসুখবিলাসের নিধি।
হেন রাধাগুণ-গান, না শুনিল মোর কাণ,
বঞ্চিত করিল মোরে বিধি॥
তার ভক্তসঙ্গ সদা, রসলীলা-প্রেম-কথা,
যে করে সে পায় ঘনশ্যাম।
ইহাতে বিমুখ যেই, তার কভু সিদ্ধি নাই,
নাহি যেন শুনি তার নাম॥
কৃষ্ণনামগানে ভাই, রাধিকা-চরণ পাই,
রাধা-নাম-গানে কৃষ্ণচন্দ্র।
সংক্ষেপে কহিল কথা, ঘুচাহ মনের ব্যথা,
দুঃখময় অন্য কথা দ্বন্দ্ব॥
অহঙ্কার অভিমান, অসৎ-সঙ্গ অসৎ-জ্ঞান,
ছাড়ি ভজ গুরুপাদপদ্ম।
কর আত্মা নিবেদন, দেহ গেহ পরিজন,
গুরুবাক্য পরম মহত্ত্ব॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীকৃষ্ণচৈতন্যদেব, রতিমতিভাবে সেব,
প্রেম-কল্পতরু দাতা।
ব্রজরাজনন্দন, রাধিকাজীবনধন,
অপরূপ এই সব কথা॥
নবদ্বীপে অবতরি, রাধাভাব অঙ্গীকরি,
তার কান্তি অঙ্গের ভূষণ।
তিন বাঞ্ছা অভিলাষী, শচীগর্ভে পরকাশি,
সঙ্গে লঞা পারিষদগণ॥
গৌরহরি অবতরি, প্রেমের বাদর করি,
সাধিলা মনের নিজ কাজ।
রাধিকার প্রাণপতি, কিভাবে কান্দয়ে নিতি,
ইহা বুঝে ভকত-সমাজ॥
গোপতে সাধন-সিদ্ধি, সাধন নবধা ভক্তি,
প্রার্থনা করিব দৈন্য সদা।
করি হরি-সংকীর্ত্তন, সদাই বিভোল মন,
ইষ্টলাভবিনু সব বাধা॥
সংসার-বাটোয়ারে, কাম-ফাঁসে বান্ধি মারে,
ফুৎকার করয়ে হরিদাস।
করহ ভকতসঙ্গ, প্রেমকথা-রস-রঙ্গ,
তবে হয় বিপদ-বিনাশ॥
স্ত্রী পুত্র বালক কত, মরি যায় শতশত,
আপনাকে হয়ো সাবধান।
মুঞি সে বিষয়হত, না ভজিনু হরিপদ,
মোর আর নাহি পরিত্রাণ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রামচন্দ্র কবিরাজ, সেই সঙ্গে মোর কাজ,
তাঁর সঙ্গ বিনু সব শূন্য।
হয় জন্ম যদি পুন, তাঁর সঙ্গ হয় যেন,
তবে হয় নরোত্তম ধন্য॥
আপন ভজন-কথা, না কহিব যথা তথা,
ইহাতে হইব সাবধানে।
না করিহ কেহো রোষ, না লইহ মোর দোষ,
প্রণমোহ ভক্তের চরণে॥
শ্রীগৌরাঙ্গ প্রভু মোরে বোলান যে বাণী।
তাহা কহি,—ভাল-মন্দ কিছুই না জানি॥
লোকনাথপ্রভুর পদ হৃদয়ে বিলাস।
প্রেমভক্তিচন্দ্রিকা কহে নরোত্তমদাস॥

ইতি শ্রীনরোত্তমদাস-ঠাকুর-বিরচিতা
শ্রীশ্রীপ্রেমভক্তিচন্দ্রিকা সমাপ্তা॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীনরোত্তমদাস-ঠাকুর-মহাশয়ের

প্রার্থনা।

(১)

গৌরাঙ্গ বলিতে হবে পুলক শরীর।
হরিহরি বলিতে নয়নে ব'বে নীর॥
আর কবে নিতাইচাঁদের করুণা হইবে
সংসারবাসনা মোর কবে তুচ্ছ হবে॥
বিষয় ছাড়িয়া কবে শুদ্ধ হবে মন।
কবে হাম হেরব শ্রীবৃন্দাবন॥
রূপ-রঘুনাথ-পদে কবে হবে মতি।
কবে হাম বুঝব যুগলপিরীতি॥
রূপ-রঘুনাথ-পদে রহু মোর আশ।
প্রার্থনা করয়ে সদা নরোত্তমদাস॥

(২)

দৈন্যবোধিকা।

হরিহরি! কি মোর করমগতি মন্দ।
ব্রজে রাধাকৃষ্ণপদ, না ভজিনু তিল-আধ,
না বুঝিনু রাগের সম্বন্ধ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্বরূপ সনাতন রূপ, রঘুনাথ ভট্টযুগ,
ভূগর্ভ শ্রীজীব লোকনাথ।
ইহাঁসভার পাদপদ্ম, না সেবিনু তিল-আধ,
আর কিসে পূরিবেক সাধ॥
কৃষ্ণদাস কবিরাজ, রসিক ভকতমাঝ,
যেঁহো কৈল চৈতন্যচরিত।
গৌর-গোবিন্দ-লীলা, শুনিতে গলয়ে শিলা,
তাহাতে না হৈল মোর চিত॥
সে সব ভকত সঙ্গ, যে করিল তার সঙ্গ,
তার সঙ্গে কেনে নহিল বাস।
কি মোর দুখের কথা, জনম গোঙাইনু বৃথা,
ধিক্ ধিক্ নরোত্তমদাস॥

(৩)

সম্প্রার্থনাত্মিকা।

রাধাকৃষ্ণ! নিবেদন এই জন করে।
দোঁহে অতি রসময়, সকরুণ-হৃদয়,
অবধান কর নাথ! মোরে॥
হে কৃষ্ণ গোকুলচন্দ্র, গোপীজন-বল্লভ,
হে কৃষ্ণপ্রেয়সী-শিরোমণি।
হেমগৌরী শ্যাম-গায়, শ্রবণে পরশ পায়,
গুণ শুনি জুড়ায় পরাণী॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অধমদুর্গতিজনে, কেবল করুণামনে,
ত্রিভুবনে এ যশ-খেয়াতি।
শুনিয়া সাধুর মুখে, শরণ লইনু সুখে,
উপেখিলে নাহি মোর গতি॥
জয় রাধে জয় কৃষ্ণ, জয়জয় রাধে কৃষ্ণ,
কৃষ্ণকৃষ্ণ জয়জয় রাধে।
অঞ্জলি মস্তকে করি, নরোত্তম ভূমে পড়ি,
কহে দোঁহে পুরাও মনসাধে॥

(৪)

স্বাভীষ্ট-লালসা।

হরিহরি! হেন দিন হইবে আমার।
দুঁহ অঙ্গ পরশিব, দুঁহ অঙ্গ নিরখিব,
সেবন করিব দোঁহাকার॥
ললিতা বিশাখা সঙ্গে, সেবন করিব রঙ্গে,
মালা গাঁথি দিব নানা ফুলে।
কনকসম্পুট করি, কর্পূর তাম্বুল পূরি,
যোগাইব অধরযুগলে॥
রাধাকৃষ্ণ বৃন্দাবন, এই মোর প্রাণধন,
এই মোর জীবন-উপায়।
জয় পতিতপাবন, দেহ মোরে এই ধন,
তোমা বিনে অন্য নাহি ভায়॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীগুরু করুণাসিন্ধু, অধমজনার বন্ধু,
লোকনাথ লোকের জীবন।
হা হা! প্রভু কর দয়া, দেহ মোরে পদছায়া
নরোত্তম লইল শরণ॥

(৫)

দৈন্যবোধিকা।

হরিহরি! বিফলে জনম গোঙাইনু।
মনুষ্যজনম পাইয়া, রাধাকৃষ্ণ না ভজিয়া,
জানিয়া-শুনিয়া বিষ খাইনু॥
গোলোকের প্রেমধন, হরিনামসঙ্কীর্ত্তন,
রতি না জন্মিল কেনে তায়।
সংসার-বিষানলে, দিবানিশি হিয়া জ্বলে,
জুড়াইতে না কৈনু উপায়॥
ব্রজেন্দ্রনন্দন যেই, শচীসুত হৈল সেই,
বলরাম হইল নিতাই।
দীনহীন যত ছিল, হরিনামে উদ্ধারিল,
তার সাক্ষী জগাই মাধাই॥
হা হা প্রভু নন্দসুত, বৃষভানুসুতাযুত,
করুণা করহ এইবার।
নরোত্তমদাস কয়, না ঠেলিহ রাঙ্গাপায়,
তোমা বিনে কে আছে আমার॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(৬)

সাধকদেহোচিত-লালসা।

হরিহরি! কবে মোর হইবে সুদিন।
ভজিব শ্রীরাধাকৃষ্ণ হৈঞা প্রেমাধীন॥
সুযন্ত্রে মিশাঞা গাব সুমধুর তান।
আনন্দে করিব দুঁহার রূপগুণ-গান॥
'রাধিকা গোবিন্দ' বলি কান্দি উচ্চস্বরে।
ভিজিবে সকল অঙ্গ নয়নের নীরে॥
এইবার করুণা কর রূপ সনাতন।
রঘুনাথদাস আর জীবের জীবন॥
এইবার করুণা কর ললিতা বিশাখা।
শুদ্ধভাবে শ্রীদাম-সুবল-আদি সখা॥
সবে মিলি কর দয়া পূরুক মোর আশ।
প্রার্থনা করয়ে সদা নরোত্তমদাস॥

(৭)

দৈন্যবোধিকা।

প্রাণেশ্বর! নিবেদন এইজন করে।
গোবিন্দ গোকুলচন্দ্র, পরম আনন্দকন্দ,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তুয়া পাদপদ্মসেবা, এই ধন মোরে দিবা,
তুমি নাথ করুণার নিধি।
পরম মঙ্গল যশ, শ্রবণে পরম রস,
কার কিবা কার্য্য নহে সিদ্ধি॥
দারুণ সংসারগতি, বিষয়ে খণ্ডিত মতি,
তুয়া বিসরণ শেল বুকে।
জরজর তনু মন, অচেতন অনুক্ষণ,
জীয়স্তে মরণ ভেল দুঃখে॥
মো-হেন অধম জনে, কর কৃপানিরীক্ষণে,
দাস করি রাখ বৃন্দাবনে।
শ্রীকৃষ্ণচৈতন্য-নাম, প্রভু মোর গৌরধাম,
নরোত্তম লইল শরণে॥

(৮)

দৈন্যবোধিকা।

হরিহরি! কৃপা করি রাখ নিজপদে।
কাম ক্রোধ ছয় জনে, নিয়া ফিরে নানা স্থানে,
বিষয় ভুঞ্জায় নানামতে॥
হইয়া মায়ার দাস, করি নানা অভিলাষ,
তোমার স্মরণ গেল দূরে।
অর্থলাভ এই আশে, কপট-বৈরাগ্যবেশে,
ভ্রমিয়া বুলিয়ে ঘরেঘরে॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizaqtion by eGangotri

অনেক দুঃখের পরে, ল'য়েছিলে ব্রজপুরে,
কৃপাডোর গলায় বান্ধিয়া।
দৈবমায়া বলাৎকারে, খসাইয়া সেই ডোরে,
ভবকূপে দিলেক ডারিয়া॥
পুন যদি কৃপা করি, এজনার কেশে ধরি,
টানিয়া তুলহ ব্রজধামে।
তবে সে দেখিয়ে ভাল, নহে বোল ফুরাইল,
কহে দীন দাস নরোত্তমে॥

(৯)

দৈন্যবোধিকা।

(মোর) প্রভু মদনগোপাল, গোবিন্দ গোপীনাথ,
দয়া কর মুঞি-অধমেরে।
সংসার-সাগর-মাঝে, পড়িয়া রৈয়াছি নাথ,
কৃপাডোরে বান্ধি লহ মোরে॥
অধম চণ্ডাল আমি, দয়ার ঠাকুর তুমি,
শুনিয়াছি বৈষ্ণবের মুখে।
এ বড় ভরসা মনে, লৈঞা ফেল বৃন্দাবনে,
বংশীবট যেন দেখি সুখে॥
কৃপা কর আগু গুরি, লহ মোরে কেশে ধরি,
শ্রীযমুনা দেহ পদছায়া।
অনেক দিনের আশ, নহে যেন নৈরাশ,
দয়া কর—না করহ মায়া॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনিত্য এ দেহ ধরি, আপন আপন করি,
পাছেপাছে শমনের ভয়।
নরোত্তমদাস ভনে, প্রাণ কান্দে রাত্রিদিনে,
পাছে ব্রজপ্রাপ্তি নাহি হয়॥

(১০)

স্বনিষ্ঠা।

ধন মোর নিত্যানন্দ, পতি মোর গৌরচন্দ্র,
প্রাণ মোর যুগলকিশোর।
অদ্বৈতআচার্য্য বল, গদাধর মোর কুল,
নরহরি বিলাসই মোর॥
বৈষ্ণবের পদধূলি, তাহে মোর স্নান-কেলি,
তর্পণ মোর বৈষ্ণবের নাম।
বিচার করিয়া মনে, ভক্তিরস-আস্বাদনে,
মধ্যস্থ শ্রীভাগবত পুরাণ॥
বৈষ্ণবের উচ্ছিষ্ট, তাহে মোর মন নিষ্ঠ,
বৈষ্ণবের নামেতে উল্লাস।
বৃন্দাবনে চবুতারা, তাহে মোর মন ঘেরা,
কহে দীন নরোত্তমদাস॥

(১১)

মনঃশিক্ষা।

নিতাই-পদকমল, কোটিচন্দ্র-সুশীতল,
যে ছায়ায় জীবন জুড়ায়।
হেন নিতাই বিনে ভাই, রাধাকৃষ্ণ পাইতে নাই,
দৃঢ় করি ধর নিতাইয়ের পায়॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সে সম্বন্ধ নাহি যার,   বৃথা জন্ম গেল তার,
সেই পশু বড় দুরাচার।
নিতাই না বলিল মুখে,   মজিল সংসারসুখে,
বিদ্যাকুলে কি করিবে তার।
অহঙ্কারে মত্ত হৈঞা,   নিতাই-পদ পাসরিয়া,
অসত্যেরে সত্য করি মানি।
নিতাইয়ের করুণা হবে, ব্রজে রাধাকৃষ্ণ পাবে,
ধর নিতাইয়ের চরণ দুখানি॥
নিতাইয়ের চরণ সত্য,   তাঁহার সেবক নিত্য,
নিতাই-পদ সদা কর আশ।
নরোত্তম বড় দুখী,   নিতাই মোরে কর সুখী,
রাখ রাঙ্গা-চরণের পাশ॥

(১২)

মনঃশিক্ষা।

অরে ভাই! ভজ মোর গৌরাঙ্গচরণ।
না ভজিয়া মৈনু দুখে,   ডুবি গৃহ-বিষ-কূপে,
দগ্ধ কৈল এ পাঁচ পরাণ॥
তাপত্রয়-বিষানলে,   অহর্নিশি হিয়া জ্বলে,
দেহ সদা হয় অচেতন।
রিপুবশ ইন্দ্রিয় হৈল,   গোরাপদ পাশরিল,
বিমুখ হইল হেন ধন॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হেন গৌর দয়াময়, ছাড়ি সব লাজ-ভয়,
কায়মনে লহরে শরণ।
পামর দুর্ম্মতি ছিল, তারে গোরা উদ্ধারিল,
তারা হৈল পতিতপাবন॥
গোরা দ্বিজ-নটরাজে, বান্ধহ হৃদয়-মাঝে,
কি করিবে সংসার শমন।
নরোত্তমদাসে কহে, গোরা-সম কেহ নহে,
না ভজিতে দেয় প্রেমধন॥

(১৩)

শ্রীগৌরভক্তমহিমা।

গৌরাঙ্গের দুটি পদ, যার ধন সম্পদ,
সে জানে ভকতি-রস-সার।
গৌরাঙ্গের মধুর লীলা, যার কর্ণে প্রবেশিলা,
হৃদয় নির্ম্মল ভেল তার॥
যে গৌরাঙ্গের নাম লয়, তার হয় প্রেমোদয়,
তারে মুঞি যাই বলিহারি।
গৌরাঙ্গগুণেতে ঝুরে, নিত্যলীলা তারে স্ফুরে,
সে জন ভকতি-অধিকারী॥
গৌরাঙ্গের সঙ্গিগণে, নিত্যসিদ্ধ করি মানে,
সে যায় ব্রজেন্দ্রসুতপাশ।
শ্রীগৌড়মণ্ডল-ভূমি, যেবা জানে চিন্তামণি,
তার হয় ব্রজভূমে বাস॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গৌরপ্রেম-রসার্ণবে, সে তরঙ্গে যেবা ডুবে,
সে রাধামাধব-অন্তরঙ্গ।
গৃহে বা বনেতে থাকে, হা গৌরাঙ্গ ! ব'লে ডাকে,
নরোত্তম মাগে তার সঙ্গ ॥

(১৪)

পুনঃ প্রার্থনা।

শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু দয়া কর মোরে।
তোমা বিনে কে দয়ালু জগতসংসারে ॥
পতিত-পাবন-হেতু তব অবতার।
মো-সম পতিত প্রভু না পাইবে আর ॥
হা হা প্রভু নিত্যানন্দ প্রেমানন্দসুখি !।
কৃপাবলোকন কর আমি বড় দুখী ॥
দয়া কর সীতাপতি অদ্বৈত গোসাঞি।
তব কৃপাবলে পাই চৈতন্য-নিতাই ॥
হা হা স্বরূপ সনাতন রূপ রঘুনাথ।
ভট্টযুগ শ্রীজীব হা প্রভু লোকনাথ ॥
দয়া কর শ্রীআচার্য্যপ্রভু শ্রীনিবাস।
রামচন্দ্র-সঙ্গ মাগে নরোত্তমদাস ॥

(১৫)

সপার্ষদ-ভগবদ্বিরহজনিত-বিলাপঃ।

যে আনিল প্রেমধন করুণা-প্রচুর।
হেন প্রভু কোথা গেলা আচার্য্যঠাকুর ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কাঁহা মোর স্বরূপ রূপ কাঁহা সনাতন।
কাঁহা দাস রঘুনাথ পতিতপাবন॥
কাঁহা মোর ভট্টযুগ কাঁহা কবিরাজ।
এককালে কোথা গেল গোরা নটরাজ॥
পাষাণে কুটিব মাথা অনলে পশিব।
গৌরাঙ্গ গুণের নিধি কোথা গেলে পাব॥
সে-সব-সঙ্গীর সঙ্গে যে কৈল বিলাস।
সে-সঙ্গ না পাঞা কান্দে নরোত্তমদাস॥

(১৬)

পুনশ্চ সদৈন্য-বিলাপঃ।

হরিহরি! বড় শেল মরমে রহিল।
পাইয়া দুর্লভ তনু, শ্রীকৃষ্ণভজন বিনু,
জন্ম মোর বিফল হইল॥
ব্রজেন্দ্রনন্দন হরি, নবদ্বীপে অবতরি,
জগত ভরিয়া প্রেম দিল।
মুঞি সে পামর-মতি, বিশেষে কঠিন অতি,
তেঁই মোরে করুণা নহিল॥
স্বরূপ সনাতন রূপ, রঘুনাথ ভট্টযুগ,
তাহাতে না হৈল মোর মতি।
দিব্য চিন্তামণি-ধাম, বৃন্দাবন হেন স্থান,
সেই ধামে না কৈনু বসতি॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

বিশেষ বিষয়ে মতি, নহিল বৈষ্ণবে রতি,
নিরন্তর খেদ উঠে মনে ।
নরোত্তমদাস কহে, জীবার উচিত নহে,
শ্রীগুরু-বৈষ্ণব-সেবা বিনে ॥

(১৭)

বৈষ্ণব-মহিমা ।

ঠাকুর-বৈষ্ণব-পদ, অবনীর সম্পদ,
শুন ভাই ! হঞা একমনে ।
আশ্রয় লইয়া সেবে, সে-ই কৃষ্ণভক্তি লভে,
আর সব মরে অকারণে ॥
বৈষ্ণব-চরণ-জল, প্রেমভক্তি দিতে বল,
আর কেহ নহে বলবন্ত ।
বৈষ্ণব-চরণ-রেণু, মস্তকে ভূষণ বিনু,
আর নাহি ভূষণের অন্ত ॥
তীর্থজল-পবিত্র-গুণে, লিখিয়াছে পুরাণে,
সে সব ভক্তির প্রপঞ্চন ।
বৈষ্ণবের পাদোদক-, সম নহে এই সব,
যাতে হয় বাঞ্ছিত-পূরণ ॥
বৈষ্ণব-সঙ্গেতে মন, আনন্দিত অনুক্ষণ,
সদা হয় কৃষ্ণ-পরসঙ্গ ।
দীন নরোত্তম কান্দে, হিয়া ধৈর্য্য নাহি বান্ধে,
মোর দশা কেন হৈল ভঙ্গ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(১৮)

বৈষ্ণবে বিজ্ঞপ্তিঃ।

ঠাকুর-বৈষ্ণবগণ, করি এই নিবেদন,
মো বড় অধম দুরাচার।
দারুণ-সংসার-নিধি, তাহে ডুবাইল বিধি,
কেশে ধরি মোরে কর পার॥
বিধি বড় বলবান্, না শুনে ধরম জ্ঞান,
সদাই করমপাশে বান্ধে।
না দেখি তারণ-লেশ, যত দেখি সব ক্লেশ,
অনাথ কাতরে তেঞি কান্দে॥
কাম ক্রোধ লোভ মোহ, মদ অভিমান-সহ,
আপন আপন স্থানে টানে।
আমার ঐছন মন, ফিরে যেন অন্ধজন,
সুপথ বিপথ নাহি জানে॥
না লইনু সত-মত, অসতে মজিল চিত,
তুয়া পায়ে না করিনু আশ।
নরোত্তমদাসে কয়, দেখি শুনি লাগে ভয়,
তরাইয়া লহ নিজপাশ॥

(১৯)

বৈষ্ণবে বিজ্ঞপ্তিঃ।

এইবার করুণা কর বৈষ্ণব-গোসাঞি।
পতিতপাবন তোমা-বিনে কেহ নাই॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কাহার নিকটে গেলে পাপ দূরে যায়।
এমন দয়াল প্রভু কেবা কোথা পায়॥
গঙ্গার পরশ হইলে পশ্চাতে পাবন।
দর্শনে পবিত্র কর—এই তোমার গুণ॥
হরিস্থানে অপরাধে তারে' হরিনাম।
তোমা-স্থানে অপরাধে নাহিক এড়ান॥
তোমার হৃদয়ে সদা গোবিন্দ-বিশ্রাম।
গোবিন্দ কহেন—মম বৈষ্ণব পরাণ॥
প্রতিজন্মে করি আশা চরণের ধূলি।
নরোত্তমে কর দয়া আপনার বলি॥

(২০)

বৈষ্ণবে বিজ্ঞপ্তিঃ।

কিরূপে পাইব সেবা মুই দুরাচার।
শ্রীগুরুবৈষ্ণবে রতি না হৈল আমার॥
অশেষ মায়াতে মন মগন হইল।
বৈষ্ণবেতে লেশমাত্র রতি না জন্মিল॥
গলে ফাঁস দিতে ফিরে মায়া সে পিচাশী।
বিষয়ে ভুলিয়া অন্ধ হৈনু দিবানিশি॥
ইহারে করিয়া জয় ছাড়ান না যায়।
সাধুকৃপা বিনা আর নাহিক উপায়॥
অদোষদরশি প্রভু পতিত-উদ্ধার!।
এইবার নরোত্তমে করহ নিস্তার॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(২১)

দৈন্যবোধিকা প্রার্থনা।

হরিহরি! কি মোর করম অভাগ।
বিফলে জীবন গেল, হৃদয়ে রহিল শেল,
নাহি ভেল হরি-অনুরাগ ॥
যজ্ঞ দান তীর্থস্নান, পুণ্যকর্ম্ম জপ ধ্যান,
অকারণে সব গেল মোহে।
বুঝিলাম মনে হেন, উপহাস হয় যেন,
বস্ত্রহীন অলঙ্কার দেহে ॥
সাধুমুখে কথামৃত, শুনিয়া বিমল চিত,
নাহি ভেল অপরাধ-কারণ।
সতত অসত-সঙ্গ, সকলি হইল ভঙ্গ,
কি করিব আইলে শমন ॥
শ্রুতি স্মৃতি সদা রবে', শুনিয়াছি এই সবে,
হরিপদ অভয় শরণ।:
জনম লইয়া সুখে, কৃষ্ণ না বলিনু মুখে,
না করিনু সে-রূপ-ভাবন ॥
রাধাকৃষ্ণ দুঁহু-পায়, তনু মন রহু তায়,
আর দূরে যাউক বাসনা।
নরোত্তমদাসে কয়, আর মোর নাহি ভয়,

Dr. Urmila Shamra Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(২২)

সাধকদেহোচিত-শ্রীবৃন্দাবনবাস-লালসা।

হরিহরি! আর কি এমন দশা হব।
এ ভব সংসার ত্যজি, পরম আনন্দে মজি,
আর কবে ব্রজভূমে যাব॥
সুখময় বৃন্দাবন, কবে হবে দরশন,
সে-ধূলি লাগিবে কবে গায়।
প্রেমে গদগদ হৈঞা, রাধাকৃষ্ণ-নাম লৈঞা,
কান্দিয়া বেড়াব উভরায়॥
নিভৃতে নিকুঞ্জে যাঞা, অষ্টাঙ্গে প্রণাম হৈঞা,
ডাকিব হা রাধানাথ! বলি।
কবে যমুনার তীরে, পরশ করিব নীরে,
কবে পিব করপুটে তুলি॥
আর কবে এমন হব, শ্রীরাসমণ্ডলে যাব,
কবে গড়াগড়ি দিব তায়।
বংশীবট-ছায়া পাঞা, পরম আনন্দ হঞা,
পড়িয়া রহিব তার ছায়॥
কবে গোবর্দ্ধন গিরি, দেখিব নয়ন ভরি,
কবে হবে রাধাকুণ্ডে বাস।
ভ্রমিতেভ্রমিতে কবে, এ-দেহ-পতন হবে,
কহে দীন নরোত্তমদাস॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(২৩)

সাধকদেহোচিত-শ্রীবৃন্দাবনবাস-লালসা।

হরিহরি! আর কবে পালটিবে দশা।
এ সব করিয়া বামে, যাব বৃন্দাবনধামে,
এই মনে করিয়াছি আশা॥
ধন জন পুত্র দারে, এ সব করিয়া দূরে,
একান্ত হইয়া কবে যাব।
সব দুঃখ পরিহরি, বৃন্দাবনে বাস করি,
মাধুকরী মাগিয়া খাইব॥
যমুনার জল যেন, অমৃত-সমান হেন,
কবে পিব উদর পূরিয়া।
কবে রাধাকুণ্ডজলে, স্নান করি কুতূহলে,
শ্যামকুণ্ডে রহিব পড়িয়া॥
ভ্রমিব দ্বাদশ বনে, রসকেলি যে যে স্থানে,
প্রেমাবেশে গড়াগড়ি দিয়া।
সুধাইব জনেজনে, ব্রজবাসিগণস্থানে,
নিবেদিব চরণ ধরিয়া॥
ভোজনের স্থান কবে, নয়নগোচর হবে,
আর যত আছে উপবন।
তার মধ্যে বৃন্দাবন, নরোত্তমদাসের মন,
আশা করে যুগল চরণ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(২৪)

সাধকদেহোচিত-শ্রীবৃন্দাবনবাস-লালসা।

করঙ্গ কৌপীন লঞা, ছেঁড়া কান্থা গায় দিয়া,
তেয়াগিব সকল বিষয়।
কৃষ্ণে অনুরাগ হবে, ব্রজের নিকুঞ্জে কবে,
যাইয়া করিব নিজালয়॥
হরিহরি! কবে মোর হইবে সুদিন।
ফলমূল বৃন্দাবনে, খাঞা দিবা-অবসানে,
ভ্রমিব হইয়া উদাসীন॥
শীতল যমুনাজলে, স্নান করি কুতূহলে,
প্রেমাবেশে আনন্দিত হঞা।
বাহুর উপর বাহু তুলি, বৃন্দাবনে কুলিকুলি,
কৃষ্ণ বলি বেড়াব কান্দিয়া॥
দেখিব সঙ্কেতস্থান, জুড়াবে তাপিত প্রাণ,
প্রেমাবেশে গড়াগড়ি দিব।
কাঁহা রাধা প্রাণেশ্বরি, কাঁহা গিরিবরধারি,
কাঁহা নাথ বলিয়া ডাকিব॥
মাধবীকুঞ্জেরোপরি, সুখে বসি শুকশারী,
গাইবেক রাধাকৃষ্ণ-রস।
তরুমূলে বসি তাহা, শুনি জুড়াইবে হিয়া,
কবে সুখে গোঙাব দিবস॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীগোবিন্দ গোপীনাথ, শ্রীমতী-রাধিকা-সাথ,
দেখিব রতন-সিংহাসনে।
দীন নরোত্তমদাস, করয়ে দুর্লভ আশ,
এমতি হইবে কতদিনে ॥

(২৫)

সাধকদেহোচিত-শ্রীবৃন্দাবনবাস-লালসা।

হরিহরি! কবে হব বৃন্দাবনবাসী।
নিরখিব নয়নে যুগল-রূপরাশি ॥
ত্যজিয়া শয়ন-সুখ বিচিত্র পালঙ্ক।
কবে ব্রজের ধূলায় ধূসর হবে অঙ্গ ॥
ষড়রস-ভোজন দূরে পরিহরি।
কবে ব্রজে মাগিয়া খাইব মাধুকরী ॥
পরিক্রমা করিয়া বেড়াব বনেবনে।
বিশ্রাম করিব যাই যমুনাপুলিনে ॥
তাপ দূর করিব শীতল বংশীবটে।
(কবে) কুঞ্জে বৈঠব হাম বৈষ্ণব-নিকটে ॥
নরোত্তমদাস কহে করি পরিহার।
কবে বা এমন দশা হইবে আমার ॥

(২৬)

সবিলাপ-শ্রীবৃন্দাবনবাস-লালসা।

আর কি এমন দশা হব।
সব ছাড়ি বৃন্দাবনে যাব ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আর কবে শ্রীরাসমণ্ডলে।
গড়াগড়ি দিব কুতুহলে॥
আর কবে গোবর্দ্ধন গিরি।
দেখিব নয়নযুগ ভরি॥
শ্যামকুণ্ডে রাধাকুণ্ডে স্নান।
করি কবে জুড়াব পরাণ॥
আর কবে যমুনার জলে।
মজ্জনে হইব নিরমলে॥
সাধুসঙ্গে বৃন্দাবনে বাস।
নরোত্তমদাস করে আশ॥

(২৭)

শ্রীরূপরতিমঞ্জর্য্যোর্বিজ্ঞপ্তিঃ।

রাধাকৃষ্ণ সেবোঁ মুঞি জীবনেমরণে।
তাঁর স্থান তাঁর লীলা দেখোঁ রাত্রিদিনে॥
যে স্থানে যে লীলা করে যুগলকিশোর।
সখীর সঙ্গিনী হঞা তাহে হও ভোর॥
শ্রীরূপমঞ্জরীপদ সেবোঁ নিরবধি।
তাঁর পাদপদ্ম মোর মন্ত্র মহৌষধি॥
শ্রীরতিমঞ্জরি দেবি! মোরে কর দয়া।
অনুক্ষণ দেহ তুয়া পাদপদ্ম-ছায়া॥
শ্রীরসমঞ্জরি দেবি! কর অবধান।
অনুক্ষণ দেহ তুয়া [illegible]॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বৃন্দাবনে নিত্যনিত্য যুগলবিলাস।
প্রার্থনা করয়ে সদা নরোত্তমদাস ॥

(২৮)

সখীবৃন্দে বিজ্ঞপ্তিঃ।

রাধাকৃষ্ণ প্রাণ মোর যুগলকিশোর।
জীবনেমরণে গতি আর নাহি মোর ॥
কালিন্দীর কূলে কেলিকদম্বের বন।
রতনবেদীর উপর বসাব দুজন ॥
শ্যামগোরী-অঙ্গে দিব চুয়াচন্দনের গন্ধ।
চামর ঢুলাব কবে হেরিব মুখচন্দ্র ॥
গাঁথিয়া মালতীর মালা দিব দোঁহার গলে।
অধরে তুলিয়া দিব কর্পূরতাম্বূলে ॥
ললিতা-বিশাখা-আদি যত সখীবৃন্দ।
আজ্ঞায় করিব সেবা চরণারবিন্দ ॥
শ্রীকৃষ্ণচৈতন্যপ্রভুর দাসের অনুদাস।
সেবা-অভিলাষ করে নরোত্তমদাস ॥

(২৯)

স্বাভীষ্ট-লালসা।

হরিহরি! কবে মোর হইবে সুদিন।
কেলিকৌতুকরঙ্গে করিব সেবন ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ললিতা-বিশাখা-সনে, যতেক সখীর গণে,
মণ্ডলী করিব দোঁহ মেলি।
রাই-কানু করে ধরি, নৃত্য করে ফিরিফিরি,
নিরখি গোঙাব কুতূহলী ॥
অলস-বিশ্রাম-ঘরে, গোবর্দ্ধন-গিরিবরে,
রাই-কানু করিবে শয়নে।
নরোত্তমদাসে কয়, এই যেন মোর হয়,
অনুক্ষণ চরণসেবনে ॥

(৩০)

স্বাভীষ্ট-লালসা।

গোবর্দ্ধন গিরিবর, কেবল নির্জ্জন স্থল,
রাই-কানু করিবে শয়নে।
ললিতা-বিশাখা-সঙ্গে, সেবন করিব রঙ্গে,
সুখময় রাতুল চরণে।
কণকসম্পুট করি, কর্পূরতাম্বুল ভরি,
যোগাইব বদনকমলে।
মণিময় কিঙ্কিণী, রতননূপুর আনি,
পরাইব চরণযুগলে ॥
কণক-কটোরা পূরি, সুগন্ধি চন্দন বুরি,
দোঁহাকার শ্রীঅঙ্গে ঢালিব।
গুরুরূপা-সখী-বামে, ত্রিভঙ্গভঙ্গিমঠামে,
চামর ঢুলাব কবে

Dr. Umima Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দোঁহার কমল আঁখি, পুলক হইয়া দেখি,
ছুঁহুপদ পরশিব করে।
চৈতন্যদাসের দাস, মনে মাত্র অভিলাষ,
নরোত্তমদাসে সদা স্ফুরে॥

(৩১)

স্বাভীষ্ট-লালসা।

হরিহরি! আর কি এমন দশা হব।
কবে বৃষভানুপুরে, আহীরীগোপের ঘরে,
তনয়া হইয়া জনমিব॥
যাবটে আমার কবে, এ-পাণি-গ্রহণ হবে,
বসতি করিব কবে তায়।
সখীর পরম শ্রেষ্ঠ, যে তাহার হয় প্রেষ্ঠ,
সেবন করিব তার পায়॥
তেঁহ কৃপাবান হৈঞা, রাতুল-চরণে লঞা,
আমারে করিবে সমর্পণ।
সফল হইবে দশা, পূরিবে মনের আশা,
সেবি দুঁহার যুগল-চরণ॥
বৃন্দাবনে দুইজন, চতুর্দ্দিকে সখীগণ,
সেবন করিব অবশেষে।
সখীগণ চারিভিতে, নানা যন্ত্র লৈঞা হাতে,
দেখিব মনের অভিলাষে॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দুঁহু-চাঁদমুখ দেখি, জুড়াবে তাপিত আঁখি,
নয়নে বহিবে অশ্রুধার।
বৃন্দার নিদেশ পাব, দোঁহার নিকটে যাব,
হেন দিন হইবে আমার ॥
শ্রীরূপমঞ্জরী সখী, মোরে অনাথিনী দেখি,
রাখিবে রাতুল দুটী পায়।
নরোত্তমদাস ভনে, প্রিয়নর্ম্মসখীগণে,
কবে দাসী করিবে আমায় ॥

(৩২)

স্বাভীষ্ট-লালসা।

হরিহরি! আর কি এমন দশা হব।
ছাড়িয়া পুরুষ দেহ, কবে বা প্রকৃতি হব,
দুঁহু-অঙ্গে চন্দন পরাব ॥
টানিয়া বাঁধিব চূড়া, নবগুঞ্জাহারে বেড়া,
নানা ফুলে গাঁথি দিব হার।
পীতবসন অঙ্গে, পরাইব সখী-সঙ্গে,
বদনে তাম্বূল দিব আর ॥
দুঁহু-রূপ মনোহারী, হেরিব নয়ন ভরি,
নীলাম্বরে রাই সাজাইয়া।
নবরত্ন-জরি আনি, বান্ধিব বিচিত্র বেণী,
তাহে ফুল মালতী গাঁথিয়া ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সে না রূপমাধুরী, দেখিব নয়ন ভরি,
এই করি মনে অভিলাষ।
জয় রূপ সনাতন, দেহ মোরে এই ধন,
নিবেদয়ে নরোত্তমদাস ॥

(৩৩)

সিদ্ধদেহেন শ্রীবৃন্দাবনেশ্বর্য্যাং সাক্ষাদ্বিজ্ঞপ্তিঃ।

প্রাণেশ্বরি! এইবার করুণা কর মোরে।
দশনেতে তৃণ ধরি, অঞ্জলি মস্তকে করি,
এই জন নিবেদন করে ॥
প্রিয়-সহচরী-সঙ্গে, সেবন করিব রঙ্গে,
অঙ্গে বেশ করিবেক সাধে।
রাখ এই সেবাকাজে, নিজ পদপঙ্কজে,
প্রিয়-সহচরীগণ-মাঝে ॥
সুগন্ধি চন্দন, মণিময় আভরণ,
কৌষিক বসন নানা রঙ্গে।
এই সব সেবা যাঁর, দাসী যেন হও তাঁর,
অনুক্ষণ থাকি তাঁর সঙ্গে ॥
জল সুবাসিত করি, রতনভৃঙ্গারে ভরি,
কর্পূরবাসিত গুয়া-পান।
এসব সাজাইয়া ডালা, লবঙ্গ-মালতী-মালা,
ভক্ষ্যদ্রব্য নানা অনুপান ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সখীর ইঙ্গিত হবে, এসব আনিয়া করে,
যোগাইব ললিতার কাছে।
নরোত্তমদাস কয়, এই যেন মোর হয়,
দাঁড়াইয়া রহু সখীর পাছে॥

(৩৪)

পুনস্তত্রৈব বিজ্ঞপ্তিঃ।

অরুণ-কমল-দলে, শেজ বিছাইব,
বসাইব কিশোরকিশোরী।
অলকা-আবৃত-মুখ-, পঙ্কজ মনোহর,
মরকত-শ্যাম হেম-গোরী॥
প্রাণেশ্বরি! কবে মোরে হবে কৃপাদিঠি।
আজ্ঞায় আনিয়া কবে, বিবিধ ফুলবর,
শুনব বচন দুঁহু মিঠি॥
মৃগমদ-তিলক, সসিন্দুর বনায়ব,
লেপব চন্দন-গন্ধে।
গাঁথি মালতীফুল-, হার পহিরাওব,
ধাওয়াব মধুকরবৃন্দে॥
ললিতা কবে মোরে, বীজন দেওয়ব,
বীজব মারুত মন্দে।
শ্রমজল সকল, মিটব দুঁহু-কলেবর,
[illegible]

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নরোত্তমদাস-, আশ পদপঙ্কজ-,
সেবন-মাধুরীপানে।
হোওয়ব হেন দিন, না দেখিয়ে কোন চিহ্ন,
ছুঁহুজন হেরব নয়ানে॥

(৩৫)

স্বাভীষ্ট-লালসা।

কুসুমিত বৃন্দাবনে, নাচত শিখিগণে,
পিককুল ভ্রমর ঝঙ্কারে।
প্রিয় সহচরী সঙ্গে, গাইয়া যাইবে রঙ্গে,
মনোহর নিকুঞ্জ-কুটীরে॥
হরিহরি! মনোরথ ফলিবে আমারে।
ছুঁহুক মন্থর গতি, কৌতুকে হেরব অতি,
অঙ্গ ভরি পুলক অন্তরে॥
চৌদিকে সখীর মাঝে, রাধিকার ইঙ্গিতে,
চিরুণী লইয়া করে করি।
কুটিল কুন্তল সব, বিথারিয়া আঁচরব,
বনাইব বিচিত্র কবরী॥
মৃগমদ মলয়জ, সব অঙ্গে লেপব,
পরাইব মনোহর হার।
চন্দন-কুঙ্কুমে, তিলক বনাইব,
হেরব মুখ-সুধাকর॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নীল পট্টাম্বর, যতনে পরাইব,
পায়ে দিব রতন-মঞ্জীরে।
ভৃঙ্গারের জলে রাঙ্গা-, চরণ ধোয়াইব,
মুছব আপন চিকুরে॥
কুসুম-কমলদলে, শেজ বিছাইব,
শয়ন করাব দোঁহাকারে।
ধবল চামর আনি, মৃদুমৃদু বীজব,
ছরমিত দুঁহুক শরীরে॥
কনকসম্পুট করি, কর্পূর তাম্বুল ভরি,
যোগাইব দোঁহার বদনে।
অধর-সুধারসে, তাম্বুল সুবাসে,
ভোখব অধিক যতনে॥
শ্রীগুরু করুণাসিন্ধু, লোকনাথ দীনবন্ধু,
মুই-দীনে কর অবধান।
রাধাকৃষ্ণ বৃন্দাবন, প্রিয়নর্ম্মসখীগণ,
নরোত্তম মাগে এই দান॥

(৩৬)

পুনঃ স্বাভীষ্ট-লালসা।

হরিহরি! কবে মোর হইবে সুদিন।
গোবর্দ্ধন-গিরিবরে, পরম নিভৃত ঘরে,
রাই কানু করাব শয়ন॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভৃঙ্গারের জলে রাঙ্গা-, চরণ ধোয়াইব,
মুছব আপন চিকুরে।
কনকসম্পুট করি, কর্পূর তাম্বুল পূরি,
যোগাইব দুঁহুক অধরে॥
প্রিয়সখীগণ-সঙ্গে, সেবন করিব রঙ্গে,
চরণ সেবিব নিজকরে।
দুঁহুক কমল-দিঠি, কৌতুকে হেরব,
দুহুঁ অঙ্গ পুলক অন্তরে॥
মল্লিকা মালতী যুথি, নানা ফুলে মালা গাঁথি,
কবে দিব দোঁহার গলায়।
সোণার কটোরা করি, কর্পূর চন্দন ভরি,
কবে দিব দোঁহাকার গায়॥
আর কবে এমন হব, দুঁহু-মুখ নিরখিব,
লীলারস নিকুঞ্জশয়নে।
শ্রীকুন্দলতার সঙ্গে, কেলি-কৌতুক রঙ্গে,
নরোত্তম করিবে শ্রবণে॥

(৩৭)

শ্রীকৃষ্ণে বিজ্ঞপ্তিঃ।

প্রভু হে! এইবার করহ করুণা।
যুগল চরণ দেখি, সফল করিব আঁখি,
এই মোর মনের কামনা॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizaqtion by eGangotri

নিজপদ-সেবা দিবা, নাহি মোরে উপেখিবা,
দুঁহু পঁহু করুণাসাগর।
দুহুঁ বিনু নাহি জানোঁ, এই বড় ভাগ্য মানোঁ,
মুই বড় পতিত পামর ॥
ললিতা আদেশ পাঞা, চরণ সেবিব যাঞা,
প্রিয়সখী সঙ্গে হয় মনে।
দুহুঁ দাতাশিরোমণি, অতি দীন মোরে জানি,
নিকটে চরণ দিবে দানে ॥
পাব রাধাকৃষ্ণ-পা, ঘুচিবে মনের ঘা,
দূরে যাবে এসব বিকল।
নরোত্তমদাসে কয়, এই বাঞ্ছা সিদ্ধি হয়,
দেহ প্রাণ সকল সফল ॥

(৩৮)

অথ আক্ষেপঃ।

হরিহরি! কি মোর করম অনুরত।
বিষয়ে কুটিলমতি, সৎসঙ্গে না হইল রতি,
কিসে আর তরিবার পথ ॥
স্বরূপ সনাতন রূপ, রঘুনাথ ভট্টযুগ,
লোকনাথ সিদ্ধান্ত সাগর।
শুনিতাম সে-সব-কথা, ঘুচিত মনের ব্যথা,
তবে ভাল হইত অন্তর ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যখন গৌর নিত্যানন্দ, অদ্বৈতাদি ভক্তবৃন্দ,
নদীয়ানগরে অবতার।
তখন না হৈল জন্ম, এবে দেহে কিবা কর্ম্ম,
মিছা মাত্র বহি ফিরি ভার॥
হরিদাস আদি বুলে, মহোৎসব-আদি করে,
না হেরিনু সে সুখ-বিলাস।
কি মোর দুঃখের কথা, জনম গোঙানু বৃথা,
ধিক্ ধিক্ নরোত্তমদাস॥

(৩৯)

লালসা।

শ্রীরূপমঞ্জরী-পদ, সেই মোর সম্পদ,
সেই মোর ভজন-পূজন।
সেই মোর প্রাণ-ধন, সেই মোর আভরণ,
সেই মোর জীবনের জীবন॥
সেই মোর রসনিধি, সেই মোর বাঞ্ছাসিদ্ধি,
সেই মোর বেদের ধরম।
সেই ব্রত সেই তপ, সেই মোর মন্ত্র জপ,
সেই মোর ধরম করম॥
অনুকূল হবে বিধি, সে-পদে হইবে সিদ্ধি,
নিরখিব এ দুই নয়ানে।
সে রূপমাধুরীরাশি, প্রাণ-কুবলয়-শশী,
প্রফুল্লিত হবে নিশিদিনে॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তুয়া-অদর্শন-অহি, গরলে জারল দেহি,
চিরদিন তাপিত জীবন।
হা হা প্রভু! কর দয়া, দেহ মোরে পদছায়া,
নরোত্তম লইল শরণ॥

(৪০)

শুনিয়াছি সাধুমুখে বলে সর্ব্বজন।
শ্রীরূপকৃপায় মিলে যুগল চরণ॥
হা হা প্রভু সনাতন গৌরপরিবার!।
সবে মিলি বাঞ্ছা পূর্ণ করহ আমার॥
শ্রীরূপের কৃপা যেন আমা প্রতি হয়।
সে পদ আশ্রয় যার সে-ই মহাশয়॥
প্রভু লোকনাথ কবে সঙ্গে লঞা যাবে।
শ্রীরূপের পাদপদ্মে মোরে সমর্পিবে॥
হেন কি হইবে মোর—নর্ম্মসখীগণে।
অনুগত নরোত্তমে করিবে শাসনে॥

(৪১)

এই নব-দাসী বলি শ্রীরূপ চাহিবে।
হেন শুভক্ষণ মোর কতদিনে হবে॥
শীঘ্র আজ্ঞা করিবেন——দাসী হেথা আয়।
সেবার সুসজ্জা-কার্য্য করহ ত্বরায়॥
আনন্দিত হঞা হিয়া তাঁর আজ্ঞাবলে।
পবিত্র মনেতে কার্য্য করিব তৎকালে॥

Dr. Umilla Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সেবার সামগ্রী রত্নথালেতে করিয়া।
সুবাসিত বারি স্বর্ণঝারিতে পূরিয়া॥
দোঁহার সম্মুখে ল'য়ে দিব শীঘ্রগতি।
নরোত্তমের দশা কবে হইবে এমতি॥

(৪২)

শ্রীরূপপশ্চাতে আমি রহিব ভীত হঞা।
দোঁহে পুন কহিবেন আমা পানে চাঞা॥
সদয়-হৃদয়ে দোঁহে কহিবেন হাসি।
কোথায় পাইলে রূপ! এই নব দাসী॥
শ্রীরূপমঞ্জরী তবে দোঁহবাক্য শুনি।
মঞ্জুলালী দিল মোরে এই দাসী আনি॥
অতি নম্রচিত্ত আমি ইহারে জানিল।
সেবাকার্য্য দিয়া তবে হেথায় রাখিল॥
হেন তত্ত্ব দোঁহাকার সাক্ষাতে কহিয়া।
নরোত্তমে সেবায় দিবে নিযুক্ত করিয়া॥

(৪৩)

হা হা প্রভু লোকনাথ! রাখ পদদ্বন্দ্বে।
কৃপাদৃষ্টে চাহ যদি হইয়া আনন্দে॥
মনোবাঞ্ছা সিদ্ধি তবে হঙ পূর্ণতৃষ্ণ।
হেথায় চৈতন্য মিলে সেথা রাধাকৃষ্ণ॥
তুমি না করিলে দয়া কে করিবে আর।
মনের বাসনা পূর্ণ কর এইবার॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এ তিন সংসারে মোর আর কেহ নাই।
কৃপা করি নিজ পদতলে দেহ ঠাঁঞি॥
রাধাকৃষ্ণ-লীলাগুণ গাঙ রাত্রদিনে।
নরোত্তম-বাঞ্ছা পূর্ণ নহে তুয়া বিনে॥

(৪৪)

লোকনাথ প্রভু! তুমি দয়া কর মোরে।
রাধাকৃষ্ণচরণে যেন সদা চিত্ত স্ফুরে॥
তোমার সহিতে থাকি সখীর সহিতে।
এই ত বাসনা মোর সদা উঠে চিতে॥
সখীগণজ্যেষ্ঠ যেঁহো তাঁহার চরণে।
মোরে সমর্পিবে কবে সেবার কারণে॥
তবে সে হইবে মোর বাঞ্ছিত পূরণ।
আনন্দে সেবিব দোঁহার যুগল চরণ॥
শ্রীরূপমঞ্জরি সখি! কৃপাদৃষ্টে চাঞা।
তাপী নরোত্তমে সিঞ্চ সেবামৃত দিঞা॥

(৪৫)

হা হা প্রভু! কর দয়া করুণা তোমার।
মিছা মায়াজালে তনু দহিছে আমার॥
কবে হেন দশা হবে—সখী-সঙ্গ পাব।
বৃন্দাবনে ফুল গাঁথি দোঁহাকে পরাব॥
সম্মুখে বসিয়া কবে চামর ঢুলাব।
অগুরু-চন্দন-গন্ধ দোঁহ অঙ্গে দিব॥
সখীর আজ্ঞায় কবে তাম্বুল যোগাব।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিলাসকৌতুককেলি দেখিব নয়নে।
চন্দ্রমুখ নিরখিব বসায়ে সিংহাসনে ॥
সদা সে মাধুরী দেখি মনের লালসে।
কতদিনে হবে দয়া নরোত্তমদাসে ॥

(৪৬)

হরিহরি! কবে হেন দশা হবে মোর।
সেবিব দোঁহার পদ আনন্দে বিভোর ॥
ভ্রমর হইয়া সদা রহিব চরণে।
শ্রীচরণামৃত সদা করিব আস্বাদনে ॥
এই আশা করি আমি—যত সখীগণ।
তোমাদের কৃপায় হয় বাঞ্ছিত পূরণ ॥
বহুদিন বাঞ্ছা করি পূর্ণ যাতে হয়।
সবে মেলি দয়া কর হইয়া সদয় ॥
সেবা-আশে নরোত্তম কান্দে দিবানিশি।
কৃপা করি কর মোরে অনুগত দাসী ॥

(৪৭)

জয়জয় শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥
কৃপা করি সবে মেলি করহ করুণা।
অধম পতিতজনে না করিহ ঘৃণা ॥
এ-তিন-সংসার-মাঝে তুয়া পদ সার।
ভাবিয়া দেখিনু মনে—গতি নাহি আর ॥
সে পদ পাবার আশে খেদ উঠে মনে।
ব্যাকুল হৃদয় সদা করিয়ে ক্রন্দনে ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কিরূপে পাইব কিছু না পাই সন্ধান।
প্রভু-লোকনাথ-পদ নাহিক স্মরণ॥
তুমি ত দয়াল প্রভু! চাহ একবার।
নরোত্তম-হৃদয়ের ঘুচাও অন্ধকার॥

(৪৮)

মাথুরবিরহোচিত-দর্শনলালসা।

কবে কৃষ্ণধন পাব, হিয়ার মাঝারে থোব,
জুড়াইব এ পাপ-পরাণ।
সাজাইয়া দিব হিয়া, বসাইব প্রাণপ্রিয়া,
নিরখিব সে চন্দ্রবয়ান॥
হে সজনি! কবে মোর হইবে সুদিন।
সে প্রাণনাথের সঙ্গে, কবে বা ফিরিব রঙ্গে,
সুখময় যমুনাপুলিন॥
ললিতা বিশাখা নিয়া, তাঁহারে ভেটিব গিয়া,
সাজাইয়া নানা উপহার।
সদয় হইয়া বিধি, মিলাইবে গুণনিধি,
হেন ভাগ্য হইবে আমার॥
দারুণ বিধির নাট, ভাঙ্গিল প্রেমের হাট,
তিলমাত্র না রাখিল তার।
কহে নরোত্তমদাস, কি মোর জীবনে আশ,
ছাড়ি গেল ব্রজেন্দ্রকুমার॥

(৪৯)

এইবার পাইলে দেখা চরণ দুখানি।
হিয়ার মাঝারে রাখি জুড়াব পরাণী॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তারে না দেখিয়া মোর মনে বড় তাপ।
অনলে পশিব কিংবা জলে দিব ঝাঁপ॥
মুখের মুছাব ঘাম খাওয়াব পান গুয়া।
ঘামেতে বাতাস দিব চন্দনাদি চুয়া॥
বৃন্দাবনের ফুলের গাঁথিয়া দিব হার।
বিনাইয়া বান্ধিব চূড়া কুন্তলের ভার॥
কপালে তিলক দিব চন্দনের চাঁদ।
নরোত্তমদাস কহে পিরীতের ফাঁদ॥

(৫০)

আক্ষেপঃ।

গোরা পঁহু না ভজিয়া মৈনু।
প্রেম-রতন-ধন হেলায় হারাইনু॥
অধনে যতন করি ধন তেয়াগিনু।
আপন করমদোষে আপনি ডুবিনু॥
সৎসঙ্গ ছাড়ি কৈনু অসতে বিলাস।
তে-কারণে লাগিল যে কর্ম্মবন্ধ ফাঁস॥
বিষয় বিষম বিষ সতত খাইনু।
গৌরকীর্ত্তনরসে মগন না হৈনু॥
কেন বা আছয়ে প্রাণ কি সুখ পাইয়া।
নরোত্তমদাস কেন না গেল মরিয়া॥

(৫১)

বৃন্দাবন রম্যস্থান, দিব্য চিন্তামণিধাম,
রতন-মন্দির মনোহর।
আবৃত কালিন্দী-নীরে, রাজহংস কেলি করে,
তাহে শোভে কনক-কমল॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

তার মধ্যে হেমপীঠ, অষ্টদলে বেষ্টিত,
অষ্টদলে প্রধানা নায়িকা।
তার মধ্যে রত্নাসনে, বসি আছেন দুইজনে,
শ্যাম-সঙ্গে সুন্দরী রাধিকা ॥
ও রূপ লাবণ্যরাশি, অমিয় পড়িছে খসি,
হাস্য-পরিহাস-সম্ভাষণে।
নরোত্তমদাস কয়, নিত্যলীলা সুখময়,
সদাই স্ফুরুক মোর মনে ॥

(৫২)

কদম্বতরুর ডাল, নামিয়াছে ভূমে ভাল,
ফুটিয়াছে ফুল সারিসারি।
পরিমলে ভরল, সকল বৃন্দাবন,
কেলি করে ভ্রমরা ভ্রমরী ॥
রাই কানু বিলাসই রঙ্গে।
কিবা রূপ-লাবণি, বৈদগধ ধনি ধনি,
মণিময় আভরণ অঙ্গে ॥
রাধার দক্ষিণ কর, ধরি প্রিয় গিরিধর,
মধুরমধুর চলি যায়।
আগেপাছে সখীগণ, করে ফুল-বরিষণ,
কোন সখী চামর ঢুলায় ॥
পরাগে ধূসর স্থল, চন্দ্র-করে সুশীতল,
মণিময়-বেদীর উপরে।
রাই কানু কর যোড়ি, নৃত্য করে ফিরিফিরি,
পরশে পুলকে তনু ভরে ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মৃগমদ চন্দন, করে করি সখীগণ,
বরিখয়ে ফুল গন্ধরাজে।
শ্রমজল বিন্দুবিন্দু, শোভা করে মুখ-ইন্দু,
অধরে মুরলী নাহি বাজে॥
হাস-বিলাস-রস, সরল মধুর ভাষ,
নরোত্তম-মনোরথ ভরু।
দুঁহুক বিচিত্র বেশ, কুসুমে রচিত কেশ,
লোচন-মোহন লীলা করু॥

(৫৩)

আজি রসে বাদর নিশি।
প্রেমে ভাসল সব বৃন্দাবনবাসী॥
শ্যাম-ঘন বরিখয়ে প্রেমসুধাধার।
কোরে রঙ্গিণী রাধা বিজুরী-সঞ্চার॥
প্রেমে পিছল পথ—গমন ভেল বঙ্ক।
মৃগমদ-চন্দন-কুঙ্কুমে ভেল পঙ্ক।
দিগবিদিগ নাহি—প্রেমের পাথার।
ডুবিল নরোত্তম না জানে সাঁতার॥
ইতি শ্রীনরোত্তমদাস-ঠাকুরমহাশয়ের প্রার্থনা

সমাপ্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিলাপ কুসুমাঞ্জলি।

(স্তোত্রম্)

মূল সংস্কৃত

শ্রীল শ্রীযুক্ত রঘুনাথদাস-গোস্বামী প্রভুপাদ-
কৃত।

শ্রীযুক্ত রসিকচন্দ্র দাস মহাশয়-কর্ত্তৃক
পদ্যানুবাদিত।

(দ্বিতীয় সংস্করণ)

শ্রীমধুসূদন তত্ত্ববাচস্পতি কর্ত্তৃক
সংগৃহীত ও প্রকাশিত।

"শ্রীভক্তিপ্রভা" কার্য্যালয়।
আমাটী পোঃ হুগলী।
বঙ্গাব্দ ১৩৩৩।

মূল্য ।০ আনা।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মুদ্রাকর—
শ্রীঅনন্তবাসুদেব বিদ্যাভূষণ বি, এ,
গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্।
২৪৩।২, অপার সার্কুলার রোড কলিকাতা।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিবেদন।

শ্রীরাধার সেবা-প্রার্থনাময় এই "বিলাপ-কুসুমাঞ্জলি" স্তব শ্রীমদ্দাস গোস্বামি-কৃত প্রসিদ্ধ স্তবাবলী গ্রন্থের অন্তর্গত। প্রাচীন বৈষ্ণবগ্রন্থ অন্বেষণ করিতে করিতে আমরা এই স্তব মূল ও শ্রীরসিকদাস কৃত ইহার সুললিত প্রাচীন পদ্যানুবাদ একত্র প্রাপ্ত হই। এই পদ্যানুবাদটী অনেকাংশে শ্রীপাদ নরোত্তম ঠাকুরের প্রার্থনার ন্যায় ভক্তজন মনোহর বলিয়া এবং প্রাচীন বৈষ্ণব সাহিত্যের জীর্ণোদ্ধার কল্পে আমরা ইহা মূল শ্লোকের সহিত প্রকাশিত করিলাম। লিপিকরদোষে প্রাচীন গ্রন্থের ভাব ও ভাষা প্রায়ই বিকৃত হইয়া থাকে। এজন্য মূল শ্লোকের অনুরূপ ভাবার্থ ঠিক রাখিবার জন্য আমাদিগকে অনেকস্থলে সংশোধন ও সংযোজন করিতে হইয়াছে। তবে প্রাচীনত্ব বজায় রাখিবার জন্য আমরা সাধ্যমত যত্নপর হইয়াছি।

"শ্রীরাধারস-সুধানিধির" ন্যায় এই স্তোত্রটীও রসিক ভক্তজনের নিত্যাস্বাদ্য। এক্ষণে ভক্তজন ইহা পাঠে কিঞ্চিৎ প্রীতিলাভ করিলেই আমরা সকল শ্রম ও অর্থ-ব্যয় সফল জ্ঞান করিয়া কৃতার্থ ও সুখী হইব।

প্রকাশকস্য।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ত্বং রূপমঞ্জরি সখি প্রথিতা পুরেঽস্মিন্
পুংসঃ পরস্য বদনং ন হি পশ্যসীতি।
বিম্বাধরে ক্ষতমনাগতভর্তৃকায়া
যত্তে ব্যধায়ি কিমু তচ্ছুকপুঙ্গবেন ॥ ১॥

স্থলকমলিনি যুক্তং গর্বিতা কাননেঽস্মিন্
প্রণয়সি বরহাস্যং পুষ্পগুচ্ছচ্ছলেন।
অপি নিখিললতাস্তাঃ সৌরভাক্তাঃ স মুক্ত্বা
মৃগয়তি তব মার্গং কৃষ্ণভৃঙ্গো যদস্যাঃ ॥ ২॥

ব্রজেন্দ্রবসতিস্থলে বিবিধবল্লবীসঙ্কুলে
ত্বমেব রতিমঞ্জরি প্রচুরপুণ্যপুঞ্জোদয়া।
বিলাসভরবিস্মৃতপ্রণয়িমেখলা-মার্গনে
যদদ্য নিজনাথয়া ব্রজসি নায়িতা কন্দরম্ ॥

হে সখি! রূপমঞ্জরী! তুমি এইত্র জগন্তীতে সতী বলিয়া সুবিখ্যাত, কখন পর পুরুষের মুখ ও দর্শন কর না, তবে তোমার অনুপস্থিত কালে তোমার যে বিম্বাধরে ক্ষত হয় কি কোন শুক পক্ষী বিদ্ধ করিয়াছে?॥
হে স্থলকমলিনি! তুমি এই বনে গর্বিতা হইয়া কুসুম গুচ্ছের ছলে যে অতিশয় হাস্য করিতেছ তাহা যুক্তি-সঙ্গত; যেহেতু সেই কৃষ্ণভৃঙ্গ নিখিল সুগন্ধিযুক্ত লতাসমূহকে পরিত্যাগ করিয়া তোমার পথই অন্বেষণ করিতেছে॥
হে রতিমঞ্জরি! বিবিধ গোপাঙ্গী সঙ্কুল নন্দরাজের বসতি স্থল এই বৃন্দাবনে তুমিই একমাত্র প্রচুর পুণ্যশালিনী, যেহেতু অনঙ্গক্রীড়ার আতিশয্যে [illegible] Dr. Urmila Sharma Collection, Varanasi [illegible] কর্তৃক প্রার্থিত হইয়া কাননে গমন করিতেছ॥

CC0. In Public Domain, Digitization by eGangotri

বিলাপ-কুসুমাঞ্জলি।

——:•:——

বন্দি গুরু-পদতল,   কোটীচন্দ্র সুশীতল,
যাঁহার প্রসাদে বিঘ্ননাশ।
অভীষ্ট পূরণ হয়,   পাপ তাপ পরাজয়,
ভক্তি-সিদ্ধি যাহাতে উল্লাস॥
হৃদয়ের অন্ধকার,   অজ্ঞান-কৈতব আর,
বিনাশিয়া দিলা দিব্যজ্ঞান।
সে চরণে রাখি মতি,   অবনী লোটায়ে নতি,
শ্রীগুরু-ভকতি মোর প্রাণ॥
বৈষ্ণবের পদদ্বন্দ্ব,   দন্তে তৃণ ধরি বন্দ,
যা' হ'তে অবিদ্যা পায় নাশ।
বৈষ্ণবের পদরেণু,   জন্মে জন্মে তাহা বিনু,
অন্য ধনে নাহি অভিলাষ॥
জয় গৌরভক্তগণ,   জয় রূপ সনাতন,
জয় জয় রঘুনাথ দাস।
ভাগবত-শাস্ত্র-মর্ম্ম,   প্রেমভক্তিময় ধর্ম্ম,
গ্রন্থ বহু করিলা প্রকাশ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তার মধ্যে এক গ্রন্থ, প্রেমভক্তি-রসকন্দ,
নাম তার হয় "স্তবাবলী"।
তাহে এক স্তব হয়, রাধিকার সেবাময়,
প্রার্থনা "বিলাপ-কুসুমাঞ্জলি ॥"
শোধিতে এ দুষ্ট মন, করি এই আকিঞ্চন,
ভাষারূপে করিতে বর্ণনা। ৪
আমি মূর্খ অল্পজ্ঞানী, বর্ণিবারে নাহি জানি,
অপরাধ না ল'বে ভক্তজন ॥ ৪

প্রভুরপি যদুনন্দনো য এষ প্রিয় যদুনন্দন উন্নতপ্রভাবঃ।
স্বয়মতুল কৃপামৃতাভিষেকং মম কৃতবাংস্তমহং গুরুং প্রপদ্যে ॥১॥

বন্দি মোর দীক্ষাগুরু, প্রেমভক্তি-কল্পতরু,
শ্রীযদুনন্দন নাম যাঁর।
শ্রীকৃষ্ণের প্রিয় অতি, তাঁর পদে রহু মতি
জন্মে জন্মে প্রভু যে আমার ॥
উন্নত-প্রভাবযুত, কৃপাময় অদভুত,
প্রেমভক্তিদাতা-শিরোমণি।
মো'হেন অধম জনে, কৃপামৃত-বরিষণে,
অভিষিক্ত করিলা আপনি ॥ ১ ॥

যো মাং দুস্তর-গেহ-নির্জল-মহাকূপাদপারক্লমাৎ
সদ্যঃ সান্দ্রদয়াম্বুধিঃ প্রকৃতিতঃ স্বৈরী-কৃপারজ্জুভিঃ।
উদ্ধৃত্যাত্ম-সরোজনিন্দিচরণপ্রান্তং প্রপাদ্য স্বয়ং
শ্রীদামোদরসাচ্ছকার তমহং চৈতন্যচন্দ্রং ভজে ॥২॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মোর গেহ মহাকূপ,　　　অতি ভয়ঙ্কর রূপ,
　　জলহীন অতি সুদুস্তর ।
জীবন উপায়-শূন্য,　　　অপার সে দুঃখপূর্ণ,
　　তাহে পড়ি' হ'তেছি কাতর ॥
পতিত-তারণ কেবা　　　মো সম পতিতে যেবা
　　নিজগুণে করিবে উদ্ধার ।
অধম জনার বন্ধু,　　　অতি সান্দ্র দয়া-সিন্ধু,
　　কৃপা-রজ্জু করিয়া বিস্তার ॥
বান্ধিয়া আমার গলে,　　　উঠাইয়া অবহেলে,
　　করুণা-প্রকৃতি হেন যাঁর ।
চরণ-সরোজ-পাশে,　　　রাখিলা এ দীনদাসে,
　　তরাইলা দুঃখের পাথার ॥
কৃপা করি' তার পরে,　　　শ্রীস্বরূপ-দামোদরে,
　　যিনি মোরে কৈলা সমর্পণ ।
সেই শ্রীগৌরাঙ্গ-পায়,　　　বিকাইয়া আপনায়,
　　কায়মনে লইনু শরণ ॥ ২ ॥

বৈরাগ্যযুগ্ ভক্তিরসং প্রযত্নৈ-
রপায়য়ন্মামনভীপ্সুমন্ধম্
কৃপাম্বুধির্যঃ পরদুঃখদুঃখী
সনাতনস্তং প্রভুমাশ্রয়ামি ॥ ৩ ॥

জয় জয় শিক্ষাগুরু প্রভু সনাতন ।
দয়ার সাগর দীন পতিত-পাবন ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

বৈরাগ্য ও ভক্তিরস একত্র লইয়া।
মোরে পান করাইলা যতন করিয়া॥
আমি অনিচ্ছুক মন্দমতি সুপামর।
যাচিয়া করাইল পান কৃপার সাগর॥
পর দুঃখে দুঃখী হেন নাহি ধরাতলে
আশ্রয় লইনু তাঁর চরণ-কমলে॥ ৩॥

অত্যুৎকটেন নিতরাং বিরহানলেন
দন্দহ্যমানহৃদয়া কিল কাপি দাসী।
হা স্বামিনি ক্ষণমিহ প্রণয়েন গাঢ়-
মাক্রন্দনেন বিধুরা বিলপামি পদ্যৈঃ॥ ৪॥

হে স্বামিনি! বৃন্দাবনেশ্বরি!
তোমার বিরহানলে, দিবানিশি হিয়া জ্বলে,
অত্যুৎকট সহিতে না পারি॥
আমি এ অধমা দাসী, সদা দুঃখ-নীরে ভাসি,
হইয়াছি কাতর অন্তর।
বসি' গোবর্দ্ধন পাশে, তোমার দরশ-আশে,
সেবা লাগি কাঁদি নিরন্তর॥
সকল ব্যাপার ত্যজি', তব পদ-ধ্যানে মজি',
কতিপয় কবিতা রচিয়া।
করি অতি বিলপন, প্রণয় অমৃত-কণ,
দিয়া মোরে জুড়াও আসিয়া॥ ৪॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দেবি দুঃখকুলসাগরোদরে দূয়মানমতি দুর্গতং জনম্।
ত্বং কৃপা-প্রবল-নৌকয়াদ্ভুতং প্রাপয় স্বপদ-পঙ্কজালয়ম্॥ ৫ ॥

শুন শুন অয়ি দেবি! শ্রীমতী রাধিকা।
তোমার বিয়োগ-দুঃখ-সমুদ্র অধিকা॥
আমি তো পড়িয়া আছি তাহার উদরে।
সতত সন্তপ্ত অতি হ'তেছি অন্তরে॥
নিরালম্ব, তায় আমি না জানি সাঁতার।
তোমার যে কৃপামাত্র ভরসা আমার॥
সে প্রবল কৃপা-তরী দিয়া এ সময়ে।
লহ তুলি' নিজ পদ-পঙ্কজ- আলয়ে॥ ৫ ॥

ত্বদলোকন-কালাহিদংশৈরেব মৃতং জনম্।
ত্বৎপাদাব্জমিলল্লাক্ষাভেষজৈর্দেবি জীবয়॥ ৬ ॥

তব অদর্শন- কাল-ভুজঙ্গম,
দংশনে মৃতের প্রায়।
কি বলিব হায়! বিষের জ্বালায়,
জীবন জ্বলিয়া যায়॥
দেবি! তোমার মহিমা জানি।
সঁপি' কায়মনে, ও রাঙ্গা-চরণে,
শরণ লইনু আমি॥
তব পদতলে, প্রফুল্ল কমলে
অলক্ত-ভেষজ ভায়।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

তা' দিয়া ত্বরিত, কর সঞ্জীবিত,
এই ভিক্ষা দাসী চায় ॥ ৬ ॥

দেবি তে চরণপদ্ম-দাসিকাং বিপ্রয়োগভর-দাবপাবকৈঃ।
দহ্যমানতর-কায়বল্লরীং জীবয় ক্ষণ নিরীক্ষণামৃতৈঃ ॥ ৭ ॥

শুন দেবি ! নিবেদন, আমি তব দাসীজন,
চির পাদপদ্ম-সেবা-রতা।
তোমার বিরহানলে, সদা মোর তনু জ্বলে
দাবানলে যেন বনলতা ॥
তব ক্ষণ-নিরীক্ষণ, অমৃতের প্রস্রবণ,
কণমাত্র চাহি আমি তার।
কৃপা করি' কর দান, বাঁচাও দাসীর প্রাণ,
তোমা বই গতি নাহি আর ॥ ৭ ॥

স্বপ্নেঽপি কিং সুমুখি তে চরণাম্বুজাত-
রাজৎপরাগপটবাসবিভূষণেন।
শোভাং পরামতিতরামহহোত্তমাঙ্গং
বিভ্রদ্ভবিষ্যতি কদা মম সার্থ নাম ॥ ৮ ॥

হে সুমুখি রাধে ! কি কহিব হায় !
তব শ্রীচরণতল, যেন ফুল্ল-শতদল,
স্বপনেও না হেরিনু তায় ॥
তাহে যে পরাগরেণু, পটবাস * সম জনু
ভূষণ স্বরূপ অনুপাম।

* পটবাস—কুঙ্কুম প্রভৃতি সুগন্ধি চূর্ণ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কবে তাহা শিরে ধরি, বাড়াইয়া সুমাধুরী,
উত্তমাঙ্গ হবে সার্থ নাম ॥
এ বড় ভরসা মনে, তব কৃপা মহাধনে,
স্বপনেও না হব বঞ্চিত।
সখীগণ মাঝে তব, চিহ্নিত হইয়া রব,
সদা এই মনের বাঞ্ছিত ॥ ৮ ॥

অমৃতাব্ধিরসপ্রায়ৈস্তব নূপুরশিঞ্জিতৈঃ।
হা কদা মম কল্যাণি বাধির্য্যমপনেষ্যতে ॥ ৯ ॥

হা হা শ্রীমতী রাধিকে! মঙ্গল স্বরূপে!
আমার শ্রবণ-দ্বন্দ্ব বধির অনুপে ॥
তোমার নূপুর ধ্বনি সুধা-পারাবার।
সে ধ্বনি পশিবে কবে শ্রবণে আমার ॥
পশিয়া অভীষ্টসিদ্ধি আনন্দ বাড়াবে।
বধিরতা-ব্যাধি মোর সমূলে নাশিবে ॥ ৯ ॥

শশভৃদভিসারে নেত্রভৃঙ্গাঞ্চলাভ্যাং
দিশিবিদিশি ভয়েনোদ্ঘূর্ণিতাভ্যাং বনানি।
কুবলয়দলকোষাণ্যেব কৢপ্তানি যাভ্যাং
কিমু কিম কলনীয়ো দেবি তাভ্যাং জনোঽয়ং ॥ ১০ ॥

হায় দেবি! কবে হবে সুদিন এমন।
শারদ পূর্ণিমা নিশি, জোছনা প্লাবিত দিশি,
অভিসারে করিবে গমন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

মনে বড় ভয় পাই, দিশি দিশি নেহারই,
নেত্র-ভৃঙ্গ হইবে চঞ্চল।
চাহিতে নয়নকোণে, শ্যামল শ্রীবৃন্দাবনে,
বিকশিবে কুবলয়দল ॥
সে কৃপা-কটাক্ষকণে, কবে এ দাসীর পানে,
চাহিবে গো নিজ করুণায়।
এই সে সুখের সার, ইহা বিনা কিছু আর,
নাহি চাই তুয়া রাঙ্গাপায় ॥ ১০ ॥

যদবধি মম কাচিন্মঞ্জরী রূপপূর্ব্বা
ব্রজভুবি বত নেত্রদ্বন্দ্বদীপ্তিং চকার।
তদবধি তব বৃন্দারণ্যরাজ্ঞি প্রকামং
চরণকমললাক্ষা-সংদিদৃক্ষা মমাভূৎ ॥ ১১ ॥

শুন অয়ি বৃন্দাবনেশ্বরি !

যেই হৈতে ব্রজমাঝে, তব পরিচর্য্যা-কাজে,
নিয়োজিলা শ্রীরূপ-মঞ্জরী ॥
কৃপা করি' ছু'নয়নে, চাহিলা দাসীর পানে,
তদবধি বাড়িল পিয়াস।
তোমার চরণযুগে, উজ্জ্বল অলক্ত-রাগে,
দর্শন করিতে অভিলাষ ॥
ত্রিভুবনে অনুপম, শ্যামরূপ মনোরম,
তাহা হেরি' যত সুখ পাই।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চরণ-কমলে তব, যাবকের চিহ্ন-লব,
দরশনে সুখ অধিকাই। ১১ ॥

যদা তব সরোবরং সরসভৃঙ্গসংঘোল্লসৎ
সরোরুহকুলোজ্জ্বলং মধুর-বারি-সম্পূরিতম্।
স্ফুটৎ-সরসিজাক্ষি হে নয়নযুগ্মসাক্ষাদ্বভৌ
তদৈব মম লালসাজনি তবৈব দাস্যেরসে ॥ ১২ ॥

হে প্রফুল্ল-কমলাক্ষি! তব সরোবর।
বিকসিত-সরোরুহকুলেতে উজর ॥
সরস সানন্দ ভৃঙ্গ-সঙ্ঘ উল্লসিত।
মধুর নির্ম্মল নীল সলিলে পূরিত ॥
ভুবনে অতুল তব প্রিয় সরোবর।
যদবধি হৈল মোর নয়নগোচর ॥
সেই হৈতে মনে বড় লালসা জন্মিল।
তুয়া দাস্যরসে মোর মন ডুবি' গেল ॥ ১২ ॥

পাদাব্জয়োস্তব বিনা বরদাস্যমেব
নান্যৎ কদাপি সময়ে কিল দেবি যাচে।
সখ্যায় তে মম নমোঽস্তু নমোঽস্তু নিত্যং
দাস্যায় তে মম রসোঽস্তু রসোঽস্তু সত্যম্॥ ১৩ ॥

তোমার চরণ-পদ্ম, প্রেমভক্তি-রস সদ্ম,
দাসী-ভাবে সেবা বিনা তার।
জীবনে-মরণে হায়! মন মোর নাহি চায়,
সখীত্বাদি অন্য কিছু আর ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

না জানি সখ্যের গুণ, তাই দেবি ! পুনঃ পুনঃ
তব সখ্যে মোর নমস্কার।
যদি বল, লজ্জা পাই, সখীত্বেরে নাহি চাই,
কিন্তু মনে বাসনা তাহার ॥
শুন দেবি ! নিবেদন, সে লালসা কদাচন,
নাহি উঠে আমার হৃদয়।
তব দাস্যরসে মোর, সদা মন র'হু ভোর,
এই সত্য জানিবে নিশ্চয় ॥ ১৩ ॥

অতি-সুললিত-লাক্ষাশ্লিষ্ট-সৌভাগ্য-মুদ্রা-
ততিভিরধিক-তুষ্ট্যা চিহ্নীকৃত্য বাহু।
নখ-দলিত-হরিদ্রাগর্ব্বগৌরি প্রিয়াং মে
চরণ-কমল-সেবাং হা কদা দাস্যসি ত্বম্॥ ১৪ ॥

নখ-বিদলিত মরি ! হে হরিদ্রা-গর্ব্বগৌরি !
তব পদ-কমল-যুগলে।
কি সুন্দর শোভা পায়, অলক্তক-রাগ তায়,
যবাদিক চিহ্ন ঝলমলে ॥
সে সৌভাগ্য-চিহ্নে কবে, বাহু সুচিহ্নিত হবে,
পাদ-পদ্ম সেবিব যখন।
কাতরে তোমার পায়, দাসী এই ভিক্ষা চায়,
অভিলাষ করহ পূরণ ॥
চরণ-কমল সেবা, সেই ধন মোরে দিবা,
সে যে মোর প্রাণ অধিকাই।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নাহি মোরে উপেক্ষিবা, সেই সেবা কবে দিবা,
তাহা বিনু আন নাহি চাই ॥ ১৪ ॥

প্রণালীং কীলালৈর্ব্বহুভিরভিসংক্ষাল্য মধুরৈ
র্মুহুঃ সংমার্জ্জ্য স্বৈর্ব্বিবৃতকচবৃন্দৈঃ প্রিয়তরা।
কদা বাহ্যাগারং বরপরিমলৈর্ধূপনিবহৈ
র্বিধাস্যে তে দেবি প্রতিদিনমহো বাসিতমহং ॥ ১৫ ॥

হে দেবি রাধিকে ! কবে তব বাহ্যাগার।
আনন্দে করিব নিত্য সংস্কার তাহার ॥
মধুর সলিল দিয়া প্রণালী পাখালিব।
নিজ কেশ-পাশে পরে মার্জ্জনা করিব ॥
বর-ধূপগন্ধে পুনঃ করি' সুবাসিত।
আপনা কৃতার্থ মানি' হব পুলকিত ॥ ১৫ ॥

প্রাতঃ সুধাংশুমিলিতাং মৃদমত্র যত্না-
দাদায় বাসিতপয়শ্চ গৃহান্তরে চ।
পাদাম্বুজে তব কদা জলধারয়া তে
প্রক্ষাল্য ভাবিনি কচৈরিহ মার্জ্জয়ামি ॥ ১৬ ॥

শুন শুন অয়ি দেবি ! হে কৃষ্ণভাবিনি !
প্রভাত হইলে কবে অন্য গৃহে আনি' ॥
কর্পূর মিশ্রিত শুদ্ধ মৃত্তিকা আনিয়া।
চরণে সঁপিব তব যতন করিয়া ॥
সুধাংশু-কিরণে স্নিগ্ধ সুশীতল জল।
কর্পূর-বাসিত তাহা অতি নিরমল ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পদ পাখালিব শেষে সে নীর-ধারায়।
পুনঃ কেশপাশে করে মুছাইব তায় ॥ ১৬ ॥

প্রক্ষাল্য পাদ-কমলং কৃতদন্তকাষ্ঠাং
স্নানার্থমন্যসদনে ভবতীং নিবিষ্টাম্।
অভ্যঙ্গ নন্দিততরৈরিহ তৈলপূরৈঃ
প্রোদ্বর্ত্তয়িষ্যতি কদা কিমু কিঙ্করীয়ম্ ॥ ১৭ ॥

শুন দেবি! শ্রীরাধিকে! মোর নিবেদন।
পাখালি চরণপদ্ম মাজিয়া দশন ॥
গৃহান্তরে বসিবে যবে স্নানের লাগিয়া।
সেইকালে তব নেত্র-ইঙ্গিত পাইয়া ॥
স্নান-যোগ্য শাটী আনি পরাব যতনে।
চারু অঙ্গে সুবাসিত তৈল উদ্বর্ত্তনে ॥
নিযুক্ত হইবে এই কিঙ্করী তোমার।
এমন সৌভাগ্য হায়! হবে কি আমার ॥ ১৭ ॥

অয়ি বিমল-জলানাং গন্ধকর্পূরপুষ্পৈ-
র্জিত বিধুমুখপদ্মে বাসিতানাং ঘটৌঘৈঃ।
প্রণয়ললিত সখ্যা দীয়মানৈঃ পুরস্তা-
ত্তব বরমভিষেকং হা কদাহং করিষ্যে ॥ ১৮ ॥

অয়ি জিত-বিধু-পদ্ম-মুখি! ঠাকুরাণি!
এ দাসীর অভিলাষ পূর্ণ কর তুমি ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কলসী কলসী করি' সেই জল ভরি'।
তব প্রিয়তমা সখী ললিতা সুন্দরী ॥
নিরমল-নীর ঘনসারেতে * শোধিত।
সুগন্ধি পুষ্পেতে পুনঃ করিয়া বাসিত ॥
তোমার অগ্রেতে মোরে করিবে অর্পণ।
সেই ঘটচয় আমি করিয়া ধারণ ॥
তব বর-অভিষেক বিধান করিব।
হায়! হায়! হেন ভাগ্য কবে বা লভিব ॥ ১৮ ॥

পানীয়ং চীনবস্ত্রৈঃ শশিমুখি শনকৈরস্য মৃদ্বঙ্গবস্ত্রৈ-
র্যস্মাদুৎসার্য্য মোদাদ্দিশি দিশি বিচলন্নেত্রমীনাঞ্চলায়াঃ।
শ্রোণৌ রক্তং দুকূলং তদপরমতুলং চারুনীলং শিরোগ্রাৎ-
সর্ব্বাঙ্গেষু প্রমোদাৎ পুলকিত-বপুষা কিং ময়া তে প্রযোজ্যম্ ॥১৯॥

মোর নিবেদন পুনঃ, রাই! শশিমুখি! শুন,
স্নানক্রিয়া হৈলে সমাপন।
অতি সুকোমল কায়া, দিব তাহা মুছাইয়া,
লয়ে সূক্ষ্ম পাটের বসন ॥
তাহে আনন্দিত হই, দিশি দিশি নেহারই,
নেত্র-মীন করিবে চঞ্চল।
দূরে ফেলি' আর্দ্রবাসে, রক্তাম্বর দিয়া শেষে,
আবরিব নিতম্বমণ্ডল ॥

* ঘনসার—কর্পূর।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

পুনঃ দিব্য নীলাম্বরে, দিয়া তব শিরোপরে,
সর্ব্বাঙ্গ ঢাকিব পুনরায়।
নাহি মোরে উপেক্ষিবা, এই সেবা মোরে দিবা,
হর্ষ-পুলকিত হবে কায় ॥ ১৯ ॥

প্রক্ষাল্য পাদকমলং তদনুক্রমেণ
গোষ্ঠেন্দ্রসূনুদয়িতে তব কেশপাশম্।
হা নর্ম্মদাগ্রথিত-সুন্দর-সূক্ষ্মমাল্যৈ
র্বেণীং করিষ্যতি কদা প্রণয়ৈর্জনোঽয়ম্॥ ২০ ॥

পুনঃ পাদপদ্ম দুটী, পাখালিব পরিপাটী,
সুবাসিত জলে সযতনে।
নিজ কেশ পাশ দিয়া, দিব তাহা মুছাইয়া,
বসাইব বিচিত্র আসনে ॥
শুন, শুন, ব্রজরাজ-নন্দন-দয়িতে !
আঁচরি চাঁচর কেশ, বেণী বনাইতে বেশ,
বসিবে এ দাসী হর্ষচিতে ॥
নানা ফুলে গাঁথি মালা, ভরিয়া কুসুম-ডালা,
নর্ম্মদা * আনিবে ত্বরা করি'।
কবে তাহা প্রীত হৈয়া, সেই ফুলমালা লৈয়া,
বিরচিব বিচিত্র কবরী ॥ ২০ ॥

* নর্ম্মদা নাম্নী মালাকার-কন্যা।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সুভগমৃগমদেনাখণ্ড শুভ্রাংশুবত্তে
তিলকমিহ ললাটে দেবি মোদাদ্বিধায়।
মসৃণ ঘুসৃণ চর্চ্চামর্পয়িত্বা চ গাত্রে
স্তনযুগমপি গন্ধৈশ্চিত্রিতং কিং করিষ্যে॥ ২১॥

জিনি' পূর্ণশরদিন্দু, দিয়া মৃগমদবিন্দু,
তিলক রচিয়া দিব ভালে।
কুঙ্কুম কস্তূরী পঙ্কে, তব চারু গৌর অঙ্গে,
লেপন করিব কুতূহলে॥
নানাবিধ গন্ধসারে, তব স্তন-যুগোপরে,
চিত্রিত করিব সযতনে।
করুণ নয়নে হের, দাসী অঙ্গীকার কর,
সেবা দিয়া রাখহ চরণে॥ ২১॥

সিন্দূর-রেখা-সীমন্তে দেবি রত্নশলাকয়া।
ময়া বা কল্পিতা কিন্তে সালকাশ্চোভয়িষ্যতি॥ ২২॥

সিন্দূরের রেখা তব সীমন্ত উপরি।
রচিত করিব রত্ন-শলাকায় করি॥
আমার কল্পিত সেই সুদৃশ্য সিন্দূর।
অলকা-সহিত শোভা হবে কি প্রচুর॥ ২২॥

হস্ত দেবি তিলকস্য সমস্তা-
বিন্দবোহরুণ-সুগন্ধিরসেণ।
কৃষ্ণ-মাদক-মহৌষধিস্পৃশা
শীঘ্র-হস্তমিহ কিং পরিকল্প্যাঃ॥ ২৩॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

হে দেবি! কবে তব হইবে করুণা!
অরুণ সুগন্ধি রসে, তিলকের চারিপাশে,
বিন্দু সব করিব রচনা॥
অতীব সম্ভ্রমভরে, ধীর সুনিপুণ করে,
কল্পনা করিব মনোহর।
মাদক ঔষধিপ্রায়, হেরি তার সুষমায়,
উন্মত্ত হইবে বংশীধর॥ ২৩॥

গোষ্ঠেন্দ্রপুত্র-মদচিত্তকরীন্দ্ররাজ-
বন্ধায় পুষ্পধনুষঃ কিল বন্ধরজ্জ্বোঃ।
কিং কর্ণয়োস্তব বরোরুবরাবতংস-
যুগ্মেন ভূষণমহং সুখিতা করিষ্যে॥ ২৪॥

অয়ি কৃষ্ণ-মনোহর-বরোরু-শালিনি!
জগমাঝে অনুপাম, কন্দর্প-বন্ধন দাম,
তব শ্রুতিযুগ বিলাসিনি!॥
ব্রজেন্দ্র-নন্দন হরি, তাঁর চিত্ত-মদ-করী,
বন্ধন করয়ে অনায়াসে।
সে চারু শ্রবণদ্বয়ে, কবে সুখান্বিতা হয়ে,
পরাইব বর-অবতংসে॥ ২৪॥

যা তে কঞ্চুলিরত্র সুন্দরি ময়া বক্ষোজয়োরর্পিতা
শ্যামাচ্ছাদনকাম্যয়া কিল ন সা তথ্যেতি বিজ্ঞায়তাং।
কিন্তু স্বামিনি কৃষ্ণ এব সহসা তত্তামবাপ্য স্বয়ং
প্রাণেভ্যোঽপ্যধিকং স্বকং নিধিযুগং সঙ্গোপয়ত্যেব হি॥ ২৫॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হে সুন্দরি ! শুন মোর নিবেদন ।
কৃষ্ণ যেন নাহি হেরে, এই অভিলাষ ক'রে,
কঞ্চুলিকা লইয়া যখন ॥
তোমার বক্ষোজ'পরে, সঁপিলাম যত্ন ক'রে,
হেনকালে আসি' শ্যামরায় ।
কঞ্চুলিকা উন্মোচিয়া, প্রেম-পুলকিত হিয়া,
আলিঙ্গন করিলা তোমায় ॥
স্বয়ং কঞ্চুলিকারূপে, আবরিলা স্তনযুগে,
প্রাণাপেক্ষা প্রিয়নিধি জানি ।
তাই এ কঞ্চুলী হায় ! কিবা প্রয়োজন তায়,
বৃথা মোর প্রয়াস স্বামিনি ! ॥ ২৫ ॥

নানামণি-প্রকর-গুম্ফিত-চারু-পুষ্পা
মুক্তাস্রগুস্তন সুবক্ষসি হেমগৌরি !
শ্রান্ত্যাভৃতানন-মুকুন্দ-সুতূলিকায়াং
কিং কল্পয়িষ্যতিতরাং তব দাসিকেয়ম্ ॥ ২৬ ॥

বিপরীত-ক্রীড়ারসে হে কনক-গৌরি !
শ্রান্ত অবশ কায়, হইবেন শ্যামরায়,
তাঁর বক্ষঃ-শয্যার উপরি ॥
শোভিত যে প্রেমখনি, তোমার হৃদয় খানি,
নানা মণি-মুকুতা মিলায়ে ।
গাঁথিয়া সুচারু হার, লয়ে দাসী উপহার
দিবে করে তাহাতে পরায়ে ॥ ২৬ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মণিচয়-খচিতাভি র্নীলচূড়াবলীভি-
র্হরি দয়িত কলানিদ্বন্দ্বমিন্দীবরাক্ষি।
অপি বত তব দিব্যৈরঙ্গুলিরঙ্গুলীয়ৈঃ
ক্বচিদপি কিল কালে ভূষয়িষ্যামি কিং স্বু॥ ২৭॥

হে ইন্দীবরাক্ষি রাধে! কৃষ্ণ-ভৃঙ্গ আকর্ষিতে,
তোমা বই নাহি কেহ আর।
তোমার যুগল করে, মণিময় অলঙ্কারে,
সাজাইব বাসনা আমার॥
কনক-চম্পক-কলি, সুন্দর অঙ্গুলিগুলি,
অঙ্গুরী পরায়ে দিব তায়।
হেরি' সেই শোভারাশি, প্রীত হবে কৃষ্ণশশী,
দাসী ব'লে রাখ' নিজ-পায়॥ ২৭॥

পাদাম্ভোজে মণিময় তুলা-কোটি যুগ্মেন যত্না-
দভ্যর্চ্চেতদ্দল কুলমপি শ্রেষ্ঠপাদাঙ্গুলীয়ৈঃ।
কাঞ্চীদাম্না কটিতটমিদং প্রেমপীঠং স্থনোত্রে
কংসারাতে র্বতুল মচিরাদর্চ্চয়িষ্যামি কিং তে॥ ২৮॥

শুন রাধে! সুলোচনে! তব রাঙ্গা শ্রীচরণে,
পরাইব কনক-নূপুর।
চলিবে গো যেইক্ষণ, মজায়ে শ্যামের মন,
বাজিবে গো মধুর মধুর॥
কনক-কমলদল, পদাঙ্গুলি যে সকল,
তাহে দিব অঙ্গুলিভূষণ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

তব ক্ষীণ কটিতটে,— শ্রীকৃষ্ণের প্রেম-পীঠে,
কাঞ্চীদামে করিব শোভন ॥ ২৮ ॥

ললিততর মৃণালী কল্প বাহুদ্বয়ং তে
মুরজয়িমিতি হংসী ধৈর্য্য-বিধ্বংস-দক্ষম্।
মণিকুল রচিতাভ্যামঙ্গদাভ্যাং পুরস্তাৎ
প্রমদভর বিনম্রা কল্পয়িষ্যামি কিংবা ॥ ২৯ ॥

সুন্দর মৃণাল-প্রায়, বাহুদ্বয় শোভা পায়,
কৃষ্ণ মনু-হংস যাহা হেরি'।
কভু ধৈর্য্য নাহি ধরে, কবে আমি হর্ষভরে,
বিনম্রা হইয়া সুকুমারি ! ॥
সুগঠিত মণিচয়ে, কনক কঙ্কণদ্বয়ে,
বাহুদ্বয় করিব ভূষিত।
কিম্বা চাহি অন্য বেশ, কর দেবি ! সুনির্দ্দেশ,
তাই দিয়া সাজাব ত্বরিত ॥ ২৯ ॥

রাসোৎসবে য ইহ গোকুলচন্দ্রবাহু-
স্পর্শেন সৌভগতরং নিতরামবাপ।
গ্রৈবেয়কেন কিমুত্তু তব কণ্ঠদেশং
সংপূজয়িষ্যতি পুনঃ সুভগে জনোঽয়ম্ ॥ ৩০ ॥

বৃন্দাবনে রাসোৎসবে, ব্রজরাজ-সুত যবে,
তব কণ্ঠ কৈল আলিঙ্গন।
তাহাতে সৌভগভর, তব কণ্ঠ মনোহর,
লয়ে কবে কণ্ঠ-আভরণ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

পেয়ে তব কৃপাদেশে, পরাব সে কণ্ঠদেশে,
সদা মনে করি এ বাসনা।
হে সুভগে! তুমি কবে, করুণা নয়নে চাবে,
পুরাইবে দাসীর কামনা ॥ ৩০ ॥

দত্তঃ প্রলম্বরিপুণোদ্ধৃত শঙ্খচূড়
নাশাৎ প্রতোষি হৃদয়ং মধুমঙ্গলস্য।
হস্তেন যঃ সুমুখি কৌস্তভমিত্রমেতং
কিং তে স্যমন্তকমণিঃ তরলং করিষ্যে ॥ ৩১ ॥

দুষ্ট শঙ্খচূড় আসি', বৃন্দাবন পরবেশি',
তোমা লয়ে করে পলায়ন।
সেই কালে প্রলম্বারি, তাহার বিনাশ করি',
শিরোমণি করিলা গ্রহণ ॥
পুনঃ অতি হৃষ্ট হৈয়া, মধুমঙ্গলেরে দিয়া,
তোমারে দিলেন উপহার।
সেই স্যমন্তকমণি, সকল শোভার খনি,
কৌস্তভের সহ মৈত্রী যার ॥
মুকুতার মালা গাঁথি', মণিরাজ দিব তথি,
পরাইব তোমার গলায়।
হে সুমুখি! কহ কবে, এই সেবা মোরে দিবে,
দাসী করি' রাখিবে নিজ-পায় ॥ ৩১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

প্রান্তদ্বয়ে পরিবিরাজিত গুচ্ছযুগ্ম-
বিভ্রাজিতেন নবকাঞ্চন-ডোরকেণ।
ক্ষীণং ত্রুটত্যথ কৃশোদরি চেদিতীব
বধ্নাসি ভো স্তব কদাতিভয়েন মধ্যম্‌॥ ৩২॥

শুন দেবি! আমার আশয়।
অয়ি রাধে! কৃশোদরি! বৃন্দাবন-অধীশ্বরি!
কটী তব ক্ষীণ অতিশয়॥
পাছে তাহা ভাঙ্গি যায়, এ আশঙ্কা করি' তায়,
বন্ধন করিব স্বর্ণডোর।
দু' পাশে থোপনা তার, কিবা শোভা চমৎকার,
কটীদেশ করিবে উজোর॥ ৩২॥

কনকগুণিত মুচ্চৈর্মৌক্তিকং মৎকরাত্তে
তিলকুসুম বিজেত্রী নাসিকা সা সুবৃত্তম্‌
মধুমথন মহালিক্ষোভকং হেমগৌরি
প্রকটতরমকরন্দ প্রায়মাদাস্যতে কিম্‌॥ ৩৩॥

শুন, পুনঃ হে রাধিকে! কনক-বরণাধিকে!
তিলফুল-জিনি নাসামূলে।
নির্ম্মল মুকুতা বৃত্তে, গাঁথিয়া কনক-সূত্রে,
পরাইব নিজ-করে তুলে॥
হেরি' সে মুকুতাফল, মকরন্দ ঢলঢল,
শ্যাম-অলি হইবে মোহিত।

৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আর বা কহিব কিবা, এই সেবা মোরে দিবা,
এই মোর মনের বাঞ্ছিত ॥ ৩৩ ॥

অঙ্গদেন তব বামদোঃ-স্থলে
স্বর্ণগৌরি নবরত্নমালিকাং।
পট্টগুচ্ছপরিশোভিতামিমাং
মাজ্ঞয়া পরিণয়ামি তে কদা ॥ ৩৪ ॥

কবে স্বর্ণ-গৌরি! কহ, কনক-অঙ্গদ সহ,
তুয়া বাম বাহুকে বেড়িয়া।
নব রত্নমালা গাঁথি, পট্টগুচ্ছ দিয়া তথি,
পরাইব তব আজ্ঞা পাঞা ॥ ৩৪ ॥

কর্ণয়োরুপরি চক্রশলাকে
চঞ্চলাক্ষি নিহিতে ময়কা তে।
ক্ষোভকং নিখিলগোপবধূনাং
চক্রবদ্‌ভ্রময়তাং মুরশত্রুম্‌ ॥ ৩৫ ॥

চঞ্চলনয়নি! রাধে! এই মোর মনোসাধে,
তুয়া পদে করি নিবেদন।
কর্ণদ্বয়ে চমৎকার, চক্র-শালা অলঙ্কার,
করেছি যে সুখে সমর্পণ ॥
নিখিল গোপীর মন, করে যেই বিমোহন,
সেই শ্যামচাঁদে অনায়াসে।
সর্ব্বদা চক্রের ন্যায়, ভ্রমণ করিবে হায়!
সে শোভার দরশ-পিয়াসে ॥ ৩৫ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কদা তে মৃগশাবাক্ষি চিবুকে মৃগনাভিনা।
বিন্দুমুল্লাসয়িষ্যামি মুকুন্দামোদমন্দিরে ॥ ৩৬ ॥

কুরঙ্গনয়নি ! রাধে ! চিবুক তোমার।
শ্রীকৃষ্ণের লোভনীয় প্রমোদ-আগার ॥
মৃগমদবিন্দু তাহে করিব রচনা।
কত দিনে হায় ! মোর পূরিবে বাসনা ॥ ৩৬ ॥

দশনাংস্তে কদা রক্তরেখাভির্ভূষয়াম্যহম্।
দেবি মুক্তাফলানীহ পদ্মরাগগুণৈরিব ॥ ৩৭ ॥

পদ্মরাগ-মণিসূত্রে গাঁথা মুক্তামালা।
অরুণরেখায় যথা অধিক উজলা ॥
তেমতি তোমার দেবি ! দশনের পাঁতি।
অরুণরেখায় কবে করিব সুভাঁতি ॥ ৩৭ ॥

উৎখাদিরেণ নবচন্দ্র বিরাজিতেন
রাগেণ তে বর-সুধাধর বিম্বযুগ্মে।
গাঙ্গেয়গাত্রি ময়কা পরিরঞ্জিতেঽস্মিন্
দংশং বিধাস্যতি হঠাৎ কিমু কৃষ্ণ-কীরঃ ॥ ৩৮ ॥

কনকবরণি ! রাধে। কবে আমি মনসাধে,
সুধাধার অধর তোমার।
কর্পূরের সুসংযোগে, উৎকৃষ্ট খদির রাগে,
রঞ্জিত করিব চমৎকার ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অতুলিত সুষমায়, পক্ক বিম্বফলপ্রায়,
হবে তাহা অতি সুশোভন।
নিরখিয়া শ্যাম-শুক, হইবেন সমুৎসুক,
মনসুখে করিবা দংশন ॥ ৩৮ ॥

যৎ প্রান্তদেশ-লবলেশ-বিঘূর্ণিতেন
বদ্ধঃ ক্ষণাদ্ভবতি কৃষ্ণ-করীন্দ্র উচ্চৈঃ।
তৎ খঞ্জরীটজয়িনেত্র-যুগং কদায়ং
সংপূজয়িষ্যতি জন স্তব কজ্জলেন ॥ ৩৯ ॥

খঞ্জন-নয়নি! রাই! ক্ষণ নেত্রকোণে চাই,
বদ্ধ কর কৃষ্ণ-করিরাজে।
সে নয়ন কবে মরি! কজ্জলে রঞ্জিত করি,
সাজাইব সুমোহন সাজে ॥ ৩৯ ॥

যস্যাঙ্করঞ্জিত শিরা স্তব মানভঙ্গে
গোষ্ঠেন্দ্রসূনু রধিকাং সুষমামুপৈতি।
লাক্ষারসঃ স চ কদা পদয়োরধস্তে
ন্যস্তো ময়াপ্যতিতরাং ছবিমাপ্স্যতীহ ॥ ৪০ ॥

ভাঙ্গিতে দুর্জ্জয় মান, চরণে লুটায় কান,
লাক্ষারসে শিরঃরঞ্জে তাঁর।
তাহাতে সে শিরোশোভা, অধিক বাড়য়ে কিবা,
অনুপম সৌভাগ্য বিস্তার ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কবে সেই লাক্ষারসে, তব পদ-অধোদেশে,
রঞ্জিত করিব নিজ-করে।
সর্ব্ব-কান্তি-গর্ব্ব টুটি', উঠিবে মাধুরী ফুটি',
নিরখিব দু' নয়ন ভ'রে ॥ ৪০ ॥

কলাবতি নতাংসয়োঃ প্রচুরকামপুঞ্জোজ্জ্বলৎ
কলানিধি-মুরদ্বিষঃ প্রকটরাস-সম্ভাবয়োঃ।
ভ্রমদ্ভ্রমরঝঙ্কৃতৈর্মধুরমল্লিমালাং মুদা
কদা তব তয়োঃ সমর্পয়তি দেবি দাসীজনঃ ॥ ৪১ ॥

তুমি কলাবতী, কৃষ্ণ পূর্ণ কলানিধি।
সুপ্রচুর-কামপুঞ্জ-উজ্জ্বল অবধি ॥
প্রকট মধুর রাস-রস-সম্ভাবেতে।
নতস্কন্ধদেশ তব কৃষ্ণে সুখ দিতে।
সেই নতস্কন্ধে ফুল্ল-মল্লিকার মালা।
যাহাতে ভ্রমরকুল লোভে করে খেলা ॥
কবে এই দাসীজন করিবে অর্পণ।
পুলকে ভরিবে তনু আনন্দে মগন ॥ ৪১ ॥

সূর্য্যায় সূর্য্যমণিনির্ম্মিতবেদিমধ্যে
মুগ্ধাঙ্গি ভাবত ইহালিকুলৈর্বৃতায়াঃ।
অর্ঘ্যং সমর্পয়িতুমুৎকধিয়স্তবারাৎ
সজ্জানি কিং সুমুখি দাস্যতি দাসিকেয়ম্ ॥ ৪২ ॥

হে সুমুখি! সেবাপ্রাণা সখীগণ-প্রতি।
সর্ব্বদা প্রসন্নমুখী দেখি তোমা' অতি ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সখীগণ-পরিবৃতা সূর্য্যের মন্দিরে।
উৎকণ্ঠিতা হৈবে যবে সূর্য্যপূজা তরে॥
সূর্য্যমণি-বিনির্ম্মিত অরুণ বেদিতে।
ভক্তিভাবে বসিবেক সূর্য্য অর্ঘ্য দিতে॥
হে মুগ্ধাঙ্গি! হেনকালে পূজার সম্ভার।
কবে যোগাইব আমি ইঙ্গিতে তোমার॥ ৪২॥

ব্রজপুর-পতিরাজ্ঞ্যা আজ্ঞয়া মিষ্টমন্নং
বহুবিধমতিযত্নাৎ স্বেন পক্বং বরোরু।
সপদি নিজসখীনাং মদ্বিধানাঞ্চ হস্তৈ-
র্মধুমথন নিমিত্তং কিং ত্বয়া সন্নিধাপ্যম্॥ ৪৩॥

নন্দরাণী যশোদার অনুমতি পেয়ে।
আপনি করিবে পাক হর্ষযুক্ত হয়ে॥
মিষ্ট অন্ন বহুবিধ পায়সাদি করি'।
কৃষ্ণ-প্রীতিকর যত স্বাদু সুমাধুরী॥
পাঠাইবে ললিতাদি-সখী-হস্তে দিয়া।
যশোদার স্থানে কৃষ্ণ-সেবার লাগিয়া॥
মো-হেন দাসীরে কিম্বা পাঠাবে যতনে।
এমন সুদিন রাধে! হবে কত দিনে॥ ৪৩॥

নীতাম্নি মদ্বিধ ললাটতটে ললাটং
প্রীত্যা প্রদায় মুদিতা ব্রজরাজরাজ্ঞী।
প্রেম্না প্রস্নুরিব ভবৎ কুশলস্য পৃচ্ছাং
ভব্যে বিধাস্যতি কদা ময়ি তাবকস্যাং॥ ৪৪॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

হে রাধিকে! মঙ্গলরূপিণি!
তোমার আদেশ পেয়ে, বিবিধ মিষ্টান্ন লয়ে,
যাব কবে যথা নন্দরাণী ॥
আনন্দে সে সব থুঞা, ললাটে ললাট দিয়া,
জননীর মত স্নেহভরে।
তোমার কুশল-কথা, জিজ্ঞাসিবে শ্রীযশোদা,
তব নিজ-সখী জানি মোরে ॥ ৪৪ ॥

কৃষ্ণবক্ত্রাম্বুজোচ্ছিষ্টং প্রসাদং পরমাদরাৎ।
দত্তং ধনিষ্ঠয়া দেবি কিমানেষ্যামি তেঽগ্রতঃ ॥ ৪৫ ॥

কৃষ্ণমুখাম্বুজোচ্ছিষ্ট পরম আদরে।
ধনিষ্ঠা আনিয়া পরে দিবে তুয়া তরে ॥
সে প্রসাদ আনি' তব অগ্রে দিব কবে।
এ দাসীর অভিলাষ কবে বা পূরিবে ॥ ৪৫ ॥

নানাবিধৈরমৃতসাররসায়নৈস্তৈঃ
কৃষ্ণপ্রসাদমিলিতৈরিহ ভোজ্যপেয়ৈঃ।
হা কুঙ্কুমাঙ্গি ললিতাদিসখীবৃতা ত্বং
যত্নান্ময়া কিমুতরামুপভোজনীয়া ॥ ৪৬ ॥

নানাবিধ ভোজ্য-পেয় স্বাদু রসায়ন।
শ্রীকৃষ্ণপ্রসাদ সহ অমৃত-উপম ॥
ললিতাদি-সখীবৃতা অয়ি কুঙ্কুমাঙ্গি!
ভোজন করাব যত্নে হয়ে কবে রঙ্গী ॥ ৪৬ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পানায় বারি মধুরং নবপাটলাদি-
কর্পূরবাসিততরং তরলাক্ষি দত্তা।
কালে কদা তব ময়াচমনীয়-দন্ত-
কাষ্ঠাদিকং প্রণয়তঃ পরমর্পণীয়ম্॥ ৪৭॥

পাটলাদি-পুষ্প আর কর্পূরবাসিত।
সুমধুর জল দিব পানের নিমিত্ত॥
আচমন-দন্তকাষ্ঠাদি আনি' যত্ন ক'রে।
সমর্পিব তরলাক্ষি! কবে প্রীতিভরে॥ ৪৭॥

ভোজনস্য সময়ে তব যত্না-
দ্দেবি ধূপ নিবহান্ বরগন্ধান্।
বীজনাত্মনপি তৎক্ষণযোগ্যঃ
হা কদা প্রণয়তঃ প্রণয়ামি॥ ৪৮॥

আনন্দিত হৈয়া যবে করিবে ভোজন।
সুবাসিত ধূপ দিয়া করিব বীজন॥
হে শ্রীরাধিকে! মোর প্রাণের ঈশ্বরি!
এই কৃপা কর যেন নিতি ইহা করি॥ ৪৮॥

কর্পূরপূর পরিপূরিত নাগবল্লী-
পর্ণাদি-পূগ-পরিকল্পিত বীটিকাং তে।
বক্ত্রাম্বুজে মধুরগাত্রি মুদা কদাহং
প্রোৎফুল্ল রোমনিকরৈঃ পরমর্পয়ামি॥ ৪৯॥

সুগন্ধি কর্পূরপূর্ণ নাগবল্লীপর্ণ।
গুবাকাদি-বিমিশ্রিত বীটিকা সম্পূর্ণ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কবে মুখাম্বুজে তব অর্পণ করিব।
কবে পুলকিত তনু আনন্দে হইব ॥ ৪৯ ॥

আরাত্রিকেণ ভবতীং কিমু দেবি দেবীং
নির্ম্মঞ্ছয়িষ্যতিতরাং ললিতা প্রমোদাৎ।
অন্যালয়শ্চ নবমঙ্গলগান-পুষ্পৈঃ
প্রাণার্ব্বুদৈরপি কচৈরপি দাসিকেয়ম্॥ ৫০ ॥

শ্রীকৃষ্ণ-প্রেয়সী তুমি হে দেবি রাধিকে!
আনন্দে ললিতা-সখী,   হইয়া প্রফুল্লমুখী,
নির্ম্মঞ্ছন করিবে তোমাকে ॥
সুগন্ধি প্রদীপ জ্বালি',   অপর অর্ব্বুদ আলি,
মহানন্দে হ'য়ে একপ্রাণ।
পুষ্পাঞ্জলি দিয়া যবে,   আরতি করিবে সুখে,
গাহিবে মঙ্গল-স্তুতি-গান ॥
এ দাসীর অভিলাষ,   বিছাইয়া কেশপাশ,
আরতি করিব সে সময়।
তুয়া-প্রিয় এই সেবা,   কবে বা আমারে দিবা,
ইহা বিনা চিতে নাহি লয় ॥ ৫০ ॥

আলীকুলেন ললিতা-প্রমুখেন সার্দ্ধ-
মাত্মবতী ত্বমিহ নির্ভরনর্ম্মগোষ্ঠ্যাং।
মৎপাণি-কল্পিত-মনোহর-কেলিতল্প-
মাভূষয়িষ্যসি কদা স্বপনেন দেবি ॥ ৫১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কেলি-বিলাসের তরে, বিছাইব নিজ-করে,
মনোহর কুসুম-শয়ন।
ললিতাদি-সখী-সনে, প্রিয়-নর্ম্ম-আলাপনে,
কবে তাহে করিবে শয়ন ॥ ৫১ ॥

সম্বাহয়িষ্যতি পদৌ তব কিঙ্করীয়ং
হা রূপমঞ্জরি রসৌ চ করাম্বুজে দ্বে।
যস্মিন্ মনোজ্ঞ হৃদয়ে সদয়েঽনয়োঃ কিং
শ্রীমান্ ভবিষ্যতিতরাং শুভবাসরঃ সঃ ॥ ৫২ ॥

এমন সুদিন হায়! কবে হবে মোর।
কবে পাদ-সম্বাহনে, নিয়োজিবে দাসী-জনে,
আনন্দে বহিবে প্রেম-লোর ॥
শ্রীরূপ-মঞ্জরী যেই, শ্রীকর-কমল দুই,
সম্বাহন করিবে হরষে।
মনোজ্ঞ হৃদয়ে! অয়ি! কবে রাধে! কৃপাময়ি!
আনি দিবে সে শুভ-দিবসে ॥ ৫২ ॥

তবোদ্গীর্ণং ভোজ্যং সুমুখি কিল কল্লোলসলিলং
তথা পাদাম্ভোজামৃতমিহ ময়া ভক্তিলতয়া।
অয়ি প্রেম্ণা সার্দ্ধং প্রণয়িজনবর্গৈর্বহুবিধৈ-
র্যতো লব্ধব্যং কিং প্রচুরতর ভাগ্যোদয়-বশৈঃ ॥ ৫৩ ॥

হে সুমুখি! কহ কবে, হেন ভাগ্যোদয় হবে,
বন্ধুগণ-সহিত মিলিয়া।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

এ ব্রজমণ্ডল ভূমে — এই প্রেম-শান্তিধামে,
ভক্তিলতাপ্রায় নত হৈয়া ॥
চর্ব্বিত তাম্বূল তব, — লভিব তাহার লব,
অতিশয় প্রীতি সহকারে।
পাদ-প্রক্ষালন-জল, — সুধা-ধারা অনর্গল,
অভিষিক্ত হব লৈয়া শিরে ॥ ৫৩ ॥

ভোজনাবসরে দেবি স্নেহেন স্বমুখাম্বুজাৎ।
মহ্যং ত্বদ্গতচিত্তায়ৈ কিং সুধাং [illegible] প্রদাস্যসি ॥ ৫৪ ॥

ভোজনের অবসরে মোরে স্নেহ করি'।
শ্রীমুখ হইতে সুধা-উচ্ছিষ্ট-মাধুরী ॥
নিজ-পদ-গত-চিত্ত আমারে জানিয়া।
কবে মোর মুখে দিবে কিঙ্করী বলিয়া ॥ ৫৪ ॥

অপি বত রসবত্যাঃ সিদ্ধয়ে মাধবস্য
ব্রজপতিপুরমধ্যে প্রেম্ণি রোমা ব্রজন্তী।
স্খলিতগতিরুদঞ্চৎস্বান্তসৌখ্যেন কিং মে
ক্বচিদপি নয়নাভ্যাং লপ্স্যসে স্বামিনি ত্বং ॥ ৫৫ ॥

কৃষ্ণ লাগি' রন্ধনেতে নন্দের ভবন।
রোমাঞ্চিত-কলেবরে করিবে গমন ॥
উদ্গত হইবে তব মনের আনন্দ।
স্খলিত হইবে গতি যবে মন্দ মন্দ ॥
হে স্বামিনি! হেন দিন হবে কি আমার।
দু' নয়নে সেই লীলা দেখিব তোমার ॥ ৫৫ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

পার্শ্বদ্বয়ে ললিতয়াথ বিশাখয়া চ
স্বাং সর্ব্বতঃ পরিজনৈশ্চ পরৈঃ পরীতাম্।
পশ্চাম্ময়া বিভৃত ভঙ্গুর মধ্যভাগাঃ
কিং রূপমঞ্জরিরিয়ং পথি নেষ্যতীহ ॥ ৫৬ ॥

দুই-পার্শ্বে ললিতা বিশাখা দুইজন।
চৌদিকে বেষ্টিত আর সব সখীগণ ॥
তোমাকে বেড়িয়া আমি যাব পাছে পাছে।
পথশ্রমে ক্ষীণকটি ভাঙ্গি' পড়ে পাছে ॥
শ্রীরূপমঞ্জরী তবে সযত্নে ধরিয়া।
যাবেন কি ব্রজপথে তোমারে লইয়া ॥ ৫৬ ॥

হম্বারবৈরিহ গবামপি বল্লবানাং
কোলাহলৈর্বিবিধবন্দিকলাবতাং তৈঃ।
সম্ভ্রাজতে প্রিয়তয়া ব্রজরাজস্নো-
র্গোবর্দ্ধনাদপি গুরুর্ব্রজবন্দিতাদ্ যঃ ॥ ৫৭ ॥

ব্রজের বন্দিত যেই গিরি-গোবর্দ্ধন।
তার চেয়ে নন্দীশ্বর অতি সুশোভন ॥
কপিলার হম্বারবে সদা মুখরিত।
গোপগণ কোলাহল করে চারিভিত ॥
বন্দীগণ নিরন্তর করে স্তুতি-গান।
ব্রজেন্দ্র-নন্দন কৃষ্ণের অতি রম্যস্থান ॥ ৫৭ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রাপ্তাং নিজপ্রণয়িনী-প্রকরৈঃ পরীতাং
নন্দীশ্বরং ব্রজমহেন্দ্র-মহালয়ং ত্বাম্।
দূরে নিরীক্ষ্য মুদিতা ত্বরিতং ধনিষ্ঠা
ত্বামানয়িষ্যতি কদা প্রণয়ৈর্মমাগ্রে ॥ ৫৮ ॥

সেই নন্দীশ্বরে ব্রজপতির আলয়ে।
নিজ-প্রণয়িনীগণে পরিবৃত হয়ে ॥
উপস্থিত হবে যবে, তোমা দেখি' দূরে।
আগুসরি' ধনিষ্ঠা ধাইবে ত্বরা করে ॥
অতি হৃষ্ট হৈয়া সমাদরে আনি' তবে।
আমার সম্মুখে হায়! বসাইবে কবে ॥ ৫৮ ॥

প্রক্ষাল্য পাদকমলে কুশলে প্রবিষ্টা
নত্বা ব্রজেশমহিষী প্রভৃতির্গুরূস্তাঃ।
হা কুর্ব্বতী রসবতীং রসভাক্ কদা ত্বং
সংমজ্জয়িষ্যসি তরাং সুখ-সাগরে মাং ॥ ৫৯ ॥

ব্রজেন্দ্র-মহিষী-আদি যত গুরুজনে।
নমস্কার করি' আগে সবার চরণে ॥
কোমল চরণপদ্ম প্রক্ষালন করি'।
পাকশালে প্রবিষ্ট হইবে রসভরি ॥
এইরূপে নিজ-লীলা দর্শন করাবে।
সুখের সাগরে মোরে কবে ডুবাইবে ॥ ৫৯ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মাধবায় নতবক্ত্রমাদৃতা
ভোজ্যপেয়-রসসঞ্চয়ং ক্রমাৎ।
তন্বতী ত্বমিহ রোহিণী-করে
দেবি ফুল্লবদনং কদেক্ষ্যসে ॥ ৬০ ॥

ভোজ্য-পেয় রস সব ক্রমেতে করিয়া।
কৃষ্ণসেবা লাগি দেবি! নতমুখী হৈয়া ॥
রোহিণী-দেবীকে দিবে প্রফুল্ল বদনে।
তাহা আমি কবে হায়! হেরিব নয়নে ॥ ৬০ ॥

ভোজনে গুরুসভাসু কথঞ্চি-
ন্মাধবেন নতদৃষ্টিমদোৎকম্।
বীক্ষ্যমাণমিহ তে মুখপদ্মং
মোদয়িষ্যসি কদা মধুরে মাম্ ॥ ৬১

গুরুজন-সনে, বসিয়া ভোজনে,
ব্রজেন্দ্র-নন্দন যবে।
আনতবদনে, অতি সাবধানে
তুয়া মুখ নিরখিবে ॥
সে কটাক্ষ-সদ্ম কৃষ্ণমুখ-পদ্ম
হেরি তব শ্রীবদন।
প্রফুল্ল হইবে হেরি তাহা কবে,
হৃষ্ট হবে মোর মন ॥ ৬১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অয়ি বিপিনমটন্তং সৌরভেয়ীকুলানাং
ব্রজনৃপতিকুমারং রক্ষণে দীক্ষিতং ত্বং।
শিকলমতি জনন্যা লাল্যমানং কদা ত্বং
স্মিত মধুর কপোলং বীক্ষ্যসে বীক্ষ্যমাণা ॥ ৬২ ॥

গো-কুল-রক্ষণ-ব্রত করিয়া গ্রহণ।
সর্ব্বদা বিপিনে যিনি করেন ভ্রমণ ॥
উৎকণ্ঠিতা যশোমতী সদা যাঁর তরে।
লালন পালন করে অতি-স্নেহভরে ॥
সেই সে ব্রজেন্দ্র-সুত তোমারে হেরিয়া।
মৃদুহাস্যোৎফুল্ল হয়ে রহিবে চাহিয়া ॥
তুমিও তাঁহার পানে করিবে ঈক্ষণ।
কবে আমি সেই লীলা করিব দর্শন ॥ ৬২ ॥

গোষ্ঠেশয়াথ কুতুকাচ্ছপথাদিপূর্ব্বং
সুস্নিগ্ধয়া সুমুখি মাতৃপরার্দ্ধতোঽপি।
হা শ্রীমতি প্রিয়গণৈঃ সহ ভোজ্যমানাং
কিং ত্বাং নিরীক্ষ্য হৃদয়ে মুদমত্র লপ্স্যে ॥ ৬৩ ॥

মাতৃকোটী হৈতে স্নিগ্ধা মাতা যশোমতী।
কৌতুকে দিবেন তেঁহো অনেক শপথি ॥
ভোজন করাবে তোমা প্রিয়গণ-সঙ্গে।
লজ্জাবতী হয়ে ভোজন করিবে রঙ্গে ॥
হে সুমুখি! কবে ইহা দর্শন করিব।
আনন্দ-সাগর-মাঝে ডুবিয়া রহিব ॥ ৬৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আলিঙ্গনেন শিরসঃ পরিচুম্বনেন
স্নেহাবলোকন-ভরেণ চ খঞ্জনাক্ষি।
গোষ্ঠেশয়া নববধূমিব লাল্যমানাং
ত্বাং প্রেক্ষ্য কিং হৃদি মহোৎসবমাতনিষ্যে ॥ ৬৪

খঞ্জন-নয়নি ! রাই ! তোমার বদন চাই,
নন্দরাণী অতি স্নেহভরে।
হৃদয়ে চাপিয়া ধরি, মস্তক চুম্বন করি,
নববধূ-প্রায় সমাদরে ॥
পালন করিবে যত, হেরিয়া উল্লাস তত,
মম হৃদি-মাঝে উথলিবে।
এই কৃপা কর মোয়, এই বাঞ্ছা সিদ্ধি হয়,
সেবা দিয়ে চরণে রাখিবে ॥ ৬৪ ॥

হা রূপমঞ্জরি সখি প্রণয়েন দেবীং
ত্বদ্বাহুদত্ত ভুজবল্লরি মায়তাক্ষীম্
পশ্চাদহং কলিত-কামতরঙ্গরঙ্গাং
নেষ্যামি কিং হরিবিভূষিত-কেলিকুঞ্জম্ ॥ ৬৫ ॥

মোরে কৃপা কর সখি ! শ্রীরূপমঞ্জরি !
তব করে প্রীত হ'য়ে, নিজ কর-পদ্ম থুয়ে,
দাঁড়ায়ে যে স্বভাব-সুন্দরী ॥
কমল-আয়ত-আঁখি, কৃষ্ণে আগে নাহি দেখি'
কৃষ্ণপ্রেম-অগাধ-পাথারে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ডুবিয়াছে চিত যাঁর, কবে কৃষ্ণ-অভিসার,
করাইব সেই শ্রীরাধারে ॥
সে কাম-তরঙ্গ-রঙ্গা, কৃষ্ণ-জন্য সদাকাঙ্ক্ষা,
কেলিকুঞ্জে কৃষ্ণের সহিতে।
মিলন করা'ব আমি, এই কৃপা কর তুমি.
আর কিছু নাহি ভায় চিতে ॥ ৬৫ ॥

সাকং ত্বয়া সখি নিকুঞ্জগৃহে সরস্যাঃ
স্বস্যাস্তটে কুসুমভাবিত ভূষণেন।
শৃঙ্গারিতং বিদধতী প্রিয়মীশ্বরী সা
হা হা ভবিষ্যতি মদীক্ষণগোচরঃ কিম্। ৬৬ ॥

শ্রীরূপ মঞ্জরি ! সখি ! মোরে কর দয়া।
তব কৃপা না হইলে, কুঞ্জসেবা নাহি মিলে,
সদা মোরে দেই পদছায়া ॥
রাধাকুণ্ডতীর-শোভা, কুঞ্জগৃহ-মনোলোভা,
তোমা-সহ তাহার মাঝারে।
যবে রাধা মদীশ্বরী, প্রেম-সোহাগেতে ভরি,
প্রাণকান্ত ব্রজেন্দ্র-কুমারে ॥
নানা পুষ্প আভরণে, সাজাইব সযতনে,
যে অঙ্গে যেমন শোভা পায়।
সে রহস্যলীলা কবে, নয়নগোচর হবে,
জীবন সার্থক তবে তায় ॥ ৬৬।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রুত্বা বিচক্ষণমুখাদ্‌ব্রজরাজসূনোঃ
শস্তাভিসার সময়ং সুভগেঽত্র হৃষ্টা।
সূক্ষ্মাম্বরৈঃ কুসুমসংস্কৃতকর্ণপূর-
হারাদিভিশ্চ ভবতীং কিমলঙ্করিষ্যে॥ ৬৭॥

কৃষ্ণ-অভিসার-কাল, শুনিব যখন ভাল,
বিচক্ষণ শুকের বদনে।
তবে অতি হৃষ্ট হ'য়ে, সূক্ষ্ম পট্টশাটী লয়ে,
পরাইব তোমারে যতনে॥
কর্ণপূর রচি' ফুলে, দিব তুয়া কর্ণে তুলে,
গলে দিব কুসুমের হার।
হে দেবি! তোমারে কবে, সাজাইব এইরূপে,
দিয়া হেন পুষ্প-অলঙ্কার॥ ৬৭॥

নানা পুষ্পৈঃ ক্বণিতমধুপৈর্দেবি সংভাবিতাভি-
র্মালাভিস্তদ্‌গুম্ফণ-বিলসৎকাম-চিত্রালিভিশ্চ।
রাজদ্বারে সপদি মদনানন্দদাভিখ্যগেহে
মল্লীজাতৈঃ শশিমুখি কদা তত্র মাকল্পয়ামি॥ ৬৮॥

'মদনানন্দদ' নামে নিকুঞ্জভবন।
ভূষিত করিব কবে তাহার তোরণ॥
মধুপ-গুঞ্জিত চারু পুষ্পমালা দিয়া।
সাজাইব তাহা অতি বিচিত্র করিয়া॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কাম-সন্দীপক বহু চিত্র সুশোভন।
সুগন্ধি কুসুমে পুনঃ করিব অঙ্কন॥
গৃহ-মধ্যে কেলিতল্প মল্লিকা-কুসুমে।
কবে বিরচিব দেবি! কৃষ্ণ-মনোরমে!॥ ৬৮॥

শ্রীরূপমঞ্জরি-করার্চ্চিত-পাদপদ্ম-
গোষ্ঠেন্দ্র-নন্দন-ভুজার্পিত-মস্তকায়াঃ।
হা মোদতঃ কনকগৌরি-পদারবিন্দ-
সম্বাহনানি শনকৈস্তব কিং করিষ্যে॥ ৬৯॥

হে কনকগৌরি! মোর নিবেদন, শুন।
এই কৃপা অঙ্গীকার কর তুমি পুনঃ॥
নিজ-বাহূপরে রাখি' মস্তক তোমার।
শয়ন করিবে যবে ব্রজেন্দ্রকুমার॥
কৃষ্ণপদ-সম্বাহনে শ্রীরূপমঞ্জরী।
সেইকালে হইবেন অধিক আগোরী॥
আমি তব শ্রীচরণ-কমল-যুগলে।
মন্দ মন্দ সম্বাহন করিব কুতূহলে॥ ৬৯॥

গোবর্দ্ধনাদ্রি নিকটে মুকুটেন নর্ম্ম-
লীলাবিদগ্ধশিরসাং মধুসূদনেন।
দানচ্ছলেন ভবতী মবরুধ্যমানাং
দ্রক্ষ্যামি কিং ভ্রুকুটিদর্পিত নেত্রযুগ্মাম্॥ ৭০॥

গোবর্দ্ধন-গিরিতটে, হে কৃষ্ণমোহিনি!
নর্ম্মলীলা-বিদগ্ধের মহাশিরোমণি!

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্রজেন্দ্রনন্দন যবে দানলীলা-ছলে।
তব পথ রোধ করি' দাঁড়ারেন বলে॥
ভ্রূকুটী করিয়া তুমি দর্পিত নয়ানে।
কামশর পূরি' তুমি চাবে তাঁর পানে॥
এ দাসীর প্রতি তুয়া হেন দয়া হবে।
সেই নর্ম্মলীলা আমি নিরখিব কবে॥ ৭০॥

তব তনুবর-গন্ধাসঙ্গি বাতেন চন্দ্রা-
বলিকরকৃতমল্লীং কেলিতল্পাচ্ছলেন।
মধুরমুখি মুকুন্দং কুণ্ডতীরে মিলন্তং
মধুপমিব কদাহং বীক্ষ্য দর্পং করিষ্যে॥ ৭১॥

হে মধুরমুখি! রাধে! ভ্রমর যেমন।
মধুলোভে অন্য-পুষ্পে করয়ে গমন॥
তব অঙ্গগন্ধ-বাহী পবনের ঘ্রাণে।
সেইরূপ কৃষ্ণচন্দ্র আকুলিত-প্রাণে॥
চন্দ্রাবলীকরকৃত-মল্লী-পুষ্পময়।
কেলিতল্প পরিহরি' তব সঙ্গাশয়॥
রাধাকুণ্ডতীরে আসি' মিলিত হইবে।
তা দেখিয়া দর্প * আমি করিব বা কবে॥ ৭১॥

* মদীয় স্বামিনী শ্রীরাধা বিনা শ্রীকৃষ্ণ অন্যের সঙ্গে ক্ষণমাত্রও থাকিতে পারেন না। অতএব "শ্রীকৃষ্ণ আমাদেরই" এইরূপ দর্প বুঝিতে হইবে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সমন্তাদুন্মত্ত ভ্রমরকুলঝঙ্কারনিকরৈ-
র্লসৎ পদ্মস্তোমৈরপি বিহগরাবৈরপি পরম্।
সখীবৃন্দৈঃ স্বীয়ৈঃ সরসিজমধুরে প্রাণপতিনা
কদা ত্বৎকাসারে শশিমুখি নবং কেলি-নিবহম্॥ ১২ ॥

হরি ! হরি ! হেন ভাগ্য হবে কি আমার।
কবে তুয়া কুণ্ড, রাধে ! হেরিব গো মনোসাধে,
অনুপম শোভার আধার ॥
সরসির চারি ধারে, ভ্রমর ঝঙ্কার করে,
ফুটিয়াছে কমলনিকর।
শোভাময় চারি কূল, নানাবিধ পক্ষীকুল,
কলরব করে নিরন্তর ॥
সখীগণ-সহ রঙ্গে, প্রাণপতি-কৃষ্ণ-সঙ্গে,
নব নব ক্রীড়া তার তীরে।
হেন ভাগ্য মোর হবে, দর্শন করিব কবে,
পরশিব তার পূত নীরে ॥ ১২ ॥

সরোবর-সমন্তটে মধুপগুঞ্জি-কুঞ্জান্তরে
স্ফুটৎ কুসুমসঙ্কুলে বিবিধপুষ্পসংঘৈর্মুদা।
অরিষ্টজয়িনা কদা তব বরোরু ভূষাবিধি-
র্বিধাস্যত ইহ প্রিয়ং মম সুখাব্ধি শীতস্বতা ॥ ১৩ ॥

তব সরোবর-তীরে, অলি-গুঞ্জি-কুঞ্জান্তরে,
ফুটিয়াছে কুসুম-নিকর।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অরিষ্ট-বিজয়ী কৃষ্ণ, যবে তাহা লয়ে হৃষ্ট,
বিরচিবে ভূষণ সুন্দর ॥
সে ভূষণ দিয়া তোমা, সাজাইবে মনোরমা,
হেরিব গো থাকি' কুঞ্জদ্বারে ।
কবে দিয়া পদছায়া, করিবেন এই দয়া,
ভাসাইবে প্রেমের পাথারে ॥ ৭৩ ॥

স্ফীতিং প্রাপ্তঃ কয়াচিৎ সরভসমচিরেণার্প্যমাণৈর্দরোদ্য-
ন্নানা পুষ্পোরুগুঞ্জাফল নিকরলসৎ কেকিপিঞ্ছ প্রপঞ্চৈঃ ।
সোৎকম্পং রচ্যমানঃ কৃতরুচিহরিণোৎফুল্লমঙ্গং বহন্ত্যাঃ
স্বামিন্যাঃ কেশপাশঃ কিমু মম নয়নানন্দমুচ্চৈর্বিধাতা ॥ ৭৪ ॥

আধ বিকশিত নানা কুসুমনিকর ।
নবগুঞ্জামালা শিখিপুচ্ছ মনোহর ॥
কোন সখী তাহা লয়ে প্রফুল্ল অন্তরে ।
সরভস পুলক-বিবশ কলেবরে ॥
কৃষ্ণ-করে অবিলম্বে করিবে অর্পণ ।
সমাদরে লয়ে তাহা ব্রজেন্দ্র-নন্দন ॥
শ্রীরাধার কেশ-পাশ করিবে ভূষিত ।
কান্তা-স্পর্শসুখ-হেতু হবে উৎকম্পিত ॥
তাহাতে উৎফুল্ল চিত্ত হবে শ্রীরাধার ।
স্বামিনীর সেই কেশ-কান্তি চমৎকার ॥
কতদিনে আমি হায়! হেরিব নয়ানে ।
কবে বা ডুবিবে প্রাণ আনন্দ-তুফানে ॥ ৭৪ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মাধবং মদনকেলি-বিভ্রমে
মত্তয়া সরসিজেন ভবত্যা।
তাড়িতং সুমুখি বীক্ষ্য কিঞ্চিয়ং
গূঢ়হাস্যবদনা ভবিষ্যতি ॥ ৭৫ ॥

কন্দর্প-কেলি-বিভ্রমে প্রমত্ত হইয়া।
তাড়না করিবে কৃষ্ণে লীলাপদ্ম দিয়া ॥
সে রহস্যলীলা হেরি' অন্য-সখী-সনে।
গূঢ় হাস্যমুখী হব কবে সুবদনে ॥ ৭৫ ॥

সুললিত নিজ বাহ্বাশ্লিষ্ট গোষ্ঠেন্দ্রসূনোঃ
সুবলিত তববাহ্বাশ্লিষ্ট-গ্রীবায়তাং সা।
মধুর মদন-গানং তম্বতী তেন সার্দ্ধং
সুভগমুখি মুদং মে হা কদা দাস্যসি ত্বং ॥ ৭৬ ॥

তব বাহুযুগ মরি! অতি সুললিত।
ব্রজেন্দ্রনন্দন তাহে হ'য়ে আলিঙ্গিত ॥
নিজ সুললিত বাহু করিলে অর্পণ।
আনত হইবে তব স্কন্ধ সুশোভন ॥
মধুর মদন-গান কৃষ্ণের সহিতে।
শুনায়ে সুমুখি! কবে সুখ দিবে চিতে ॥ ৭৬ ॥

জিত্বা পাশক-খেলায়ামাচ্ছিদ্য মুরলীং হরেঃ।
ক্ষিপ্তাং ময়ি ত্বয়া দেবি গোপয়িষ্যামি তাং কদা ॥ ৭৭ ॥

কৃষ্ণে পরাজিত করি' পাশক-খেলায়।
বলে হরি' নিলে তাঁর মুরলী ত্বরায় ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আমাকে ইঙ্গিত করি' করিবে ক্ষেপণ।
করে তাহা লয়ে দেবি! করিব গোপন ॥ ৭৭ ॥

অপি সুমুখি কদাহং মালতীকেলিতল্পে
মধুরমধুরগোষ্ঠীং বিভ্রতীং বল্লভেন।
মনসিজসুখদেঽস্মিন্মন্দিরে স্মেরগণ্ডাং
সপুলকতনুরেষা ত্বাং কদা বীজয়ামি ॥ ৭৮ ॥

'কন্দর্প-সুখদ' এই মন্দির ভিতরে।
মালতী-কুসুম-কৃত কেলিতল্পোপরে ॥
হে সুমুখি! যবে তুমি শ্রীকৃষ্ণের সনে।
মধুর-মধুর গোষ্ঠী করিবে হৃষ্টমনে ॥
সে সময় আমি কবে পুলকাঙ্গী হয়ে।
চামর-ব্যজন তোমা করিব দাঁড়ায়ে ॥ ৭৮ ॥

আয়াতোদ্যৎকমলবদনে হন্ত লীলাভিসারা-
দ্গত্যাটোপৈঃ শ্রমবিলুলিতং দেবি পাদাব্জযুগ্মং।
স্নেহাৎ সম্বাহয়িতুমপি হ্রী-পুণ্যমূর্ত্তেঽপ্যলজ্জং
নামগ্রাহং নিজজনমিমং হা কদা নোৎস্যসি ত্বং ॥ ৭৯ ॥

লীলা-অভিসার-হেতু চঞ্চলগমন।
তাহাতে ব্যথিত তব যুগলচরণ ॥
হে দেবি! রাধিকে! তব শ্রীমুখকমল।
শ্রম-জন্য স্বেদজলে করে ঢল ঢল ॥
লজ্জামূর্ত্তি হৈয়া তুমি অলজ্জের প্রায়।
স্নেহবশে নাম ধরি' ডাকিবে আমায় ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সে সময় কবে তব পাদ-সম্বাহনে।
নিয়োজিবে মোরে হায়! নিজ-জন-জ্ঞানে ॥ ৭৯ ॥

হা নপ্তি্ রাধে তব সূর্য্যভক্তেঃ
কালঃ সমুৎপন্ন ইতঃ কুতোঽসি।
ইতীব রোষান্মুখরা লপন্তী
সুধেব কিং মাং সুখয়িষ্যতীহ ॥ ৮০ ॥

"হা নাতিনি! রাধিকে গো! তুমি আছ কোথা।
সূর্য্যপূজার কাল তব, বহে যায় হেথা॥"
ক্রোধ করি' মুখরা ডাকিবে আসি' তোমা।
সুধাপ্রায় সিঞ্চন করিবে কি আমা॥
সূর্য্যপূজাছলে তোমা মিলাব গোবিন্দে।
এই অভিলাষে মোর বাড়িবে আনন্দে ॥ ৮০ ॥

দেবি ভাষিত পীযূষং স্মিতকর্পূরবাসিতম্।
শ্রোত্রাভ্যাং নয়নাভ্যাং তে কিং নু সেবিষ্যতে ময়া ॥ ৮১ ॥

হে দেবি। বচন তব অমৃতলহরী।
স্মিত-কর্পূরে তার সুগন্ধি মাধুরী॥
শ্রবণে নয়নে কবে করিব সেবন।
দিবানিশি সুধামুখি! এই আকিঞ্চন ॥ ৮১ ॥

কুসুমচয়নখেলাং কুর্ব্বতী ত্বং পরীতা
রসকুটিল সখীভিঃ প্রাণনাথেন সার্দ্ধং
কপট কলহ কেল্যা কাপি রোষেণ ভিন্না
মম সুদমতিনেলং ধাস্যসে সুব্রতে কিম্॥ ৮২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হা দেবি! রাধিকে! কবে হেন দিন হবে।
অতিশয় সুচতুরা, রসকুটীলতাভরা,
সখীগণে সুবেষ্টিত রবে॥
কুসুমিত বৃন্দাবনে, প্রাণনাথ-কৃষ্ণ-সনে,
কুসুম-চয়ন-খেলা-ছলে।
কপট কলহ করি, নিজ-ভাব পরিহরি,
রোষভরে যাবে দূরে চলে॥
সেই ভাবলীলা, মরি! জীবন সফল করি,
হেরিব কবে গো সুনয়নে।
আনন্দ-সাগর-নীরে, ডুবাইবে কবে মোরে,
রাখিবে গো আপন-চরণে ॥ ৮২ ॥

নানাবিধৈঃ পৃথুলকাকুভরৈরসংখ্যৈঃ
সংপ্রার্থিতঃ প্রিয়তয়া তব মাধবেন।
ত্বন্মানভঙ্গবিধয়ে সদয়ে জনোঽয়ং
ব্যগ্রঃ পতিষ্যতি কদা ললিতাপদাগ্রে ॥ ৮৩ ॥

তোমার দুর্জ্জয় মান, ভঞ্জন করিতে কান,
কাতর-বিনয়-সহকারে।
সাধিবে তোমারে কত, ধিক্ প্রাণে মানি শত,
করিবেন প্রার্থনা আমারে॥
"হে রতিমঞ্জরি! তোরে, কহি গো শপথ ক'রে,
আজি মোর অপরাধ নাই।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তথাপি আমার প্রতি, তোমার স্বামিনী অতি,
রুষ্টা হৈলা, না জানি কি চাই ॥
হায় ! হায় ! মোর প্রতি, কে এমন স্নেহবতী,
মিলাইয়া দিবে তার সঙ্গ ॥"
এই কথা শুনি' কানে, ব্যগ্র করে হ'ব প্রাণে
করিতে তোমার মান ভঙ্গ ॥
ললিতার পদ ধরি', কহিব বিনয় করি',
জানাইব কৃষ্ণের বেদন।
সদয়া হইয়া তবে, মোর মুখ-পানে চাবে,
হরষিত রবে মোর মন ॥ ৮৩ ॥

প্রীত্যা মঙ্গলগীতনৃত্য বিলসদ্বীণাদি বাদ্যোৎসবৈঃ
শুদ্ধানাং পয়সাং ঘটৈ র্বহুবিধৈঃ সংবাসিতানাং ভৃশম্।
বৃন্দারণ্য মহাধিপত্য বিষয়ে যঃ পৌর্ণমাস্যা স্বয়ং
ধীরে সংবিহিতঃ স কিং তব মহাসেকো ময়া দ্রক্ষ্যতে ॥৮৪॥

হায়! মোর হেন ভাগ্য হবে কত দিনে।
হে ধৈর্য্যশালিনি রাধে ! এই মোর মনঃ-সাধে,
তব অভিষেকোৎসব হেরিব নয়নে ॥
বাজিবে মঙ্গল বাদ্য, বেণু বীণা মুরজাদ্য,
নৃত্য-গীত হবে মনোহর।
সুবাসিত শুদ্ধ বারি, ঘট সব পূর্ণ করি',
পৌর্ণমাসী স্বয়ং তৎপর ॥
অতিশয় প্রীত হৈয়া, তব অভিষেক-ক্রিয়া,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

করিবে সযত্নে সম্পাদন।
বৃন্দাবন-মহারাণি! হেরিয়া কবে গো আমি,
সফল মানিব এ জীবন ॥ ৮৪ ॥

ভ্রাত্রা গোবৃতমত্র মঞ্জুবদনে স্নেহেন দত্তালয়ং
শ্রীদাম্না কৃপণাং প্রতোষ্য জটিলাং রক্ষাখ্যরাকাক্ষণে।
নীতায়াঃ সুখশোকরোদনভরৈস্তে সংদ্রবন্ত্যাঃ পরং
বাৎসল্যাজ্জনকৌ বিধাস্যত ইতঃ কিং লালনাং স্নেহতঃ ॥৮

হে রাধে! হে সুবদনে! রাখী-পূর্ণিমার দিনে,
তব ভ্রাতা শ্রীদাম আসিয়া।
সে কৃপণা জটিলারে, গো-অযুত দান করে,
সমাদরে তাঁহারে তুষিয়া ॥
আপন-আলয়ে যবে, তোমারে লইয়া যাবে,
অতিশয় স্নেহাদর করি'।
তথা বহুদিন পরে, মাতাপিতা দোঁহে হেরে,
অন্তরেতে সুখ উঠে ভরি ॥
কিন্তু দীর্ঘকাল ধরে, থাকিয়া শ্বশুর-ঘরে,
মনোমধ্যে দুঃখ অতিশয়।
হর্ষ-শোকে সেইকালে, ভাসিবে নয়নজলে,
দ্রবীভূত হইবে হৃদয় ॥
তবে অতি-স্নেহবশে, তব মাতাপিতা এসে,
করিবেন সযত্নে লালন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

'রোদন সম্বর' বলে, নিজে ভাসি আঁখিজলে,
মুছাইবে তোমার বদন ॥
নিকটে থাকিয়া হায়, সেই লীলা-সমুদায়,
নেহারিব, মনে অভিলাষ।
কবে সে করুণা হবে, এই সুখ মোরে দিবে,
বাড়াইবে অপার উল্লাস ॥ ৮৫ ॥

লজ্জয়ালি পুরতঃ পরতো মাং
গহ্বরং গিরিপতের্বত নীত্বা।
দিব্যগানমপি তৎ স্বরভেদং
শিক্ষয়িষ্যসি কদা সদয়ে ত্বং ॥ ৮৬ ॥

দিব্য-গীতি-কলা শিখি, তব অভিলাষ।
আমি লজ্জাবতী অতি, সখীগণ-পাশ ॥
তাহা হেরি' হে সদয়ে! করুণা করিয়া।
গোবর্দ্ধন-গিরি-কন্দরেতে লৈয়া গিয়া ॥
আগ্রহ করিয়া কবে মোরে শিখাইবে।
এমন সৌভাগ্য হায়! কত দিনে হবে ॥ ৮৬ ॥

যাচিতা ললিতয়া কিল দেব্যা
লজ্জয়া নতমুখীং গণতো মাং।
দেবি দীব্য রসকাব্য কদম্বং
পাঠয়িষ্যসি কদা প্রণয়েন ॥ ৮৭ ॥

শ্রীললিতা আমারে দেখিয়া লজ্জাবতী।
নিবেদিবে তোমারে করুণা করি' অতি ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কবে দেবি! গণিয়া আমারে নিজগণে।
দিব্য-রস-কাব্য-কলা পঢ়াবে যতনে ॥ ৮৭ ॥

নিজকুণ্ডতটীকুঞ্জে গুঞ্জদ্ভ্রমরসঙ্কুলে।
দেবি ত্বং কচ্ছপী-শিক্ষাং কদা মাং কারয়িষ্যসি ॥ ৮৮॥

তব কুণ্ডতট-কুঞ্জ পরম সুন্দর।
পুষ্প সব বিকসিত, গুঞ্জরে ভ্রমর ॥
কবে দেবি! সেই কুঞ্জ-কুটীর মাঝারে।
কৃপা করি' বীণা শিক্ষা করাবে আমারে ॥ ৮৮ ॥

বিহারে ত্রুটিতং হারগুম্ফিতুং দয়িতং কদা।
সখীনাং লজ্জয়া দেবি সংজ্ঞয়া মাং নিদেক্ষ্যসি ॥ ৮৯ ॥

কন্দর্প-লীলায় তব ছিন্ন প্রিয়-হার।
কবে মোরে আজ্ঞা হবে তাহা গাঁথিবার ॥
সখীগণ-আগে তুমি লজ্জাবতী হবে।
ইঙ্গিতে আমারে দেখি! নিদেশ করিবে ॥ ৮৯ ॥

স্বমুখান্মমুখে দেবি কদা তাম্বূলচর্ব্বিতম্।
স্নেহাৎ সর্ব্বদিশো বীক্ষ্য সময়ে ত্বং প্রদাস্যসি ॥ ৯০॥

অনভিজ্ঞ জন পাছে করে দরশন।
এই হেতু সর্ব্ব দিক্ করি' নিরীক্ষণ ॥
যথাকালে লয়ে নিজ-চর্ব্বিত তাম্বূলে।
কবে স্নেহবশে মোর মুখে দিবে তুলে ॥ ৯০ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিবিড়মদন-যুদ্ধে প্রাণনাথেন সার্দ্ধং
দয়িত শিথিল কাঞ্চী যা মদাদ্বিস্মৃতাসীৎ ।
শশিমুখি সময়ে তাং হন্ত সন্তান্য ভঙ্গ্যা ।
ত্বরিতমিহ তদর্থং কিং ত্বয়াহং প্রহেয়া ॥ ৯১ ॥

হে রাধিকে ! প্রাণনাথ কৃষ্ণ সহ যবে ।
নিবিড় মদন-যুদ্ধ উপস্থিত হবে ॥
তাহে প্রিয় কাঞ্চী তব হইবে স্খলিত ।
প্রেমদর্পে লৈতে তাহা হইবে বিস্মৃত ॥
পুনঃ পরিধান-কালে করি' অন্বেষণ ।
কোন স্থানে শশিমুখি ! না পাবে যখন ॥
তখন তুমি গো তার অন্বেষণে কবে ।
ভঙ্গী করি' শীঘ্র মোরে প্রেরণ করিবে ॥ ৯১ ॥

কেনাপি দোষ লবমাত্র লবেন দেবি
সন্তাড্যমান ইহ ধীরমতে ত্বয়োচ্চৈঃ ।
রোষেণ তত্র হরিতা কিল নীয়মানঃ
সংরক্ষ্যতে কিমু মনাক্ সদয়ৈঃ জনোঽয়ম্ ৯২ ॥

হে ধৈর্য্যশালিনি ! রাধে ! এ ব্রজমণ্ডল মধ্যে,
অতি-অল্প দোষের কারণ ।
অতিশয় রোষভরে ধরিয়া আনিয়া মোরে,
করিবে গো অতি সন্তাড়ন ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

জানিয়া তোমার গুণ, ললিতা আমারে পুনঃ
লয়ে যবে তোমারে সকাশে।
না রহিবে রোষ তবে, তব কৃপাদৃষ্টি হবে,
পূরিবে গো মম অভিলাষে ॥ ৯২ ॥

তবৈবাস্মি তবৈবাস্মি ন জীবামি ত্বয়া বিনা।
ইতি বিজ্ঞায় দেবি ত্বং নয় মাং চরণান্তিকম্॥ ৯৩ ॥

জীবনে-মরণে নিতি, তুমি সে আমার গতি,
আমি তোমারি রাধে! তোমারি।
তোমা বিনা এ জীবন, বুঝিলাম অকারণ,
ভার-মাত্র বহি' সদা ফিরি॥
ইহা জানি' কবে মোরে, দাসী অঙ্গীকার করে,
নিজ-পাদপদ্মে দিবে স্থান।
সে স্নিগ্ধ চরণ-ছায়, কবে বা জুড়াব হায়!
এই মোর তাপিত পরাণ ॥ ৯৩ ॥

স্বকুণ্ডং তব লোলাক্ষি সপ্রিয়ায়াঃ সদাস্পদম্
অত্রৈব মম সংবাস ইহৈব মম সংস্থিতিঃ ॥ ৯৪ ॥

চঞ্চল-নয়নি রাই! এই ভিক্ষা তোমা' চাই,
এই মোর মনের বাসনা।
তব কুণ্ড অতি সান্দ্র, প্রেম-বিলাসের কেন্দ্র,
এই স্থানে করিয়া করুণা॥
বাস মোরে দিবে নিতি, নিত্য মোর হবে স্থিতি,
কুতূহলে রহিব পড়িয়া।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রিয় নর্ম্ম সখী সনে, প্রেম-লীলা-দরশনে,
আনন্দে ভাসিবে কবে হিয়া ॥ ৯৪ ॥

হে শ্রীসরোবর সদা ত্বয়ি সা মদীশা
প্রেষ্ঠেন সার্দ্ধমিহ খেলতি কামরঙ্গৈঃ।
ত্বঞ্চেৎ প্রিয়াৎ প্রিয়মতীব তয়োরিতীমাং
হা দর্শয়াদ্য কৃপয়া মম জীবিতং তাং ॥ ৯৫ ॥

ওহে রাধাকুণ্ড! মোর শুন নিবেদন।
তোমার পুলিনে রাধা-ব্রজেন্দ্র-নন্দন ॥
প্রেমরঙ্গে কত ক্রীড়া করে নিরন্তর।
শ্রীরাধার প্রিয় তুমি কৃষ্ণ-প্রিয়তর ॥
অতএব সেই মোর জীবন-ঈশ্বরী।
শ্রীরাধারে দর্শন করাও কৃপা করি ॥ ৯৫ ॥

ক্ষণমপি তব সঙ্গং ন ত্যজেদেব দেবী
ত্বমসি সমবয়স্ত্বান্নর্ম্ম ভূমির্যদস্যাঃ।
ইতি সুমুখি বিশাখে দর্শয়িত্বা মদীশাং
মম বিরহহতায়াঃ প্রাণরক্ষাং কুরুষ্ব ॥ ৯৬ ॥

হে বিশাখে দেবি! নর্ম্মভূমি রাধিকার।
সম-বয়ঃ-হেতু সঙ্গ না ছাড়ে তোমার ॥
বিরহ-কাতরা আমি মোরে দয়া করি।
দর্শন করাও সেই প্রাণের ঈশ্বরী ॥
হে সুমুখি! তব কৃপা সমধিক জানি।
দেখাইয়া শ্রীরাধারে বাঁচাও পরাণি ॥ ৯৬ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

হা নাথ গোকুল-সুধাকর সুপ্রসন্ন-
বক্ত্রারবিন্দ মধুরস্মিত হে কৃপার্দ্র।
যত্র ত্বয়া বিহরতে প্রণয়ৈঃ প্রিয়ারা-
ত্তত্রৈব মামপি নয় প্রিয়সেবনায় ॥ ৯৭ ॥

হা নাথ গোবিন্দ! গোকুলের সুধাকর।
কৃপা-দৃষ্টিপাত কিছু কর আমা'পর ॥
হে মধুর-স্মিত! ফুল্ল-কমল-বদন!
সুপ্রসন্ন দেখি তোমা' লইনু শরণ ॥
প্রিয়তমা রাধিকার সহ যেই স্থানে।
বিহর' প্রণয়ভরে সদা হৃষ্টমনে ॥
তথায় লহ মোরে আপন করিয়া।
মোর বাঞ্ছা সিদ্ধি কর প্রিয়-সেবা দিয়া ॥ ৯৭ ॥

লক্ষ্মী র্যদঙ্ঘ্রি কমলস্য নখাঞ্চলস্য
সৌন্দর্য্য বিন্দুমপি নার্হতি লব্ধুমীশে।
সা ত্বং বিধাস্যসি ন চেন্মম নেত্রদানং
কিং জীবিতেন মম দুঃখদবাগ্নিদেন ॥ ৯৮ ॥

হে ঈশ্বরি! নিবেদি চরণে।
পাদপদ্ম-নখ তব, তার কান্তি-কণা-লব,
কমলাও না পায় ধেয়ানে ॥
সেই প্রিয়-পদ-সেবা, সেই ধন মোরে দিবা,
পুনঃ মোরে দেহ চক্ষুঃ দান।

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

তব রূপ-লীলা হেরি,   জীবন সার্থক করি,
ইহা বই নাহি ভিক্ষা আন ॥
যদি কৃপা নাহি করো,   তবে প্রাণ নাহি ধরোঁ,
কেন ভার বহি অকারণ।
নানা-দুঃখ-দাবানলে,   দিবানিশি হিয়া জ্বলে,
তার চেয়ে মঙ্গল মরণ ॥ ৯৮ ॥

আশাভরৈরমৃতসিন্ধুময়ৈঃ কথঞ্চিৎ
কালো ময়াতিগমিতঃ কিল সাম্প্রতং হি।
ত্বঞ্চেৎ কৃপাং ময়ি বিধাস্যসি নৈব কিং মে
প্রাণৈর্ব্রজেন চ বরোরু বকারিণাপি ॥ ৯৯ ॥

অতিশয় আশাভরে,   অমৃতের পারাবারে,
এতকাল করিনু যাপন।
যদি কোন ক্লেশ পাই,   তোমার করুণা চাই,
ক্ষণতরে না করি গণন ॥
কিন্তু হে বরোরু রাধে!   আমার এই মনঃসাধে,
যদি না পূরাও কৃপা করি'।
তবে প্রাণে, ব্রজবাসে,   এই শ্যাম পীতবাসে,
প্রয়োজন কি আছে আমারি ॥ ৯৯ ॥

ত্বঞ্চেৎ কৃপাময়ি কৃপাং ময়ি দুঃখিতায়াং
নৈবাতনোষ্যতিতরাং কিমিহ প্রলাপৈঃ।
ত্বৎকুণ্ডমধ্যমপি তদ্বহ্যালমেব
সংসেব্যমানমপি কিং নু করিষ্যতীহ ॥ ১০০ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

শুন, শুন কৃপাময়ি রাই !
এ দীন দুঃখিনী জনে, যদি কৃপাকণা-দানে,
নাহি তুষ' ক্ষণ মুখ চাই॥
তবে এ প্রলাপ-গাথা, নিশ্চয় হইবে বৃথা,
যেন নিত্য অরণ্যে রোদন।
তব কুণ্ড-মধ্যভাগে, অতি-প্রেম-অনুরাগে,
এতকাল করিনু সেবন॥
তাহে কি করিবে, হায় ! তুমি যদি ঠেল পায়,
সকলি হইবে অকারণ।
মো-হেন অধম জনে, কর কৃপা নিজগুণে,
অকপটে লইনু শরণ ॥১০০॥

অয়ি প্রণয়শালিনি প্রণয়পুষ্ট দাস্যাপ্তয়ে
প্রকামমতিরোদনৈঃ প্রচুর দুঃখ দগ্ধাত্মনা।
বিলাপ-কুসুমাঞ্জলি হৃদি নিধায় পাদাম্বুজে
ময়া বত সমর্পিত স্তব তনোতু তুষ্টিং মনাক্ ॥ ১০১ ॥

প্রণয়-শালিনি অয়ি ! হে রাধে ! হে কৃপাময়ি !
দিবানিশি পুড়ি দুঃখানলে।
প্রীতি-পুষ্ট তব দাস্য, এই মোর অভিলাষ,
কবে মোরে দিবে, দাসী ব'লে ?
প্রাণের প্রলাপগুলি, রচিয়া কুসুমাঞ্জলি,
তুয়া পদে করিনু অর্পণ।
ক্ষণেকের তরে তব, হয় যদি তুষ্টি লব,
কৃতার্থ হইবে এ জীবন ॥ ১০১ ॥

ইতি শ্রীবিলাপকুসুমাঞ্জলি স্তবঃ সমাপ্তঃ ॥ • ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Rublic Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi